HAPPY NEW YEAR 2023

বর্ষ ০২। সংখ্যা ০৭। জানুয়ারি ২০২৩

সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

# গ্লোবাল অ্যাফেয়ার্স

৯৬ পৃষ্ঠা ২০ টাকা



বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস

বঙ্গবন্ধুর উক্তির বিশ্ব স্বীকৃতি



মেট্রোরেল গণপরিবহণে নতুন দিগন্ত

SMART BANGLADESH

SMART EDUCATION
SMART TRANSPORT
SMART HEALTHCARE
SMART COMMERCE
SMART AGRICULTURE

সালতামামি ২০২২

বিসিএস প্রস্তুতি
৪১ ও ৪৩তম Real ভাইভা
৪৫তম প্রিলিমিনারি ENGLISH

চাকরি আয়োজন
চাকরি পরীক্ষার কমন প্রশ্ন
Bank Job Model Test
লিখিত পরীক্ষার মডেল টেস্ট

Recent Job Solution
সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা
বাংলাদেশ ব্যাংকের অফিসার জেনারেল
বাংলাদেশ রেলওয়ের খালাসী
দুদক-এর কোর্ট পরিদর্শক
বিষয়ভিত্তিক বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি
মেডিকেল ও ডেন্টাল কলেজ ভর্তি টিপস

জাপানের নতুন প্রতিরক্ষা কৌশল

দেশ পরিচিতি মরক্কো

COP-15 জীববৈচিত্র্য রক্ষায় ঐতিহাসিক চুক্তি



আলোচিত-সমালোচিত ইরানের নীতি পুলিশ

FIFA WORLD CUP Qatar2022



সাহিত্য জিজ্ঞাসা মাইকেল মধুসূদন দত্ত



চ্যাম্পিয়ন মেসির আর্জেন্টিনা

জানুয়ারি পরিক্রমা

জেলা পরিচিতি। ম্যাথঘর
English Language Lab

গ্লোবাল অ্যাফেয়ার্স • জানুয়ারি ২০২৩ • দাম ২০ টাকা

বর্ষ ০২। সংখ্যা ০৭। জানুয়ারি ২০২৩

# গ্লোবাল অ্যাফেয়ার্স

সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

নতুন বছরের শুভলগ্নে আমাদের প্রিয় পাঠক-লেখক-গ্রাহক-হকার-বিক্রেতা-এজেন্ট ও শুভানুধ্যায়ীসহ সংশ্লিষ্ট সবার প্রতি রইল নতুন বছরের

**শুভেচ্ছা ও অভিনন্দন**

## স্বাগত ২০২৩ বিদায় ২০২২

অনন্ত বহমান কালের পরিক্রমায় হারিয়ে গেল আরেকটি বছর, এলো নতুন বছর ২০২৩। নতুন বছর মানেই নতুন দিনের প্রেরণা, নতুনভাবে জেগে ওঠা, নব উদ্যমে নতুন স্বপ্নের পসরা সাজিয়ে জীবনকে রাঙিয়ে তোলা। পাশাপাশি বিগত বছরের কর্ম পর্যালোচনা করে, ভুলকে শুধরে আগামী দিনের জন্য নতুন স্বপ্ন-সংকল্প ও নব প্রেরণায় উজ্জীবিত হয়ে জীবন শুরু করা।

বাংলাদেশ ও আন্তর্জাতিক পরিমণ্ডলে নানা ঘটনায় জমজমাট ছিল ২০২২। কালের পরিক্রমায় এর অনেকটাই হারিয়েছে, কিছুটা হয়েছে বিস্মৃত আর কিছু রয়ে গেছে প্রাণবন্ত। ঘটে যাওয়া অজস্র ঘটনাবলি থেকে সারা বছরের রাজনীতি-অর্থনীতি, বিজ্ঞান-প্রযুক্তি, শিল্প-সাহিত্য-সংস্কৃতি, খেলাধুলার আলোচিত-সমালোচিত বিষয়ের নির্যাস সংকলন নিয়ে এ সংখ্যার বিশেষ আকর্ষণ **সালতামামি ২০২২ : বাংলাদেশ ও বিশ্ব**।

শেষ হয়েছে বিশ্ব কাঁপানো ফুটবলের মহোৎসব বিশ্বকাপ ২০২২। নাটকীয়তা আর উত্তেজনায় ভরা এবারের বিশ্বকাপে ৩৬ বছর পরে শিরোপা লাভ করে আর্জেন্টিনা। সর্বকালের সেরা ফুটবলার লিওনেল মেসির নেতৃত্বে আর্জেন্টিনা দলকে অভিনন্দন। মধ্যপ্রাচ্যে আয়োজিত প্রথম এ বিশ্বকাপের সবকিছুর পাশাপাশি বিশ্বকাপ ইতিহাসের আপডেট তথ্য নিয়ে রয়েছে আমাদের বিশেষ আয়োজন। এছাড়া নিয়মিত আয়োজন, নিয়োগ ও ভর্তি বিষয়ক প্রস্তুতি, প্রশ্ন সমাধান এবং সাম্প্রতিক অন্যান্য বিষয়তো রয়েছেই।

ইংরেজি নববর্ষ ২০২৩ আমাদের জীবনে অগ্রগতি ও সমৃদ্ধি বয়ে আনুক। উদ্ভাসিত হোক সজীব-সবুজ নতুনতর দিনের, মুছে যাক সব না পাওয়ার গ্লানি, হৃদয়ে জাগুক নতুন বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়-এ প্রত্যাশায়। আল্লাহ হাফেজ।

**সম্পাদক**
মাহমুদুল হাসান

**নির্বাহী সম্পাদক**
জাহিদ মাহমুদ

**সহযোগী সম্পাদক**
জাকির হোসেন খোকন

**সহকারী সম্পাদক**
বুলবুল আহমেদ

**বিভাগীয় সম্পাদক**
মোশারফ হোসেন প্রান্ত
রোকনুজ্জামান তুহিন
মিজানুর রহমান

**শিল্প নির্দেশক**
আজহার ফরহাদ

**গ্রাফিক ডিজাইন**
মো. মনির হোসেন লিটন

**বর্ণবিন্যাস**
মোসলেম উদ্দিন, খোরশেদ আলম
রাজু আহমেদ

**পরিবেশক**
নিউটন পাবলিকেশন্স
৩৭ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার
ঢাকা ১১০০।
ফোন : ০১৯৩৯ ৯১৯ ১৬৫
০১৯৩৮ ৮৫৫ ৯৩৭

**দাম : ২০ টাকা**

www.globalaffairs.com.bd
facebook.com/myglobalaffairs
facebook.com/groups/myglobalaffairs
info@globalaffairs.com.bd

*প্রকাশক **মাহমুদুল হাসান** কর্তৃক নোভা টাওয়ার-৩, ২/১ নয়া পল্টন ঢাকা থেকে প্রকাশিত এবং প্রিন্ট ওয়ার্কস, ঢাকা থেকে মুদ্রিত। যোগাযোগ : গ্লোবাল অ্যাফেয়ার্স, জামান টাওয়ার (৩য় তলা), ৩৭/২ কালভার্ট রোড, পুরানা পল্টন, ঢাকা ১০০০।*
*ঘোষণা নং : ০৫.৪১.২৬০০.০২৫.৫৩.১০৯.২২ (তারিখ : ২৩.১১.২০২২)*

**প্রধান উপদেষ্টা**

আলহাজ মো. শহিদুল ইসলাম

**আইন উপদেষ্টা**

ব্যারিস্টার মাহিন এম. রহমান

এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট

**সমন্বয়ক ও পরামর্শক**

মো. আজহারুল ইসলাম ফরাজি

মুরাদ হাসান খুরশীদ

আজহার বিন ফরহাদ

## STRATEGICAL & TECHNICAL TEAM

মো. আবদুস সালাম
উপপরিচালক (প্রশাসন)
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ব্যানবেইস

মো. ফজলুল হক
বিসিএস (শিক্ষা), সহযোগী অধ্যাপক, ইংরেজি
কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজ

মো. শফিকুল ইসলাম
বিসিএস (শিক্ষা), সহযোগী অধ্যাপক, বাংলা
ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনা

মুহাম্মদ আরিফুল ইসলাম
উপপরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

মোহাম্মদ ছানোয়ার হোসাইন
বিসিএস (শিক্ষা), প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান
সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর

মো. হান্নান মিয়া
বিসিএস (শিক্ষা), প্রভাষক, ইতিহাস বিভাগ
সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল

মো. সোহেল রানা
বিসিএস (শিক্ষা), প্রভাষক, পদার্থবিজ্ঞান
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

# সূচিপত্র


০৪ সরকারি ছুটির তালিকা ২০২৩
০৫ হ্যাপি নিউ ইয়ার ২০২৩

সালতামামি ২০২২
০৬ সারা বছরের বাংলাদেশ
০৯ সারা বছরের বিশ্ব

১৪ সাম্প্রতিক MCQ
১৬ সাম্প্রতিক প্রশ্নোত্তর
১৭ Recent Affairs in English
১৮ সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব
২২ রিপোর্ট-সমীক্ষা
২৪ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন

দেশ সন্দেশ
২৫ ঢাকায় রামপাল-পায়রার বিদ্যুৎ
২৬ অর্থ-বাণিজ্য সংবাদ
২৭ বঙ্গবন্ধু কর্নার
২৮ আবিষ্কার-উদ্ভাবনে বাংলাদেশ
২৯ বিশ্বমঞ্চে বাংলাদেশ
৩০ মেট্রোরেল : গণযোগাযোগে নতুন দিগন্ত
৩২ SMART BANGLADESH

বিশ্বজুড়ে
৩৩ সৌদি-চীন সম্পর্ক
৩৪ রাজকাহন
৩৫ জাপানের নতুন প্রতিরক্ষা কৌশল
৩৭ রুশ সংবাদ
৩৮ মহাকাশ বিশ্ব
৩৯ COP-15 : জীববৈচিত্র্য রক্ষায় ঐতিহাসিক চুক্তি
৪০ মার্কিন মুলুকে
৪২ আলোচিত-সমালোচিত ইরানের নীতি পুলিশ

কাতার বিশ্বকাপ ২০২২
৪৩ চ্যাম্পিয়ন মেসির আর্জেন্টিনা
৪৫ বিদায় কাতার স্বাগত আমেরিকা
৪৬ বিশ্বকাপ রঙ্গ
৪৭ মেসিনামা
৪৮ দেশ পরিচিতি : মরক্কো

বিসিএস প্রস্তুতি
৪৯ ৪১ ও ৪৩তম Real Viva
৫০ ৪৫তম প্রিলিমিনারি
৫৬ চাকরি পরীক্ষার কমন প্রশ্ন
৬০ Bank Job MCQ Model Test
৬৪ চাকরি পরীক্ষার লিখিত মডেল টেস্ট প্রশ্ন ও উত্তর
৬৭ নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান

৭৬ বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি ২০২২-২৩
৮০ মেডিকেল ও ডেন্টাল কলেজ ভর্তি প্রস্তুতি ২০২২-২৩
৮২ মাইকেল মধুসূদন নিয়ে ৫০ প্রশ্ন
৮৪ English Language Lab
৮৫ ম্যাথ ঘর
৮৬ স্বাস্থ্য বার্তা
৮৭ দূরের আকাশ
৮৮ জানুয়ারি পরিক্রমা
৯০ জেলা পরিচিতি
৯২ বিশ্ব ইজতেমা : ইতিহাস ও শিক্ষা
৯৩ রেকর্ড বিশ্ব
৯৪ ভিন্ন খবর
৯৫ বিচিত্র সংবাদ
৯৬ গ্লোবাল অ্যাফেয়ার্স কুইজ



জানুয়ারি ২০২৩ সংস্করণ বাজারে

■ ১০ম-৪৪তম বিসিএস প্রিলিমিনারি প্রশ্নের Analysis
■ ব্যাখ্যাসহ তথ্যসমৃদ্ধ নির্ভুল সমাধান
■ ৩৫-৪৪তম লিখিত পরীক্ষার প্রশ্ন সংবলিত

প্রস্তুতি যাচাইয়ের জন্য ৫ সেট পূর্ণাঙ্গ মডেল টেস্টসহ

লেকচার

BCS QUESTION BANK
PRELIMINARY & WRITTEN

০১৯৩৯ ৯১৯ ১৬৫
০১৯৩৮ ৮৫৫ ৯৩৭

লেকচার পাবলিকেশন্স লি.
বাংলাদেশে প্রকাশনা জগতে ISO 9001:2015 সনদপ্রাপ্ত সর্বপ্রথম প্রতিষ্ঠান

**ছুটির দিন** | ইংরেজি পরিভাষা Holiday, Closeday, Offday। Holiday খ্রিস্টানদের পবিত্র দিন রবিবার হলেও কালক্রমে তা অর্থনাশ হয়ে Closeday-এর সমার্থক হয়ে গেছে।

# সরকারি ছুটির তালিকা ২০২৩

বাংলাদেশের সব সরকারি ও আধা-সরকারি অফিস এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার জন্য ২০২৩ সালের ছুটির তালিকা ঘোষণা করেছে সরকার। ঘোষিত তালিকায় ১৪ কার্যদিবস সাধারণ ছুটি পালিত হবে। এছাড়া নির্বাহী আদেশে ৮ দিন সরকারি ছুটি রাখা হয়।

| | তারিখ | বার | উপলক্ষ/পর্বের নাম |
|---|---|---|---|
| সাধারণ ছুটি (পাবলিক হলিডে) ১৪ দিন | ২১ ফেব্রুয়ারি | মঙ্গলবার | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস |
| | ১৭ মার্চ | শুক্রবার | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস |
| | ২৬ মার্চ | রবিবার | স্বাধীনতা ও জাতীয় দিবস |
| | ২১ এপ্রিল | শুক্রবার | জুমাতুল বিদা |
| | ২২ এপ্রিল | শনিবার | ঈদ-উল-ফিতর* |
| | ১ মে | সোমবার | মে দিবস |
| | ৪ মে | বৃহস্পতিবার | বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা)* |
| | ২৯ জুন | বৃহস্পতিবার | ঈদ-উল-আযহা* |
| | ১৫ আগস্ট | মঙ্গলবার | জাতীয় শোক দিবস |
| | ৬ সেপ্টেম্বর | বুধবার | জন্মাষ্টমী |
| | ২৮ সেপ্টেম্বর | বৃহস্পতিবার | ঈদ-ই-মিলাদুন্নবী (সা.)* |
| | ২৪ অক্টোবর | মঙ্গলবার | দুর্গাপূজা (বিজয়া দশমী) |
| | ১৬ ডিসেম্বর | শনিবার | বিজয় দিবস |
| | ২৫ ডিসেম্বর | সোমবার | যিশু খ্রিষ্টের জন্মদিন (বড়দিন) |
| নির্বাহী আদেশে ছুটি ৮ দিন | ৮ মার্চ | বুধবার | শব-ই-বরাত* |
| | ১৪ এপ্রিল | শুক্রবার | বাংলা নববর্ষ (পহেলা বৈশাখ) |
| | ১৯ এপ্রিল | বুধবার | শব-ই-কদর* |
| | ২১ ও ২৩ এপ্রিল | শুক্র ও রবিবার | ঈদ-উল-ফিতরের পূর্বের ও পরের দিন* |
| | ২৮ ও ৩০ জুন | বুধ ও শুক্রবার | ঈদ-উল-আযহার পূর্বের ও পরের দিন* |
| | ২৯ জুলাই | শনিবার | মহররম (আশুরা)* |

### বাংলাদেশ ব্যাংকসহ তফসিলি ব্যাংকের ছুটি ২৪ দিন

২০২৩ সালে বাংলাদেশ ব্যাংক এবং সব তফসিলি ব্যাংকের ছুটি ২৪ দিন। প্রতি বছরের মতো ১ জুলাই এবং ৩১ ডিসেম্বর একদিন করে ব্যাংক ছুটি। এছাড়া ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহার জন্য তিনদিন করে ৬ দিন এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, বাংলা নববর্ষ, মে দিবস, বুদ্ধ পূর্ণিমা, শব-ই-বরাত, শব-ই-কদর ও জুমাতুল বিদা, জন্মাষ্টমী, জাতীয় শোক দিবস, দুর্গাপূজা, আশুরা, ঈদ-ই-মিলাদুন্নবী (স), বিজয় দিবস এবং বড়দিনে একদিন করে ছুটি রয়েছে।

*ছুটির এ তালিকা সব অফিস, সংস্থা ও প্রতিষ্ঠানের বেলায় প্রযোজ্য হবে। তবে যেসব সংস্থা নিজস্ব আইনে চলে এবং সরকার অত্যাবশ্যকীয় চাকরি হিসেবে ঘোষণা করেছে, সেগুলোর ক্ষেত্রে এ তালিকা প্রযোজ্য হবে না।*

### ঐচ্ছিক ছুটি

যে-কোনো সম্প্রদায়ের একজন কর্মচারীকে তার নিজ ধর্ম অনুযায়ী বছরে অনধিক মোট ৩ (তিন) দিন পর্যন্ত ঐচ্ছিক ছুটি ভোগ করার অনুমতি প্রদান করা যেতে পারে এবং প্রত্যেক কর্মচারীকে বছরের শুরুতে নিজ ধর্ম অনুযায়ী নির্ধারিত ৩ (তিন) দিনের ঐচ্ছিক ছুটি ভোগ করার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। সাধারণ ছুটি, নির্বাহী আদেশে সরকারি ছুটি ও সাপ্তাহিক ছুটির সাথে যুক্ত করে ঐচ্ছিক ছুটি ভোগ করার অনুমতি দেওয়া যেতে পারে।

| | তারিখ | বার | উপলক্ষ/পর্বের নাম |
|---|---|---|---|
| মুসলিম পর্ব | ১৯ ফেব্রুয়ারি | রবিবার | শব-ই-মিরাজ* |
| | ২৪ এপ্রিল | সোমবার | ঈদ-উল-ফিতরের পরের দ্বিতীয় দিন* |
| | ১ জুলাই | শনিবার | ঈদ-উল-আযহার পরের দ্বিতীয় দিন* |
| | ১৩ সেপ্টেম্বর | বুধবার | আখেরি চাহার সোম্বা* |
| | ২৭ অক্টোবর | শুক্রবার | ফাতেহা-ই-ইয়াজদাহম* |
| হিন্দু পর্ব | ২৬ জানুয়ারি | বৃহস্পতিবার | শ্রী শ্রী সরস্বতী পূজা |
| | ১৮ ফেব্রুয়ারি | শনিবার | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত |
| | ৭ মার্চ | মঙ্গলবার | দোলযাত্রা |
| | ১৯ মার্চ | রবিবার | শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের আবির্ভাব |
| | ১৪ অক্টোবর | শনিবার | মহালয়া |
| | ২২ ও ২৩ অক্টোবর | রবি ও সোমবার | শ্রী শ্রী দুর্গাপূজা (অষ্টমী ও নবমী) |
| | ২৮ অক্টোবর | শনিবার | শ্রী শ্রী লক্ষ্মীপূজা |
| | ১২ নভেম্বর | রবিবার | শ্রী শ্রী শ্যামা পূজা |
| খ্রিস্টান পর্ব | ১ জানুয়ারি | রবিবার | ইংরেজি নববর্ষ |
| | ২২ ফেব্রুয়ারি | বুধবার | ভস্ম বুধবার |
| | ৬ এপ্রিল | বৃহস্পতিবার | পুণ্য বৃহস্পতি |
| | ৭ এপ্রিল | শুক্রবার | পুণ্য শুক্রবার |
| | ৮ এপ্রিল | শনিবার | পুণ্য শনিবার |
| | ৯ এপ্রিল | রবিবার | ইস্টার সানডে |
| | ২৪ ও ২৬ ডিসেম্বর | রবি ও মঙ্গলবার | বড়দিনের পূর্বের ও পরের দিন |
| বৌদ্ধ পর্ব | ৫ ফেব্রুয়ারি | রবিবার | মাঘী পূর্ণিমা* |
| | ১৩ এপ্রিল | বৃহস্পতিবার | চৈত্র সংক্রান্তি |
| | ১ আগস্ট | মঙ্গলবার | আষাঢ়ী পূর্ণিমা* |
| | ২৮ সেপ্টেম্বর | বৃহস্পতিবার | মধু পূর্ণিমা (ভাদ্র পূর্ণিমা)* |
| | ২৮ অক্টোবর | শনিবার | প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা)* |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পর্ব | ১২ এপ্রিল | বুধবার | বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অনুরূপ সামাজিক উৎসব। |
| | ১৫ এপ্রিল | শনিবার | |

** চাঁদ দেখা বা চন্দ্রতিথির ওপর নির্ভরশীল।*

৭৫৬ অব্দে রোমে প্রচলিত পন্ডিফোরাই ক্যালেন্ডারের মাসের প্রথম দিন। ল্যাটিন শব্দ 'ক্যালেন্ড্রিয়াস' থেকে উৎপত্তি; অর্থ 'হিসাব খাতা'। — **ক্যালেন্ডি Kalendae**

# হ্যাপি নিউ ইয়ার ২০২৩

নববর্ষ বা নতুন বছর পৃথিবীর সব দেশে এবং সব জাতির মাঝেই পালনের রীতি বিদ্যমান। ইউরোপ-আমেরিকায় বিশেষত খ্রিষ্টান দেশসমূহে এ উৎসবের নাম 'নিউ ইয়ার্স ডে'। প্রতিবছর ৩১ ডিসেম্বর রাত ১২টা ১ মিনিটে ইংরেজি নববর্ষকে বরণ করা হয়। অবিরাম গতিতে ছুটে চলা সময়ের চাকা ঘুরে ঘুরে চলে আসা ইংরেজি নববর্ষ নিয়ে আমাদের এ আয়োজন।

## নববর্ষের উৎপত্তি

বিশ্বব্যাপী পালিত সর্বাপেক্ষা প্রাচীন উৎসব বর্ষবরণ। খ্রিস্টপূর্ব ২০০০ অব্দে ব্যাবিলনীয় সভ্যতায় প্রথম বর্ষবরণ উৎসব পালিত হয়। সে সময় বেশ জাঁক জমকের সঙ্গেই পালন করা হতো বর্ষবরণ উৎসব। তবে জানুয়ারির ১ তারিখে নয় বরং তা পালিত হতো বসন্তের প্রথম দিনে। কেননা, শীতের রুক্ষতা ঝেড়ে ফেলে প্রকৃতি আবার নতুন করে সাজতে শুরু করে বসন্তে। গাছে গাছে নতুন পাতা, বাহারি রঙের ফুলে আর পাখিদের কল-কাকলিতে প্রাণ ফিরে পায় প্রকৃতি। প্রকৃতির এই নতুন করে জেগে ওঠাকেই নতুন বছরের শুরু হিসেবে পালন করতো ব্যাবিলনীয়ানরা। চলতো টানা ১১ দিন।

১৫৮২ খ্রিষ্টাব্দে ভ্যাটিকানের পোপ ত্রয়োদশ গ্রেগরি জুলিয়ান ক্যালেন্ডারকে বাতিল ঘোষণা করে প্রচলন করেন গ্রেগরিয়ান ক্যালেন্ডার। তখন থেকে ১ জানুয়ারি তারিখেই পালিত হয় ইংরেজি নববর্ষ।

## নববর্ষ এবং নিউ ইয়ার ইভ

নিউ ইয়ারের আগের রাতকে বলা হতো নিউ ইয়ার ইভ। বর্তমানে যা থার্টি ফার্স্ট নাইট হিসেবে প্রচলিত। খ্রিষ্টের জন্মের পর ক্যাথলিক খ্রিস্টানরা ক্রিসমাস ডে থেকে শুরু করে বছরের শেষদিন শেষে, রাতের অর্ধসময় পর্যন্ত নানান বিকৃত পন্থায় তাদের দেবতাদের পূজা করতো। সাথে থাকতো ভোগ বিলাসের সকল আয়োজন, মদ্য পান থেকে শুরু করে সকল অজাচার। সে সময় ইউরোপের প্রোটেস্ট্যান্ট ধর্মগুরুরা এ সংস্কৃতিকে প্যাগানীয় ও অ-খ্রিষ্টানীয় আখ্যা দিয়ে বর্জন করার ঘোষণা দেন। ফলশ্রুতিতে ছড়িয়ে পড়ে দাঙ্গা-হাঙ্গামা। তবে, ধীরে ধীরে প্রোটেস্ট্যান্টরাও যোগ দেয় এ উৎসব পালনে। ইউরোপের বিভিন্ন দেশ থার্টি ফার্স্ট নাইট উদযাপন করে বেশ জাঁকজমকভাবে। লন্ডনে ৩১ ডিসেম্বর রাত ১২টায় টেমস নদীর আকাশ ছেয়ে যায় আঁতশবাজির ঝলকে।

## বিভিন্ন ভাষায় নববর্ষের শুভেচ্ছা

বাংলায় 'শুভ নববর্ষ' কিংবা ইংরেজিতে 'হ্যাপি নিউ ইয়ার' বলে নতুন বছরকে শুভেচ্ছা জানানো হয়। একইভাবে বিশ্বের অন্যান্য ভাষাতেও কিছু নতুন বছরের শুভেচ্ছা বার্তা— হিন্দি : নববর্ষ কি সুবহাকামানাইয়ান ■ উর্দু : নয়া সাল মোবারক হো ■ চাইনিজ : জিনিয়ান কুয়াইলি ■ আরবি : সুনুহ যাদিদাহ সাইদুহ্ ■ পর্তুগিজ : ফেলিজ আনো নোভো ■ স্প্যানিশ : ফেলিজ আনো নিউভো ■ ফ্রেঞ্চ : বন্নে আন্নি ■ জার্মানি : ফ্রোহেশ নেউস ঝার ■ রাশিয়ান : এস নোভিম গুদুম ■ তুর্কি : ইয়েনি ইয়েলিন কুটলু ওলসান।

## নববর্ষের রকমফের

বাঙালি : পহেলা বৈশাখ ■ চাকমা, মারমা ও বাংলাদেশের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী : বৈসাবি ■ মুসলিম : মুহররম ■ চীনা : ইয়ুয়ান তান ■ জাপানি : শুগতেসু ■ স্কটিশ : হোগম্যানে ■ ইরানি : নওরোজ ■ ভিয়েতনামি : তেত এনগুরিন দান ■ গ্রিক : ফেস্টিভাল অব সেন্ট বাসিল ■ ইহুদি : রোশ হাসানাহ ■ অস্ট্রীয় : সিলভেস্টারর‍্যাবেন্ড ■ ভারত (হিন্দু) : দিওয়ালি ■ থাই : সংক্রান।

### ইংরেজি মাসের নামকরণ

| মাস | যা বা যার নামানুসারে |
|---|---|
| জানুয়ারি | রোমানদের শুভসূচনার দেবতা জানুস |
| ফেব্রুয়ারি | ফেব্রুয়া নামক রোমান উৎসব |
| মার্চ | রোমান যুদ্ধের দেবতা মার্স |
| এপ্রিল | গ্রিকদের ভালোবাসার দেবী Aphrodite-এর ল্যাটিন শব্দ এপ্রিলিস |
| মে | রোমানদের বসন্ত ও সতেজতার দেবী মায়া |
| জুন | রোমান দেবী জুনো |
| জুলাই | রাষ্ট্রনায়ক জুলিয়াস সিজার |
| আগস্ট | রোমের প্রথম সম্রাট অগাস্টাস |
| সেপ্টেম্বর | ল্যাটিন septem বা সাত |
| অক্টোবর | ল্যাটিন octo বা আট |
| নভেম্বর | ল্যাটিন novem বা নয় |
| ডিসেম্বর | ল্যাটিন decem বা দশ |

যুগে যুগে বিভিন্ন উৎসব পালন নানান বিতর্কের জন্ম দিলেও উৎসব হোক সার্বজনীন। সকলের জীবনে বয়ে আনুক নতুনের বার্তা, সমৃদ্ধি ও প্রগতি।

**কাজী হাবিবুল আউয়াল**  বাংলাদেশের ১৩তম ও বর্তমান নির্বাচন কমিশনার।

# সালতামামি ২০২২
## সারা বছরের বাংলাদেশ

### জানুয়ারি ২০২২

০৪ : কক্সবাজার জেলার টেকনাফ উপজেলাধীন সেন্টমার্টিন দ্বীপ সংলগ্ন বঙ্গোপসাগরের ৭০ মিটার গভীর সমুদ্রের ১,৭৪৩ বর্গ কিমি এলাকাকে মেরিন প্রটেক্টেড এরিয়া ঘোষণা।
০৬ : ঢাকার বিজয় সরণিতে বঙ্গবন্ধু সামরিক জাদুঘর উদ্বোধন।
০৮ : সন্ত্রাস দমন, নিরাপত্তা সহযোগিতা ও মাদক চোরাচালান রোধে বাংলাদেশ-তুরস্ক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত।
১১ : প্রথমবারের মতো UN Women'র নির্বাহী বোর্ডের সভাপতি নির্বাচিত হয় বাংলাদেশ।
১৩ : দেশের শেয়ার বাজারে প্রথম শরিয়াহভিত্তিক বন্ডের লেনদেন শুরু।
২৬ : দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE)-এ কাগজবিহীন কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন।
২৭ : জাতীয় সংসদে 'প্রধান নির্বাচন কমিশনার এবং অন্যান্য নির্বাচন কমিশনার নিয়োগ বিল, ২০২২' পাস।

### ফেব্রুয়ারি ২০২২

০১ : জাতিসংঘ পিস বিল্ডিং কমিশনের (PBC) প্রথম নারী সভাপতি হিসেবে নির্বাচিত হন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমা।
০২ : 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' নির্মাণ ও উৎক্ষেপণের লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত।
০৩ : একাত্তরে বাংলাদেশিদের ওপর পাকিস্তানিদের নির্মম হত্যাযজ্ঞকে গণহত্যা হিসেবে স্বীকৃতি দেয় আন্তর্জাতিক সংস্থা 'জেনোসাইড ওয়াচ'।
১৩ : নির্বাচন কমিশন বীর মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষায়িত স্মার্ট জাতীয় পরিচয়পত্র (NID) বিতরণ কার্যক্রম শুরু করে।
২০ : মন্ত্রিসভার বৈঠকে 'জয় বাংলা'কে জাতীয় স্লোগান করার সিদ্ধান্ত গৃহীত।
২৬ : প্রথমবারের মতো আইন অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার ও চার নির্বাচন কমিশনার নিয়োগ।
২৭ : নতুন প্রধান নির্বাচন কমিশনার ও চার নির্বাচন কমিশনারের শপথ গ্রহণ।

### মার্চ ২০২২

০১ : দেশে প্রথমবারের মতো পরিবেশবান্ধব ই-সিম চালু করে মোবাইল অপারেটর কোম্পানি গ্রামীণফোন।
০২ : ইউক্রেনের অলভিয়া বন্দরে থাকা বাংলাদেশি জাহাজ 'এমভি বাংলার সমৃদ্ধি'তে রুশ গোলার আঘাতে নাবিক হাদিসুর রহমান নিহত হন।
০৫ : বাংলাদেশ নারী ক্রিকেট দল দক্ষিণ আফ্রিকার বিপক্ষে প্রথম বিশ্বকাপ ম্যাচে অংশগ্রহণ করে।
: বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে চারটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত।
: ভারতের রাজধানী নয়াদিল্লিতে বাংলাদেশ, ভারত ও নেপালের মধ্যে মোটরযান চলাচলের বিষয়ে সম্পূরক চুক্তি স্বাক্ষরিত।
১৪ : পাকিস্তানকে হারিয়ে নারী বিশ্বকাপ ক্রিকেটে প্রথম জয় পায় বাংলাদেশ।
২১ : প্রধানমন্ত্রী শেখ হাসিনা শতভাগ বিদ্যুতায়নের আনুষ্ঠানিক ঘোষণা দেন।
: দেশের সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র 'পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র' উদ্বোধন।
২২ : কাজে যোগদানের ন্যূনতম বয়স সম্পর্কিত ILO Convention-138 অনুসমর্থন করে বাংলাদেশ।
২৯ : শরীয়তপুরের জাজিরায় শেখ রাসেল সেনানিবাসের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
৩১ : স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের সমাপ্তি।

### এপ্রিল ২০২২

০৫ : গাজীপুরকে দেশের ৩৭তম নদীবন্দর ঘোষণা।
১৭ : 'র‍্যাগ ডে'র নামে শিক্ষাপ্রতিষ্ঠানে ডিজে পার্টিসহ নগ্ন-অশ্লীল, উন্মত্ত, কুরুচিপূর্ণ ও আপত্তিকর কর্মকাণ্ড বন্ধের নির্দেশ দেন হাইকোর্ট।
২৪ : বাংলাদেশের বাগদা চিংড়িকে দশম GI পণ্য হিসেবে সনদ প্রদান।
২৬ : কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগের মাধ্যমে দেশের ৫১তম সরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম শুরু।
২৭ : 'বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ জাদুঘর'-এর উদ্বোধন।

## মে ২০২২

০৬ : বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ঐতিহাসিক ম্যাডিসন স্কয়ার গার্ডেনে 'গোল্ডেন জুবিলি বাংলাদেশ কনসার্ট' অনুষ্ঠিত।
১৮ : বাংলাদেশের প্রথম ব্যাটসম্যান হিসেবে টেস্টে ৫,০০০ রানের মাইলফলকে পৌঁছান মুশফিকুর রহিম।
২৫ : বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে ২টি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত।

## জুন ২০২২

০১ : বাংলাদেশ ও ভারতের মধ্যে তৃতীয় যাত্রীবাহী ট্রেন 'মিতালী এক্সপ্রেস' চালু।
০৫ : ভোক্তা পর্যায়ে গ্যাসের দাম বাড়ানোর ঘোষণা দেয় জ্বালানি খাতের নিয়ন্ত্রক সংস্থা এনার্জি রেগুলেটরি কমিশন (BERC)।
০৯ : জাতীয় সংসদে ২০২২-২৩ অর্থবছরে বাজেট উপস্থাপন করেন অর্থমন্ত্রী আ হ ম মোস্তফা কামাল।
১৫-২১: দেশব্যাপী ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা-২০২২' কার্যক্রম অনুষ্ঠিত।
২৫ : স্বপ্নের পদ্মা সেতুর উদ্বোধন।
২৬ : যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হয় পদ্মা সেতু।
৩০ : জাতীয় সংসদে ২০২২-২৩ অর্থবছরের বাজেট পাস।

## জুলাই ২০২২

০১ : ২০২২-২৩ অর্থবছরের বাজেট কার্যকর।
০৩ : দেশের ৬১তম তফসিলিভুক্ত ব্যাংক হিসেবে সিটিজেনস ব্যাংকের বাণিজ্যিক কার্যক্রম শুরু।
১২ : বাংলাদেশ ব্যাংকের দ্বাদশ গভর্নর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন আব্দুর রউফ তালুকদার।
১৭ : বাংলাদেশের তৈরি করোনাভাইরাসের টিকা 'বঙ্গভ্যাক্স' মানবদেহে পরীক্ষামূলক প্রয়োগের অনুমতি দেয় ঔষধ প্রশাসন অধিদপ্তর।
২১ : পঞ্চগড় ও মাগুরা জেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
২৭ : দেশের প্রথম ডিজিটাল জনশুমারির প্রাথমিক ফল প্রকাশ।

## আগস্ট ২০২২

০১ : বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘরের প্রদর্শনীর যাত্রা শুরু।
০২ : জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের নতুন স্থায়ী প্রতিনিধি মোহাম্মদ আব্দুল মুহিত সংস্থার মহাসচিব আন্তেনিও গুতেরেসের কাছে তার নিজের পরিচয়পত্র পেশ করেন।
০৫ : বিশ্ববাজারের সঙ্গে সমন্বয় করে সব ধরনের জ্বালানি তেলের দাম বৃদ্ধির ঘোষণা দেয় সরকার।
০৭ : করোনা শনাক্তে উন্নতমানের RT-PCR কিট সাশ্রয়ী মূল্যে দেশেই তৈরির কথা জানায় বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR)।
০৮ : ট্রানজিট চুক্তির আওতায় পরীক্ষামূলকভাবে মোংলা সমুদ্রবন্দরে আসে ভারতীয় পণ্যের প্রথম চালান।
১০ : ইতিহাসের দশম দল হিসেবে ৪০০তম ওয়ানডে ম্যাচ খেলতে নামে বাংলাদেশ ক্রিকেট দল।
১৪ : চারদিনের সফরে ঢাকা আসেন জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল বাশেলেত।
২০ : পদ্মা সেতুতে রেল সংযোগের কাজ শুরু।
২৩ : ঢাকা মহানগরের জন্য নতুন বিশদ অঞ্চল পরিকল্পনার (DAP) গেজেট প্রকাশ।
৩০ : ৩৬তম আর্থিক প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন লাভ করে 'নগদ ফাইন্যান্স পিএলসি'।

## সেপ্টেম্বর ২০২২

০২ : দেশের দীর্ঘতম রেলসেতু বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতুর ৪৭ ও ৪৮ নম্বর পিলারের ওপর বসানো হয় প্রথম স্প্যান।
০৩ : ফৌজদারি মামলায় সরকারি কর্মচারীদের গ্রেফতারের পূর্বানুমোদন নেওয়ার বিধান বাতিল করে দেওয়া হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ।
০৪ : পিরোজপুরের কচা নদীর উপর নির্মিত বঙ্গমাতা বেগম ফজিলাতুননেছা মুজিব অষ্টম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
০৫ : চারদিনের রাষ্ট্রীয় সফরে ভারত যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
: আনুষ্ঠানিকভাবে চালু হয় 'প্রবাসবন্ধু হটলাইন' ১৬১৩৫।
০৬ : প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যে শীর্ষ বৈঠক অনুষ্ঠিত। বৈঠক শেষে উভয় দেশের মধ্যে সাতটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত।
: খুলনার রামপালে মৈত্রী সুপার তাপ বিদ্যুৎকেন্দ্রসহ পাঁচটি প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
০৭ : প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যকার দ্বিপক্ষীয় বৈঠক নিয়ে ৩৩ দফা যৌথ বিবৃতি প্রকাশিত।
০৮ : ভারতে চারদিনের রাষ্ট্রীয় সফর শেষে দেশে ফিরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
১৪ : দেশের প্রথম 'সেন্টার বেইজড সুপার স্পেশালাইজড' হাসপাতালের উদ্বোধন।
১৮ : দেশের ৫৩তম সরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম শুরু।
১৯ : নেপালকে হারিয়ে প্রথমবারের মতো সাফ নারী ফুটবলে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ।
২৩ : জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৭তম অধিবেশনে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## আবদুর রউফ তালুকদার



বাংলাদেশ ব্যাংকের দ্বাদশ ও বর্তমান গভর্নর।

### অক্টোবর ২০২২

০২ : সরকারি ২৯টি প্রতিষ্ঠানকে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (CII) হিসেবে ঘোষণা করে প্রজ্ঞাপন জারি।

০৩ : যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে ১৮ দিনের সফর শেষে দেশে ফিরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

: মধ্য আফ্রিকান প্রজাতন্ত্রে তিন বাংলাদেশি শান্তিরক্ষী নিহত।

০৪ : জাতীয় গ্রিড পূর্বাঞ্চলে বিপর্যয় দেখা দিলে চার ঘণ্টা পুরোপুরি বিদ্যুৎহীন হয়ে পড়ে দেশের ৩২ জেলা।

০৮ : করোনাভাইরাসের টিকার প্রথম ও দ্বিতীয় ডোজ দেওয়া বন্ধ করে দেয় স্বাস্থ্য অধিদপ্তর।

১০ : দেশের প্রথম ছয় লেনের দৃষ্টিনন্দন মধুমতী সেতু এবং তৃতীয় শীতলক্ষ্যা সেতু'র উদ্বোধন।

১১ : কূটনৈতিক পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষর করে বাংলাদেশ ও কসোভো।

১৫ : তিনদিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে আসেন ব্রুনাইয়ের সুলতান হাসানাল বলকিয়াহ।

১৬ : ব্রুনাইয়ের সুলতান হাসানাল বলকিয়াহ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত। বৈঠক শেষে দু'দেশের মধ্যে একটি চুক্তি ও ৩টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত। এছাড়া ২২ দফা যৌথ বিবৃতি প্রদান করা হয়।

১৯ : রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের দ্বিতীয় ইউনিটের পারমাণবিক চুল্লি স্থাপনের কাজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন।

২৪ : বাংলাদেশ উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড় 'সিত্রাং'।

: বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর আব্দুর রউফ তালুকদার স্বাক্ষরিত ৫০০ টাকা মূল্যমানের প্রথম নোট বাজারে ছাড়া হয়।

২৫ : দেশে প্রথমবারের মতো দুরারোগ্য স্নায়ুরোগ স্পাইনাল মাস্কুলার অ্যাস্ট্রোফি (SMA) রোগের চিকিৎসায় জিন থেরাপি চালু।

### নভেম্বর ২০২২

০৪ : প্রথমবারের মতো রাষ্ট্রীয় মর্যাদায় পালিত হয় জাতীয় সংবিধান দিবস।

০৬ : রাজধানীর উত্তরা থেকে টঙ্গী পর্যন্ত উড়ালপথের একাংশ যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়।

০৭ : দেশব্যাপী ১০০টি সেতুর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

০৮ : বাংলাদেশ নৌবাহিনীর 'তিস্তা' ও 'কর্ণফুলী' জাহাজ দুটিকে এর কার্যক্রম থেকে আনুষ্ঠানিকভাবে সরিয়ে ফেলা (ডি-কমিশনিং) হয়।

০৯ : বাংলাদেশকে ৪.৫ বিলিয়ন মার্কিন ডলার ঋণ দেওয়ার ব্যাপারে প্রাথমিকভাবে সম্মত হয় আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)।

১২ : ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের নির্মাণকাজের উদ্বোধন।

১৩ : ব্যাংকিং খাতে ডিজিটাল লেনদেনের পরিধি বাড়াতে কেন্দ্রীয় ব্যাংক 'বিনিময়' নামের নতুন প্ল্যাটফর্ম চালু করে।

১৯ : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তন অনুষ্ঠিত।

২৪ : বাংলাদেশ-ভারত যৌথ উদ্যোগে নির্মিত রামপাল তাপ বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের পরীক্ষামূলক বিদ্যুৎ উৎপাদন শুরু।

২৯ : দেশের প্রথম নারী অর্থসচিব ফাতিমা ইয়াসমিন স্বাক্ষরিত ২ ও ৫ টাকার নতুন নোট বাজারে আসে।

### ডিসেম্বর ২০২২

০১ : 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২২' জারি।

০২ : পরিবেশ ব্যবস্থাপনার উন্নয়নে বাংলাদেশের জন্য ২৫ কোটি ডলারের ঋণ অনুমোদন করে বিশ্বব্যাংক।

০৪ : প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামে ২৯ প্রকল্পের উদ্বোধন ও চার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

০৫ : বঙ্গোপসাগরে ৫.১ মাত্রার ভূ-কম্পনে কেঁপে ওঠে পুরো বাংলাদেশ।

০৬ : বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) মধ্যে ২০ কোটি ডলার ঋণ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত।

০৭ : কক্সবাজারে ৩৩টি প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

: আন্তর্জাতিক নৌ মহড়া ইন্টারন্যাশনাল ফ্লিট রিভিউ (IFR) উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

১১ : বিএনপি থেকে নির্বাচিত সংসদ সদস্যরা একাদশ জাতীয় সংসদ থেকে পদত্যাগ করেন।

১২ : মন্ত্রিসভায় 'সরকারি চাকরি (সংশোধন) আইন, ২০২২'-এর খসড়া চূড়ান্ত অনুমোদন।

১৫ : মহান বিজয় দিবস উপলক্ষে জাতির উদ্দেশ্যে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

: আমিনবাজার-গোপালগঞ্জ 400 KV ডাবল সার্কিট বিদ্যুৎ সঞ্চালন লাইন চালু। এর মাধ্যমে দেশে সর্ববৃহৎ পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র সরাসরি জাতীয় গ্রিডে যুক্ত হয়।

২০ : দেশে করোনাভাইরাস প্রতিরোধী টিকার চতুর্থ ডোজ দেওয়া শুরু।

২১ : ১০০টি জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়ক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

২৪ : বাংলাদেশ আওয়ামী লীগের ২২তম কাউন্সিল অনুষ্ঠিত।

২৭ : রংপুর সিটি করপোরেশনের নির্বাচন অনুষ্ঠিত।

২৮ : সরকারের মেগা প্রকল্পের অন্যতম মেট্রোরেল উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মান নাৎসিদের বিরুদ্ধে লড়াইয়ে মিত্রদের অস্ত্র দিতে ১১ মার্চ ১৯৪১ এ আইন পাস করেন তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। | Lend Lease Act

# সালতামামি

## সারা বছরের বিশ্ব ২০২২

### জানুয়ারি ২০২২

১ : Regional Comprehensive Economic Partnership (RCEP) নামের বিশ্বের বৃহত্তম বাণিজ্য চুক্তি কার্যকর।

২৪ : পাকিস্তান সুপ্রিম কোর্টের প্রথম নারী বিচারপতি হিসেবে শপথ নেন আয়েশা মালিক।

: বুরকিনা ফাসোতে সামরিক অভ্যুত্থান ঘটে।

৩০ : ইসরায়েলের প্রথম কোনো প্রেসিডেন্ট হিসেবে সংযুক্ত আরব আমিরাত সফর করেন আইজ্যাক হার্জগ।

### ফেব্রুয়ারি ২০২২

৪-২০ : চীনের রাজধানী বেইজিংয়ে ২৪তম শীতকালীন অলিম্পিক গেমস অনুষ্ঠিত।

১১ : অস্ট্রেলিয়ার মেলবোর্নে চার দেশের জোট QUAD-এর বৈঠক অনুষ্ঠিত।

১৪ : ইসরায়েলের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে বাহরাইন সফর করেন নাফতালি বেনেত।

১৮ : ভারত এবং সংযুক্ত আরব আমিরাতের মধ্যে Comprehensive Economic Partnership Agreement (CEPA) স্বাক্ষরিত।

২১ : পূর্ব ইউক্রেনের বিচ্ছিন্নতাকামী দুই অঞ্চল 'লুহানস্ক' ও 'দোনেৎস্ক'কে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

২৪ : ইউক্রেনের রাজধানী কিয়েভে রাশিয়ার হামলার মধ্য দিয়ে রুশ-ইউক্রেন যুদ্ধ শুরু।

২৮ : ইউরোপীয় ইউনিয়নে (EU) যোগদানের আবেদনে স্বাক্ষর করেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি।

### মার্চ ২০২২

০৩ : ইউরোপীয় ইউনিয়নে (EU) সদস্যদের জন্য আবেদন করে জর্জিয়া ও মলদোভা।

০৪ : নিউজিল্যান্ডে দ্বাদশ আইসিসি মহিলা বিশ্বকাপ ক্রিকেট শুরু।

১০ : মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আনুষ্ঠানিকভাবে কাতারকে প্রধান নন-ন্যাটো মিত্র করার ঘোষণা জারি করেন।

: হাঙ্গেরির প্রথম নারী প্রেসিডেন্ট নির্বাচিত হন কাতালিন নোভাক।

১১ : রাশিয়ার সঙ্গে বিশেষ বাণিজ্য মর্যাদা (MFN) বাতিলের ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র ও জি-৭।

১৬ : 'কাউন্সিল অব ইউরোপ' ত্যাগ করে রাশিয়া।

১৮ : ইউক্রেন যুদ্ধে প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপণাস্ত্র হামলা চালায় রাশিয়া।

২৭ : যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরাত, মরক্কো, বাহরাইন ও মিসরের পররাষ্ট্রমন্ত্রীরা ইসরায়েলের ঐতিহাসিক সম্মেলনে যোগ দেন।

৩০ : ভার্চুয়ালি পঞ্চম বিমসটেক সম্মেলন অনুষ্ঠিত।

### এপ্রিল ২০২২

০২ : ভারত ও নেপালের মধ্যে প্রথম যাত্রীবাহী ট্রেনের যাত্রা শুরু।

০৩ : দ্বাদশ নারী বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে ইংল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় অস্ট্রেলিয়া।

০৪ : রাষ্ট্র হিসেবে লেবাননকে দেউলিয়া ঘোষণা করেন দেশটির উপপ্রধানমন্ত্রী সাহেদ আল-সামি।

০৭ : ইউক্রেন ইস্যুতে জাতিসংঘ মানবাধিকার পরিষদে রাশিয়ার সদস্যপদ স্থগিত করা হয়।

০৮ : সম্পূর্ণ বেসরকারি ব্যবস্থাপনায় প্রথম বাণিজ্যিক মহাকাশ মিশন শুরু।

১০ : অনাস্থা ভোটে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান ক্ষমতাচ্যুত হন।

১১ : পাকিস্তানের ২৩তম প্রধানমন্ত্রী নির্বাচিত হন শাহবাজ শরিফ।

১২ : বৈদেশিক ঋণের দায় পরিশোধের অপারগতার ঘোষণা দেয় শ্রীলঙ্কা।

১৪ : ইউক্রেন যুদ্ধে ব্যবহৃত রুশ যুদ্ধজাহাজ 'মস্কভা' কৃষ্ণ সাগরে ডুবে যায়।

২০ : পারমাণবিক অস্ত্র বহনে সক্ষম 'সারমাত' নামের আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের (ICBM) সফল পরীক্ষা চালায় রাশিয়া।

### মে ২০২২

০৮ : হংকংয়ের নতুন নেতা হিসেবে নির্বাচিত হন লি কা-চিউ।

০৯ : সরকারবিরোধী বিক্ষোভের মুখে পদত্যাগ করতে বাধ্য হন শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে।

: ইউক্রেনকে অস্ত্র দিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন Lend-Lease আইনে স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন।

১১ : বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় 'অশনি' ভারতের অন্ধ্র প্রদেশের মছিলিপত্তনম ও নারসাপুরমের মধ্যবর্তী স্থানে উপকূলে আঘাত হানে।
১২ : শ্রীলঙ্কার নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন রনিল বিক্রমাসিংহে।
১৬ : ফ্রান্সের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এলিজাবেথ বর্নি।
১৮ : সামরিক জোট ন্যাটোতে যোগ দিতে আনুষ্ঠানিকভাবে আবেদন করে ফিনল্যান্ড ও সুইডেন।
২৩ : মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন প্রাথমিকভাবে ১২টি দেশকে যুক্ত করে ইন্দো-প্যাসিফিক ইকোনমিক ফ্রেমওয়ার্কের (IPEF) আনুষ্ঠানিক যাত্রার ঘোষণা দেন।
২৪ : জাপানের রাজধানী টোকিওতে চতুর্দেশীয় অক্ষ QUAD-এর তৃতীয় বৈঠক অনুষ্ঠিত।
২৮ : ২০ বছর পর মুক্তি পান জাপানের রেড আর্মির প্রতিষ্ঠাতা ফুসাকো শিজেনোবু।

## জুন ২০২২

০২ : তুরস্কের ইংরেজি নাম Turkey'র পরিবর্তে Türkiye (তুর্কিয়ে)-এর স্বীকৃতি দেয় জাতিসংঘ।
১০ : রাশিয়া ও চীনের মধ্যে প্রথম সড়ক সেতু চালু।
: বাধ্যতামূলক মৃত্যুদণ্ড বিলোপের ঘোষণা দেয় মালয়েশিয়ার সরকার।
: জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে সংস্থাটির সব ধরনের কার্যক্রমে বাংলাসহ বহুভাষা ব্যবহার সংক্রান্ত প্রস্তাব পাস।
১১ : ইরান ও ভেনিজুয়েলার মধ্যে ২০ বছর মেয়াদি সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত।
১২-১৬ : সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত হয় বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) মন্ত্রী পর্যায়ের ১২তম সম্মেলন।
১৩ : উত্তর আয়ারল্যান্ডে BREXIT-পরবর্তী বাণিজ্যনীতি সংশোধনে ব্রিটিশ সরকার নতুন আইন পাস করে।
১৫ : ভারতীয় সেনাবাহিনীতে চুক্তিভিত্তিক নিয়োগ সংক্রান্ত 'অগ্নিপথ' প্রকল্প চালু।
১৭ : নিজেদের তৃতীয় ও সবচেয়ে উন্নত বিমানবাহী রণতরী 'ফুজিয়ান' পানিতে নামায় চীন।
১৮ : বসনিয়ার যুদ্ধের সময় স্রেব্রেনিৎসা গ্রামে নিয়োজিত সাবেক সেনাদের কাছে দুঃখ প্রকাশ করে নেদারল্যান্ডসের সরকার।
২১ : লেবাননের রাজধানী বৈরুতে লেবানন, সিরিয়া ও মিসরের মধ্যে ত্রিপক্ষীয় গ্যাসচুক্তি স্বাক্ষরিত।
২৩-২৪ : চীনে ১৪তম BRICS সম্মেলন অনুষ্ঠিত।
২৩ : বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সম্মেলন অনুষ্ঠিত।
: ইউক্রেন ও মলদোভাকে ইইউ'র সদস্যপ্রার্থী হিসেবে মর্যাদা দেওয়ার পক্ষে ভোট দেয় ইইউ পার্লামেন্ট।
২৪ : যুক্তরাষ্ট্রের নারীদের গর্ভপাতের সাংবিধানিক অধিকার বাতিল করেন দেশটির সুপ্রিম কোর্ট।
২৭ : পর্তুগালের রাজধানী লিসবনে শুরু হয় পাঁচদিনব্যাপী জাতিসংঘের মহাসাগর সম্মেলন।
২৮-৩০ : স্পেনের রাজধানী মাদ্রিদে অনুষ্ঠিত হয় NATO সম্মেলন।
৩০ : ফিলিপাইনের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন দেশটির সাবেক স্বৈরশাসক ফার্দিনান্দ মার্কোসের ছেলে ফার্দিনান্দ মার্কোস জুনিয়র, যিনি 'বংবং' নামেই বেশি পরিচিত।
: যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের প্রথম নারী কৃষ্ণাঙ্গ বিচারপতি হিসেবে শপথ নেন কেতানজি ব্রাউন জ্যাকসন।
: তুরস্কের ওপর থেকে অনানুষ্ঠানিক বাণিজ্য নিষেধাজ্ঞা তুলে নেয় সৌদি আরব।

## জুলাই ২০২২

০৭ : ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টির নেতৃত্ব থেকে পদত্যাগ করেন।
০৮ : আততায়ীর গুলিতে নিহত হন জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে।
১২ : প্রবল গণবিক্ষোভের মুখে মালদ্বীপ পালিয়ে যান শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোবাবায়া রাজাপাকসে।
১৪ : পদত্যাগ করেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপাকসে।
১৫ : ইসরায়েলের জন্য নিজের আকাশসীমা থেকে বিধিনিষেধ তুলে নেয় সৌদি আরব।
: প্রথমবারের মতো ড্রোনবাহী যুদ্ধজাহাজ উদ্বোধন করে ইরান।
২১ : শ্রীলঙ্কার নবম প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন রনিল বিক্রমাসিংহে।
২৫ : ভারতের প্রথম আদিবাসী প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন সাঁওতাল সম্প্রদায়ের দ্রৌপদী মুর্মু।
২৮ : যুক্তরাজ্যের বার্মিংহামে ২২তম কমনওয়েলথ গেমসের উদ্বোধন।
৩১ : আফগানিস্তানের রাজধানী কাবুলে মার্কিন ড্রোন হামলায় আল-কায়েদার শীর্ষ নেতা আয়মান আলাজাওয়াহিরি নিহত।

## আগস্ট-২০২২

০২ : চীনের হুমকি উপেক্ষা করে তাইওয়ানে ১৯ ঘণ্টার সফরে যান মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসি। এর পরিপ্রেক্ষিতে তাইওয়ানের ওপর বাণিজ্য নিষেধাজ্ঞা জারি করে চীন।
৩-৫ : দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর আঞ্চলিক জোট ASEAN-এর দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের বার্ষিক বৈঠক কম্বোডিয়ার রাজধানী নমপেনে অনুষ্ঠিত।
০৪ : মাঙ্কিপক্স প্রাদুর্ভাবকে জনস্বাস্থ্যবিষয়ক জরুরি অবস্থা হিসেবে ঘোষণা করে যুক্তরাষ্ট্র।





০৫ : যুক্তরাষ্ট্রের সঙ্গে যাবতীয় যৌথ ও সহযোগিতামূলক কার্যক্রম স্থগিত করে চীন।

: তাইওয়ান সফরের কারণে মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসি ও তার পারিবারের সদস্যদের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে চীন।

০৭ : ইউক্রেনের জাপোরিঝঝিয়ায় গণভোটের ডিক্রি জারি করে রাশিয়া।

০৮ : নতুন আফ্রিকা নীতি ঘোষণা করেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন।

: যুক্তরাজ্যের বার্মিংহামে অনুষ্ঠিত ২২তম কমনওয়েলথ গেমস সমাপ্ত।

: কাতারের রাজধানী দোহায় শাদের অন্তর্বর্তীকালীন সরকার এবং ৩০টিরও বেশি বিদ্রোহী গোষ্ঠী একটি শান্তিচুক্তি স্বাক্ষর করে।

: সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ফ্লোরিডার বিলাসবহুল মার-এ-লাগো রিসোর্টে অভিযান চালায় ফেডারেল ব্যুরো অব্ ইনভেস্টিগেশন (FBI)।

০৯ : সুইডেন ও ফিনল্যান্ডকে ন্যাটোভুক্তির জন্য মার্কিন সিনেটের অনুমোদনে স্বাক্ষর করেন প্রেসিডেন্ট জো বাইডেন।

১০ : তাইওয়ানকে একত্রীকরণে নতুন শ্বেতপত্র প্রকাশ করে চীন।

১১ : কলম্বিয়ার প্রেসিডেন্ট গুস্তাভো পেত্রো ও ভেনিজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ২০১৯ সালে ছিন্ন হয়ে যাওয়া কূটনৈতিক সম্পর্ক পুনঃপ্রতিষ্ঠার ঘোষণা দেন।

: ভারতের ১৪তম উপরাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করেন জগদীপ ধনকৌড়।

১২ : ১৯৮৮ সালে বিতর্কিত বই The Satanic Verses-এর রচয়িতা ব্রিটিশ ঔপন্যাসিক সালমান রুশদির ওপরে হামলা চালান নিউজার্সির ২৪ বছরের যুবক হাদি মাতার।

১৬ : Developing Countries Trading Scheme (DCTS) নামের নতুন বাণিজ্য নীতি ঘোষণা করে যুক্তরাজ্য।

: যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্ববৃহৎ অর্থবিল Inflation Reduction Act-এ স্বাক্ষর করেন প্রেসিডেন্ট জো বাইডেন।

১৭ : কয়েক বছরের উত্তেজনাপূর্ণ সম্পর্কের পর পূর্ণ কূটনৈতিক সম্পর্ক পুনরায় চালুর ঘোষণা দেয় তুরস্ক ও ইসরাইল।

২০ : রাশিয়ার রাজধানী মস্কোর কাছে সন্দেহজনক গাড়িবোমা হামলায় নিহত হন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের 'তাত্ত্বিক গুরু' চিন্তাবিদ আলেক্সান্দার দাগিনের মেয়ে সাংবাদিক ও রাজনৈতিক ভাষ্যকার দারিয়া দাগিন।

২৩ : দুর্নীতির দায়ে দোষী সাব্যস্ত মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাককে ১২ বছরের কারাদণ্ড বহাল রেখে কারাগারে পাঠান দেশটির সুপ্রিমকোর্ট।

১-২৬ : পরমাণু অস্ত্র বিস্তার রোধ চুক্তি NPT'র দশম পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত।

## সেপ্টেম্বর ২০২২

০১ : সংকটে জর্জরিত শ্রীলঙ্কাকে ২৯০ কোটি ডলার ঋণ দেওয়ার ঘোষণা দেয় IMF।

০২ : বিক্ষোভের মুখে দেশ ছেড়ে পালানো শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপাকসে মালদ্বীপ-সিঙ্গাপুর-থাইল্যান্ড ঘুরে ৫১ দিন পর দেশে ফিরেন।

: সম্পূর্ণভাবে দেশে তৈরি প্রথম বিমানবাহী রণতরী 'আইএনএস বিক্রান্ত'কে আনুষ্ঠানিকভাবে নৌবহরে যুক্ত করে ভারত।

০৩ : সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ নেতা ও প্রেসিডেন্ট মিখাইল গর্বাচেভের শেষকৃত্য অনুষ্ঠিত।

০৬ : যুক্তরাজ্যের ৫৬তম ও তৃতীয় নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন লিজ ট্রাস।

: রাশিয়ার সাথে মিয়ানমারের পরমাণু প্রযুক্তি হস্তান্তর চুক্তি স্বাক্ষরিত।

০৭ : সাইবার হামলার অভিযোগে ইরানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্নের ঘোষণা দেয় আলবেনিয়া।

০৮ : স্কটল্যান্ডের বালমোরাল প্রাসাদে ৯৬ বছর বয়সে শেষনিঃশ্বাস ত্যাগ করেন যুক্তরাজ্যের রানি দ্বিতীয় এলিজাবেথ।

: নিজেকে পারমাণবিক অস্ত্রধারী রাষ্ট্র হিসেবে ঘোষণা করে একটি আইন পাস করে উত্তর কোরিয়া।

০৯ : যুক্তরাজ্যের রাজা হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তৃতীয় চার্লস।

১০ : ঐতিহাসিক এক অনুষ্ঠানের মাধ্যমে লন্ডনের সেন্ট জেমস প্রাসাদে আনুষ্ঠানিকভাবে তৃতীয় চার্লসকে যুক্তরাজ্যের নতুন রাজা ঘোষণা করা হয়।

১১ : ব্রিটিশ রাজা তৃতীয় চার্লসকে নিজেদের রাষ্ট্রপ্রধান হিসেবে ঘোষণা করে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড।

১২ : আনুষ্ঠানিকভাবে দায়িত্ব নেওয়ার পর স্ত্রী 'কুইন কনসর্ট' ক্যামিলাকে নিয়ে প্রথমবার যুক্তরাজ্যের পার্লামেন্টে উপস্থিত হন এবং পার্লামেন্টে প্রথম ভাষণ দেন রাজা তৃতীয় চার্লস।

১৩ : রাজা হিসেবে প্রথমবারের মতো উত্তর আয়ারল্যান্ড সফরে যান তৃতীয় চার্লস।

: বিতর্কিত নাগার্নো-কারাবাখ অঞ্চল নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়ার সেনাদের মধ্যে নতুন করে বড় ধরনের লড়াইয়ের ঘটনা ঘটে।

১৪ : যুক্তরাজ্যের রাজা তৃতীয় চার্লসকে নিজেদের রাষ্ট্রপ্রধান হিসেবে ঘোষণা করে কানাডা।

: পদত্যাগের ঘোষণা দেন সুইডেনের প্রথম নারী প্রধানমন্ত্রী ম্যাগডালেনা অ্যান্ডারসন।

| | |
|---|---|
| কার্চ সেতু | ইউরোপের সবচেয়ে বড় সেতু।<br>কার্চ প্রণালীর ওপর নির্মিত সেতুটির দৈর্ঘ্য ১৯ কিলোমিটার। |

১৫ : হাঙ্গেরি এখন আর পূর্ণ গণতান্ত্রিক দেশ নয় বলে ঘোষণা দেয় ইউরোপীয় ইউনিয়ন (EU)।

১৭ : ভিস্তুলা লেগুন ও গদানস্ক উপসাগরকে সংযোগকারী ভিস্তুলা খাল উন্মুক্ত করে পোল্যান্ড।

১৯ : সেন্ট জর্জ চ্যাপেলে সমাহিত করার মধ্য দিয়ে যুক্তরাজ্যের প্রয়াত রানি দ্বিতীয় এলিজাবেথের অন্ত্যোষ্টিক্রিয়া সম্পন্ন।

: প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রের সঙ্গে বন্দি বিনিময় করে আফগানিস্তানের তালেবান প্রশাসন।

: আফ্রিকা মহাদেশের ২৫তম দেশ হিসেবে মৃত্যুদণ্ড বিলুপ্ত করে নিরক্ষীয় গিনি।

২১ : জাতির উদ্দেশ্যে দেয়া এক ভাষণে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর প্রথমবারের মতো সামরিক প্রশিক্ষিত ব্যক্তিদের সেনাবাহিনীতে যোগ দেয়ার নির্দেশ দেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

২৩ : রাশিয়াপন্থী ইউক্রেনের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় চার প্রদেশে পাঁচদিনব্যাপী গণভোট শুরু।

২৬ : রাশিয়ার নাগরিকত্ব লাভ করেন মার্কিন গোয়েন্দা নজরদারির তথ্য ফাঁসকারী এডওয়ার্ড স্নোডেন।

২৭ : মৃত্যুর প্রায় তিন মাস পর জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো অ্যাবের রাষ্ট্রীয় অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন।

: সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানকে দেশটির প্রধানমন্ত্রী হিসেবে ঘোষণা করেন বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ।

২৮-২৯: প্রশান্ত মহাসাগরীয় ১২টি দ্বীপরাষ্ট্রের প্রধানদের নিয়ে ওয়াশিংটনে যুক্তরাষ্ট্র আয়োজিত দু'দিনের সম্মেলন অনুষ্ঠিত।

## অক্টোবর ২০২২

০১ : ইন্দোনেশিয়ার পূর্ব জাভা প্রদেশে মালাং শহরের কানজুরুহান স্টেডিয়ামে পদদলনে বহু লোক হতাহত।

০৪ : আটলান্টিক মহাসাগরে নামে বিশ্বের সবচেয়ে দামি যুদ্ধজাহাজ ইউএসএস জেরাল্ড ফোর্ড।

০৫ : ইউক্রেনের চার অঞ্চল রাশিয়ার সঙ্গে সংযুক্ত করতে একটি আইনে স্বাক্ষর করেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

০৭ : ২০৫০ সালের মধ্যে বিমান পরিবহন খাতে শূন্য কার্বন নিঃসরণের লক্ষ্য অর্জনের চেষ্টায় জাতিসংঘের বিমান চলাচল সংস্থার (ICAO) সদস্যরা একটি চুক্তিতে পৌঁছে।

০৮ : এক ভয়াবহ বিস্ফোরণে আংশিক ধসে পড়ে রাশিয়া ও ক্রিমিয়া উপদ্বীপ সংযোগকারী কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ কার্চ সেতু।

১১ : দ্বীপরাষ্ট্র শ্রীলঙ্কা নিজেদের নিম্ন আয়ের দেশ হিসেবে ঘোষণা করে। এ বিষয়ে একটি প্রস্তাব দেশটির মন্ত্রিসভা অনুমোদন করে।

: বিরোধপূর্ণ সমুদ্রসীমা পুনর্নির্ধারণ নিয়ে লেবানন ও ইসরায়েল একটি ঐতিহাসিক চুক্তি সম্পাদন করে।

১৭ : প্রথমবারের মতো ইউক্রেনের রাজধানী কিয়েভে 'কামিকাজে' নামে পরিচিত ইরানি ড্রোন শাহেদ-১৩৬ দিয়ে হামলা চালায় রাশিয়া।

১৮ : জেরুজালেমকে ইসরাইলের রাজধানী হিসেবে দেওয়া স্বীকৃতি প্রত্যাহার করে নেয় অস্ট্রেলিয়া।

২০ : পদত্যাগের ঘোষণা দেন যুক্তরাজ্যের তৃতীয় নারী প্রধানমন্ত্রী লিজ ট্রাস।

২২ : ইতালির ইতিহাসে প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন জর্জিয়া মেলোনি।

২৫ : যুক্তরাজ্যের ৫৭তম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ভারতীয় বংশোদ্ভূত ঋষি সুনাক।

## নভেম্বর ২০২২

০২ : ইথিওপিয়া ও তিগ্রাই পিপলস লিবারেশন ফ্রন্ট (TPLF)-এর মধ্যে একটি স্থায়ী যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষরিত।

০৩ : পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের ওয়াজিরাবাদ জেলার গুজরানওয়ালার আল্লাহ হো চকের কাছে গুলিতে ইমরান খানসহ সাতজন গুলিবিদ্ধ হন।

০৬ : মিশরের শার্ম আল-শেখে ২৭তম জাতিসংঘ জলবায়ু সম্মেলন COP-27 শুরু।

০৭ : ইসরাইল ও জর্ডানের মধ্যে 'পানির বিনিময়ে বিদ্যুৎ' চুক্তি স্বাক্ষরিত।

০৮ : নেপালের পশ্চিমাঞ্চলীয় দাতি জেলায় রিখটার স্কেলে ৬.৬ মাত্রার প্রবল ভূমিকম্প আঘাত হানে।

০৯ : ইউক্রেনের খেরসন শহর থেকে সেনা প্রত্যাহারের ঘোষণা দেয় রুশ সেনা কর্তৃপক্ষ।

: আফ্রিকার সাহেল অঞ্চলে পরিচালিত 'অপারেশন বার্কহান'-এর আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রো।

১০ : সামরিক আগ্রাসন শুরুর ২৬০ দিনের মাথায় ইউক্রেনের গুরুত্বপূর্ণ শহর খেরসন থেকে সেনা প্রত্যাহার শুরু করে রাশিয়া।

১১ : ভারতের সাবেক প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর হত্যাকারী নলিনী শ্রীহরণসহ ছয়জন মুক্তি পান।

১৩ : ইরানে নীতি পুলিশের হেফাজতে কুর্দি তরুণী মাসা আমিনির মৃত্যুর ঘটনায় বিক্ষোভের সঙ্গে জড়িত থাকার দায়ে দেশটিতে প্রথম কাউকে মৃত্যুদণ্ড দেওয়ার রায় ঘোষণা করা হয়।

১৫ : ৮০০ কোটি বা ৮ বিলিয়নের মাইলফলক স্পর্শ করে বিশ্ব জনসংখ্যা।

১৬ : চাঁদে অভিযানের জন্য আর্টেমিস-১ মিশনে যাত্রীবিহীন মহাকাশযান 'ওরিয়ন' উৎক্ষেপণ করে নাসা।

১৭ : সৌদি আরবের সাংবাদিক জামাল খাসোগিকে হত্যার অভিযোগ থেকে দেশটির যুবরাজ মোহাম্মদ বিন সালমানকে অব্যাহতি দেয় যুক্তরাষ্ট্র।

৫ নভেম্বর ১৯২২ ফিলিপাইনে জন্ম নেওয়া বিশ্বের ৮০০ কোটিতম মানবসন্তান।



ভিনিস ম্যাবানস্যাগ

১৮ : যুক্তরাষ্ট্রের মূল ভূখণ্ডে আঘাত হানতে সক্ষম এমন আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করে উত্তর কোরিয়া।

২০ : মধ্যপ্রাচ্যের দেশ কাতারে বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর শুরু।

২৪ : মালয়েশিয়ার দশম প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন আনোয়ার ইব্রাহিম।

## ডিসেম্বর ২০২২

০১ : জি-২০-এর সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

০২ : চালকবিহীন যুক্তরাষ্ট্র উন্নত স্টিলথ প্রযুক্তির বোমারু বিমান 'বি-২১ রাইডার' উন্মুক্ত করে।

০৩ : ইন্দোনেশিয়ার পশ্চিম জাভা প্রদেশে ৬.১ মাত্রার ভূমিকম্প আঘাত হানে।

০৫ : সম্মতিবিহীন সব যৌন সম্পর্ককে ধর্ষণ বলে বিবেচনা করার একটি প্রস্তাব সুইজারল্যান্ডের পার্লামেন্টে নিম্নকক্ষে পাস হয়।

০৬ : ইন্দোনেশিয়া পার্লামেন্টে বিয়ে বহির্ভূত শারীরিক সম্পর্ক নিষিদ্ধসহ নতুন ফৌজদারী আইন পাস।

: সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের বিরুদ্ধে দায়ের করা মামলা খারিজ করে দেন মার্কিন বিচারক জন বেটস।

: ফিলিস্তিনি সাংবাদিক শিরিন আবু আকলেহ হত্যার ঘটনায় ইসরায়েলি সেনাবাহিনীর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে (ICC) মামলা করে আলজাজিরা।

০৭ : পেরুর বামপন্থী প্রেসিডেন্ট পেদ্রো ক্যাস্তিলো পার্লামেন্ট ভেঙে দেওয়ার চেষ্টা করলে আইনপ্রণেতারা তাকে অভিশংসন করেন। পরে তাকে গ্রেপ্তার করা হয়। তার স্থলে দেশটির প্রথম নারী প্রেসিডেন্ট হন দিনা বুলার্তো।

: দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে সৌদি আরবে তিনদিনের সফরে যান চীনের প্রেসিডেন্ট শি চিনপিং।

: করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে দেশজুড়ে জারি বিধিনিষেধ প্রত্যাহার করে চীন।

: আফগানিস্তানজুড়ে ফের কঠোর শরীয়া আইন প্রণয়নের নির্দেশ জারির এক মাসের মধ্যে প্রথমবারের মতো জনসমক্ষে মৃত্যুদণ্ড কার্যকর করে তালেবান প্রশাসন।

: কানাডার কুইবেক রাজ্যের মন্ট্রিয়ল শহরে শুরু হয় জীববৈচিত্র্যের ওপর দুই সপ্তাহব্যাপী COP-15 সম্মেলন।

০৮ : ইরানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করার ঘোষণা দেয় যুক্তরাজ্য ও ইউরোপীয় ইউনিয়ন (EU)।

: রাশিয়ায় কারাবন্দি যুক্তরাষ্ট্রের বাস্কেটবল তারকা ব্রিটনি গ্রিনারের মুক্তির বিনিময়ে রুশ অস্ত্র ব্যবসায়ী ভিক্তর বাউটকে মুক্তি দেয় যুক্তরাষ্ট্র।

১০ : দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট প্রবল ঘূর্ণিঝড় 'মানদৌস' ভারতের তামিলনাড়ু ও পুদুচেরিতে আঘাত হানে।

১১ : আরব বিশ্বের প্রথম দেশ হিসেবে সংযুক্ত আরব আমিরাত চাঁদের উদ্দেশ্যে মহাকাশযান প্রেরণ করে।

১৩ : নিউজিল্যান্ডের পার্লামেন্টে 'ধূমপানমুক্ত পরিবেশ' আইন পাস।

১৪ : জাতিসংঘের নারী বিষয়ক পর্ষদ থেকে ইরানকে বহিষ্কার করা হয়।

: দক্ষিণ কোরিয়ায় 'মহাকাশ সেনা ইউনিট' মোতায়েন করে মার্কিন সেনাবাহিনী।

১৫ : আস্থা ভোটে হেরে ভেঙে যায় স্লোভাকিয়ার সরকার।

১৬ : দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সবচেয়ে বড় জাতীয় নিরাপত্তা কৌশল প্রকাশ করে জাপান।

: মালিতে অজ্ঞাত হামলাকারীদের আক্রমণে জাতিসংঘ শান্তিমিশনের এক নারীসহ দুই শান্তিরক্ষী নিহত হয়।

১৭ : তিউনিসিয়ায় পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

: হিজাব ইস্যুতে বিক্ষোভের জেরে অস্কারজয়ী অভিনেত্রী তারানেহ আলিদুস্তিকে আটক করে ইরানের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

১৮ : কাতারে অনুষ্ঠিত ২২তম বিশ্বকাপের ফাইনালে টাইব্রেকারে ৪-৩ গোলে ফ্রান্সকে হারিয়ে ৩৬ বছর পর বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয় মেসির আর্জেন্টিনা।

১৯ : ইউক্রেনকে ৩০৪ মিলিয়ন ডলারের সামরিক সহায়তা দেওয়ার ঘোষণা দেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক।

২০ : আফগানিস্তানে নারীদের জন্য বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণ নিষিদ্ধ করার ঘোষণা দেয় দেশটির তালেবান প্রশাসন।

২১ : রাশিয়ার হামলা শুরু হওয়া পর প্রথমবার বিদেশ সফরে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে যান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি।

: পেরুর ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট পেদ্রো কাস্তিলোর পরিবারকে রাজনৈতিক আশ্রয় দেওয়ায় মেক্সিকোর রাষ্ট্রদূতকে ৭২ ঘণ্টার মধ্যে পেরু ছাড়ার নির্দেশ দেয়া হয়।

: জাতিসংঘ নিরাপত্তা পরিষদে প্রথমবারের মতো মিয়ানমারের পরিস্থিতি নিয়ে একটি রেজল্যুশন গৃহীত।

২২ : প্রথমবারের মতো ইউক্রেন সংঘাতকে যুদ্ধ বলে স্বীকার করেন রুশ প্রেসিডেন্ট পুতিন।

২৩ : সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নির্বাচনে অযোগ্য ঘোষণার সুপারিশ করে দেশটির পার্লামেন্ট কংগ্রেসের তদন্ত কমিটি।

২৬ : নেপালের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন সাবেক মাওবাদী নেতা পুষ্প কমল দাহাল।

ট্রুপিং দ্য কালার



ব্রিটেনের রাজা তৃতীয় চালর্সের জন্মদিন উপলক্ষ্যে ১৭ জুন ২০২৩ যে কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে, তার আনুষ্ঠানিক নাম।



# সাম্প্রতিক MCQ

## বাংলাদেশ

০১. বঙ্গবন্ধুকে নিয়ে প্রথম পূর্ণাঙ্গ কোষগ্রন্থটির নাম কী?
K বঙ্গবন্ধু পিডিয়া L মুজিব কোষ
M বঙ্গবন্ধু কোষ N মুজিবপিডিয়া

০২. বাংলাদেশের শিশুদের অধিকার নিয়ে প্রতিবেদনের জন্য ১১ জন সাংবাদিককে পুরস্কৃত করেছে কোন সংস্থা?
K ইউনিসেফ L ইউনেস্কো
M শিশু একাডেমি N বাংলা একাডেমি

০৩. FAO'র প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশে বনজ সম্পদের ওপর নির্ভরশীল মানুষের হার কত?
K ৪২% L ৫১% M ৬৪% N ৭০%

০৪. পরিবেশবান্ধব বিনিয়োগে বাংলাদেশকে ২৫ কোটি ডলার ঋণ দিচ্ছে কোন সংস্থা?
K আইএমএফ L আইডিবি
M বিশ্বব্যাংক N এডিবি

০৫. 'গ্লোবাল অ্যাম্বাসাডর ফর ডায়াবেটিস' উপাধিতে ভূষিত হয়েছেন কোন বাংলাদেশি?
K শেখ হাসিনা L মতিয়া চৌধুরী
M ডা. দীপু মনি N সুলতানা কামাল

০৬. দেশে পর্যটকদের জন্য চালু হতে যাওয়া সিমের নাম—
K বঙ্গ সিম L অ্যাডভান্স সিম
M ট্যুরিস্ট সিম N টপ প্রায়োরিটি সিম

০৭. বাগেরহাটের রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু হয় কবে?
K ১৭ ডিসেম্বর ২০২২ L ১২ ডিসেম্বর ২০২২
M ১ ডিসেম্বর ২০২২ N ২৫ নভেম্বর ২০২২

০৮. জাপানের বিশেষ অর্থনৈতিক অঞ্চল উদ্বোধন করা হয় নারায়ণগঞ্জের কোন উপজেলায়?
K সোনারগাঁও L রূপগঞ্জ
M আড়াইহাজার N সদর

০৯. ২০২২ সালে বাংলাদেশে এইডসে কতজনের মৃত্যু হয়েছে?
K ২৩২ জন L ২১৫ জন
M ২০৫ জন N ১৩২ জন

১০. বিবিসি'র প্রভাবশালী ১০০ নারীর তালিকায় স্থান পেয়েছেন কোন বাংলাদেশি?
K জয়া প্রদা গুপ্ত L রাবাব ফাতিমা
M সানজিদা ইসলাম ছোঁয়া N রুবানা হক

১১. আন্তর্জাতিক নৌ মহড়া ইন্টারন্যাশনাল ফ্লিট রিভিউয়ের (IFR) আয়োজক দেশ কোনটি?
K বাংলাদেশ L ভারত
M চীন N যুক্তরাষ্ট্র

১২. বিজ্ঞান সাময়িকী *নেচার*-এর ২০২২ সালের শীর্ষ ১০ এ অবস্থানকারী বাংলাদেশি কে?
K বিপ্রদাস বড়ুয়া L আবদুস সাত্তার
M সালিমুল হক N ইনামুল হক

১৩. ১৬.১ কি.মি দীর্ঘ বাংলা চ্যানেল পাড়ি দেওয়ার ১৭তম আয়োজনে প্রথম হন কে?
K সাইফুল ইসলাম L রাব্বি রহমান
M মনিরুজ্জামান N শামসুজ্জামান আরাফাত

## আন্তর্জাতিক

১৪. সম্প্রতি অভিশংসনের মাধ্যমে ক্ষমতাচ্যুত ও আটক পেদ্রো ক্যাস্তিলো কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?
K চিলি L সুদান M পেরু N উরুগুয়ে

১৫. যুক্তরাজ্যে 'ট্রুপিং দ্য কালার' অনুষ্ঠিত হবে কবে?
K ১৭ জুন ২০২৩ L ২০ জুন ২০২৩
M ৩০ জুন ২০২৩ N ১ জুলাই ২০২৩

১৬. বিশ্বের প্রথম দেশ হিসেবে বছরে ১০০ বিলিয়ন ডলার রেমিট্যান্স আয়ের রেকর্ড করে কোন দেশ?
K থাইল্যান্ড L চীন
M ভারত N বাংলাদেশ

১৭. ডিসেম্বর ২০২২ কোন দেশে বিবাহবহির্ভূত শারীরিক সম্পর্ক নিষিদ্ধ করা হয়েছে?
K মালয়েশিয়া L সুদান
M সৌদি আরব N ইন্দোনেশিয়া

১৮. মাঙ্কিপক্সের নতুন নাম কী?
K জেডপক্স L এমপক্স
M অ্যানিমেলপক্স N জঙ্গলপক্স

১৯. ২০২২ সালে অক্সফোর্ড ডিকশনারির সেরা শব্দ কোনটি?
K গবলিন মোড L মেটাভার্স
M গ্যাসলাইটার N মাঙ্কিপক্স

২০. জি-৭ জোট সমুদ্রপথে রপ্তানি করা রাশিয়ার প্রতি ব্যারেল তেলের মূল্য নির্ধারণ করে—
K ৭২ ডলার L ৭০ ডলার
M ৬০ ডলার N ৫০ ডলার

২১. ৮ ডিসেম্বর ২০২২ বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় 'মানদৌস' কোন ভাষার শব্দ?
K ফরাসি L পশতু M জাপানি N আরবি

২২. বিশ্বের সবচেয়ে খাটো পুরুষ আফশিন ইসমায়েল ঘেদেরজাদেহ কোন দেশের নাগরিক?
K কাতার L ইরান
M চিলি N চীন

২৩. বিশ্বের সর্বাধুনিক মানবিক রোবটের নাম—
K সোফিয়া L কিকো
M অ্যামেকা N ব্যাটল থ্রি

| উত্তর | |
|---|---|
| ০১ | ঘ |
| ০২ | ক |
| ০৩ | গ |
| ০৪ | গ |
| ০৫ | ক |
| ০৬ | গ |
| ০৭ | ক |
| ০৮ | গ |
| ০৯ | ক |
| ১০ | গ |
| ১১ | ক |
| ১২ | গ |
| ১৩ | ক |
| ১৪ | গ |
| ১৫ | ক |
| ১৬ | গ |
| ১৭ | ঘ |
| ১৮ | খ |
| ১৯ | ক |
| ২০ | গ |
| ২১ | ঘ |
| ২২ | খ |
| ২৩ | গ |

পূর্ণরূপ International Federation of Journalists। ব্রাসেলসভিত্তিক একটি সংস্থা। এটি ১৪০টিরও বেশি দেশে ছয় লাখ গণমাধ্যম কর্মীর প্রতিনিধিত্ব করে। IFJ

২৪. ফুসফুসের ক্যানসারের জন্য মুখে খাওয়ার ওষুধ অ্যাডাগ্রাসিবের অনুমোদন দিয়েছে—
K যুক্তরাষ্ট্র L জার্মানি
M জাপান N চীন

২৫. কোন দেশে উচ্চশিক্ষা নারীদের নিষিদ্ধ করা হয়?
K সুদান L ইরান
M আফগানিস্তান N পাকিস্তান

## চুক্তি-সম্মেলন

২৬. জানুয়ারি ২০২৩ থেকে EU কোন দেশকে শেনঝেন চুক্তির আওতায় আনার সিদ্ধান্ত নেয়?
K নরওয়ে L ক্রোয়েশিয়া
M আইসল্যান্ড N সুইজারল্যান্ড

২৭. সম্প্রতি চীন-সৌদি কয়টি চুক্তি স্বাক্ষরিত হয়?
K ১২টি L ২৩টি M ৩০টি N ৩৪টি

## রিপোর্ট–সমীক্ষা

২৮. অক্সফামের প্রতিবেদন অনুযায়ী, খাদ্যমূল্য বৃদ্ধির প্রভাবে বিশ্বজুড়ে আরও কত মানুষ দরিদ্র হবে?
K ২০ কোটি L ২২ কোটি
M ২৫ কোটি N ২৭ কোটি

২৯. অ্যাকশনএইড বাংলাদেশ-এর সমীক্ষা অনুসারে, কত শতাংশ নারী অনলাইন সহিংসতার শিকার?
K ৫৭.৬৯% L ৬০.৮৯%
M ৬৩.৫১% N ৬৫.৫০%

৩০. EIU রিপোর্টে অনুযায়ী, বর্তমান বিশ্বের শীর্ষ ব্যয়বহুল শহর—
K নিউইয়র্ক ও সিঙ্গাপুর L সিঙ্গাপুর ও টোকিও
M ঢাকা ও টোকিও N হংকং ও নিউইয়র্ক

৩১. মার্কিন সাময়িকী টাইম-এর 'পারসন অব দ্য ইয়ার ২০২২' নির্বাচিত হন কে?
K জো বাইডেন L ভ্লাদিমির পুতিন
M সি চিন পিং N ভলোদিমির জেলেনস্কি

৩২. টাইম ম্যাগাজিনের 'হিরোস অব দ্য ইয়ার ২০২২' হয়েছেন কারা?
K তিউনিসিয়ার নারীরা L ইরানি নারীরা
M শান্তিরক্ষীরা N পেরুর নারীরা

৩৩. বাংলাদেশে বায়ুদূষণে বছরে কত মানুষের মৃত্যু হয়?
K ৬৫ হাজার L ৮০ হাজার
M ৯২ হাজার N ১ লাখ

৩৪. আইএফজে'র সমীক্ষা অনুযায়ী, ২০২২ সালে কতজন সাংবাদিক হত্যার শিকার হয়েছেন?
K ৬৭ L ৬৩ M ৫২ N ৪৭

৩৫. ফোর্বস'র বিশ্বের ক্ষমতাধর নারীর তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান কততম?
K ৩৮তম L ৪০তম M ৪২তম N ৫০তম

৩৬. বোস্টন কনসাল্টিং গ্রুপ (BCG) রিপোর্ট অনুযায়ী, বাংলাদেশে বর্তমান কর্মক্ষম মানুষের হার কত?
K ৫৮.৭৫% L ৬০.২৫%
M ৬১.১৫% N ৬৮.৪ %

৩৭. BCG প্রতিবেদন অনুযায়ী, অনলাইনে শ্রম দেওয়া দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান—
K প্রথম L দ্বিতীয় M তৃতীয় N চতুর্থ

## পদক-পুরস্কার

৩৮. 'কমনওয়েলথ-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রিন ইনভেস্টমেন্ট অ্যাওয়ার্ড' লাভ করে—
K প্লানেট গ্রিন আফ্রিকা L গ্রিনপিস
M IUCN N WWF

৩৯. যুক্তরাষ্ট্রের 'অ্যান্টিকরাপশন চ্যাম্পিয়নস অ্যাওয়ার্ড' লাভ করেন কে?
K আহমাদ ইশতিয়াক L রোজিনা ইসলাম
M সালাহ উদ্দিন জসিম N জান্নাতুল ফেরদৌসী

৪০. প্রথম 'প্রধান বিচারপতি পদক' পেয়েছেন কতজন?
K ৫ জন L ৭ জন M ৮ জন N ১০ জন

৪১. 'রয়্যাল কলেজ অব ইউকে এফআরসিও' সম্মাননা লাভ করেন কোন বাংলাদেশি চিকিৎসক?
K ডা. মনিরা আক্তার L ডা. রাশিদা বেগম
M ডা. সুষমা দাস N ডা. রোকেয়া কবীর

৪২. রোকেয়া পদক ২০২২ লাভ করেন কতজন?
K ২ জন L ৩ জন M ৪ জন N ৫ জন

## ক্রীড়াঙ্গন

৪৩. টি-টোয়েন্টি ইতিহাসে সর্বনিম্ন ১৫ রানে অলআউট হওয়ার রেকর্ড করে কোন দল?
K সিডনি থান্ডার L অ্যাডিলেইড স্ট্রাইকার্স
M পার্থ স্করচার্স N সিডনি সিক্সার্স

৪৪. ২০২২ সালের গোল্ডেন ফুট অ্যাওয়ার্ড জিতেন কে?
K ক্রিস্টিয়ানো রোনালদো L লেভান্ডোভস্কি
M লিওনেল মেসি N কিলিয়ান এমবাপ্পে

## কাতার বিশ্বকাপ ২০২২

৪৫. চ্যাম্পিয়ন হয়েছে কোন দেশ?
K মরক্কো L ক্রোয়েশিয়া
M ফ্রান্স N আর্জেন্টিনা

৪৬. গোল্ডেন বল পেয়েছেন কে?
K মার্তিনেজ L ডি মারিয়া
M লিওনেল মেসি N কিলিয়ান এমবাপ্পে

৪৭. গোল্ডেন বুট পেয়েছেন কে?
K মার্তিনেজ L ডি মারিয়া
M লিওনেল মেসি N কিলিয়ান এমবাপ্পে

৪৮. কার গোল টুর্নামেন্ট সেরা নির্বাচিত হয়?
K নেইমার জুনিয়র L রিচার্লিসন
M লিওনেল মেসি N কিলিয়ান এমবাপ্পে

৪৯. সেমিফাইনাল ও ফাইনালে ব্যবহৃত বলের নাম কী?
K আল-হিলম L আল-লাইব
M জাবুলানি N আল-রিহলা

৫০. প্রথম হ্যাটট্রিককারী ফুটবলারের নাম কী?
K লিওনেল মেসি L গঞ্জালো রামোস
M কিলিয়ান এমবাপ্পে N নেইমার জুনিয়র

✓ উত্তর

| | |
|---|---|
| ২৪ | ক |
| ২৫ | গ |
| ২৬ | খ |
| ২৭ | ঘ |
| ২৮ | ঘ |
| ২৯ | গ |
| ৩০ | ক |
| ৩১ | ঘ |
| ৩২ | খ |
| ৩৩ | খ |
| ৩৪ | ক |
| ৩৫ | গ |
| ৩৬ | ঘ |
| ৩৭ | খ |
| ৩৮ | ক |
| ৩৯ | খ |
| ৪০ | ক |
| ৪১ | খ |
| ৪২ | ঘ |
| ৪৩ | ক |
| ৪৪ | খ |
| ৪৫ | ঘ |
| ৪৬ | গ |
| ৪৭ | ঘ |
| ৪৮ | খ |
| ৪৯ | ক |
| ৫০ | খ |

**বম্ব সাইক্লোন** | স্বাভাবিক অবস্থায় বায়ুর চাপ থাকে ১০১০ মিলিবার। এ বায়ুচাপ ৩৫ মিলিবার কমে গেলেই তাতে ঘটে 'বম্ব সাইক্লোন'। এক যুগে একবার দেখা মেলে এ ঝড়ের।

# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

প্রশ্ন : WTO'র তথ্যমতে বৈশ্বিক তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের বর্তমান অবস্থান কততম?
উত্তর: দ্বিতীয়।

প্রশ্ন : বঙ্গোপসাগরে অনুষ্ঠিত নৌমহড়া ইন্টারন্যাশনাল ফ্লিট রিভিউ (IFR)-এ কয়টি দেশের নৌবাহিনী ও মেরিটাইম অংশগ্রহণ করে?
উত্তর: ২৮টি দেশ।

প্রশ্ন : বঙ্গবন্ধুকে নিয়ে প্রথম পূর্ণাঙ্গ কোষগ্রন্থ 'মুজিবপিডিয়া' সম্পাদনা করেছেন কে?
উত্তর: কবি, সাংবাদিক ও গবেষক ফরিদ কবির।

প্রশ্ন : ৬ ডিসেম্বর ২০২২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোন উক্তি জাতিসংঘের রেজুলেশনে সন্নিবেশিত হয়েছে?
উত্তর: সকলের সাথে বন্ধুত্ব, কারো সাথে বৈরিতা নয়।

প্রশ্ন : কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তৈরি কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন সর্বাধুনিক মানব রোবটটির নাম কী?
উত্তর: নিকো।

প্রশ্ন : দেশে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে টিকার চতুর্থ ডোজ কার্যক্রম শুরু হয় কবে?
উত্তর: ২০ ডিসেম্বর ২০২২।

প্রশ্ন : সম্প্রতি LEED সবুজ কারখানার স্বীকৃতি পেয়েছে কোন দুটি কারখানা?
উত্তর: ভিক্টোরিয়া ইন্টিমেটস লিমিটেড ও ড্রেসডেন টেক্সটাইল লিমিটেড।

প্রশ্ন : জানুয়ারি ২০২৩ থেকে নতুন শিক্ষাক্রম চালু হয় কোন কোন শ্রেণিতে?
উত্তর: প্রথম, ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে।

## আন্তর্জাতিক

প্রশ্ন : ৫ ডিসেম্বর ২০২২ নির্মাণ শুরু করা বিশ্বের বৃহত্তম টেলিস্কোপের নাম কী?
উত্তর: স্কয়ার কিলোমিটার অ্যারে (SKA)।

প্রশ্ন : বিজ্ঞানীরা সম্প্রতি পৃথিবীর চেয়ে দ্বিগুণ যে গ্রহের সন্ধান পেয়েছেন তার নাম কী?
উত্তর: এইচডি ১১৪০৮২বি।

প্রশ্ন : বিখ্যাত উপন্যাস 'City of Joy'-এর লেখক দোমিনিক ল্যাপিয়ার কবে মারা যান?
উত্তর: ৪ ডিসেম্বর ২০২২।

প্রশ্ন : সম্প্রতি ১০০টি দ্বীপ বিক্রি করে দেওয়ার ঘোষণা দিয়েছে কোন দেশ?
উত্তর: ইন্দোনেশিয়া।

প্রশ্ন : দুর্নীতির দায়ে সাজাপ্রাপ্ত *ক্রিস্টিনা ফার্নান্দেজ ডি কির্চনার* কোন দেশের ভাইস প্রেসিডেন্ট?
উত্তর: আর্জেন্টিনা।

প্রশ্ন : সম্প্রতি শুরু করা ইরানের নতুন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নাম কী?
উত্তর: কারুন বিদ্যুৎ কেন্দ্র।

প্রশ্ন : তুরস্কের কোন দুটি ঐতিহ্যবাহী বিষয় ইউনেস্কোর সাংস্কৃতিক ঐতিহ্যের স্বীকৃতি পেয়েছে?
উত্তর: চা ও নাসিরুদ্দিন হোজ্জার গল্প।

প্রশ্ন : কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে নতুন ধরনের যুদ্ধবিমান তৈরি করছে কোন তিন রাষ্ট্র?
উত্তর: যুক্তরাজ্য, ইতালি ও জাপান।

প্রশ্ন : মঙ্গল গ্রহের মাটিতে দেড় বছর অভিযান পরিচালনা করে রেকর্ড গড়েছে নাসার কোন মহাকাশযান?
উত্তর: ইনজেনুইটি।

প্রশ্ন : বিশ্বের বৃহত্তম বৈদ্যুতিক বাস ডিপো কোনটি?
উত্তর: ৪৭৮টি বাস ধারণক্ষমতাসম্পন্ন কাতারের লুসাইল বাস ডিপো।

প্রশ্ন : যুক্তরাষ্ট্রের সর্বশেষ উন্মোচিত অত্যাধুনিক বোমারু বিমানের নাম কী?
উত্তর: বি-২১ রাইডার।

প্রশ্ন : মানুষের যেকোনো ভাবনাকে ছবিতে রূপান্তরের আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সফটওয়্যারের নাম কী?
উত্তর: Dall E।

প্রশ্ন : পেরুর প্রথম নারী প্রেসিডেন্টের নাম কী?
উত্তর: দিনা বুলার্তো।

প্রশ্ন : কানাডার মন্ট্রিলে জাতিসংঘের জীববৈচিত্র্য সম্মেলনে পরিবেশ ও বাস্তুসংস্থান সুরক্ষায় ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয় কবে?
উত্তর: ১৯ ডিসেম্বর ২০২২।

প্রশ্ন : বিশ্ব সৌন্দর্য প্রতিযোগিতায় মিসেস সুন্দরী খেতাব জিতেছেন কে?
উত্তর: ভারতীয় সুন্দরী *সরগম কৌশল*।

প্রশ্ন : বাংলাদেশে সফররত যুক্তরাষ্ট্রের জনসংখ্যা, শরণার্থী ও অভিবাসন ব্যুরোর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির নাম কী?
উত্তর: জুলিয়েটা ভ্যালস নোয়েস।

প্রশ্ন : 'ইয়ানার দাগ' জ্বলন্ত আগ্নেয়গিরি কোথায় অবস্থিত?
উত্তর: আজারবাইজান।

প্রশ্ন : বোস্টন কনসাল্টিং গ্রুপ (বিসিজি) প্রতিবেদন অনুসারে অনলাইনে শ্রম দেওয়া দেশের তালিকায় শীর্ষ দেশ কোনটি?
উত্তর: ভারত; ২৪.৮ %।

প্রশ্ন : ২৫ ডিসেম্বর ২০২২ শৈত্যঝড় 'বম্ব সাইক্লোন' কোন দেশে আঘাত হানে?
উত্তর: যুক্তরাষ্ট্রে।

# Recent Affairs in English

## BANGLADESH

- What is the name of the first encyclopedia over the biography of Bangabandhu Sheikh Mujibur Rahman?
— Mujibpedia (Chief Editor : Kamal Abdul Naser Chowdhury)
- Who has recently won USA Anti-Corruption Champion Award?
— Journalist Rozina Islam
- What is the duration of Smart Bangladesh Vision?
— 2022-2041
- According to the USA based Forbes Magazine-2022, what is the rank of Prime Minister, Sheikh Hasina among the most powerful women?
— 42th (1st: Ursula Von der Leyen; Belgium)
- According to World Trade Statistical Review 2022, what is the Bangladesh's position in the global apparel market?
— 2nd (1st China; 3rd Vietnam)

## INTERNATIONAL

- What is the name of the helicopter sent by NASA to Mars?
— Ingenuity
- As a first Arab country, which country has sent 'the Rashid Rover' to the moon?
— United Arab Emirates
- What is the name of the first ever Arab-built lunar spacecraft to launch into space?
— The Rashid Rover

## WORLD CUP FOOTBALL 2022

- Which country won the championship?
— Argentina (Runners-up: France)
- Who is the golden ball winner?
— Lionel Messi (Argentina)
- Who is the golden boot winner?
— Kylian Mbappe (France)
- Who is the golden gloves winner?
— Emi Martinez (Argentina)
- What is the name of ball for the semi-finals and the final of FIFA World Cup-2022?
— Al Hilm (meaning Dream)
- Where will be the next 2026 FIFA World Cup Football?
— Canada, Mexico and the United States

# YEAR REVIEW 2022

## BANGLADESH

- What is the length of the country's largest bridge 'the Padma Bridge?
— 6.15 kilometers (inaugurated on 25 June 2022)
- By which year will Bangladesh exit from the LDC category?
— 2026
- Which country has received 'International Peace Award' as one of the founding member of D-8?
— Bangladesh
- Where is the first private space observatory center situated in Bangladesh?
— Sreepur, Gazipur

## INTERNATIONAL

- Which city is called as the world's first paperless city?
— Dubai, UAE
- What is the name of the first black man who has won the title as the best actor in Oscar?
— Sidney Poitier
- What is the name of the first female President of Slovenia?
— Natasa Pirc Musar
- Where was the Climate Change Conference (COP-27) held?
— Sharm el-Sheikh, Egypt

## REPORTS

- Which is the most densely populated country as per World Population Prospects-2022?
— Monaco (24,476 per sq.km)
- Which country has achieved the top rank of Human Development Report-2021-22?
— Switzerland (Bangladesh 129th)

## SPORTS

- Who has won the FIFA Best Awards 2022?
— Robert Lewandowski (Poland)
- Which country has won the SAFF Women's Championship-2022?
— Bangladesh (Beating Nepal)
- Which country has become champion in Men's T20 World Cup-2022?
— England (Runners-up Pakistan)

**জাতীয় মানবাধিকার কমিশন** | চেয়ারম্যান ও সার্বক্ষণিক সদস্য তিন বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হন। চেয়ারম্যান সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতির পদমর্যাদা পান।

# সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

## নতুন মুখ

### বাংলাদেশ

#### সচিব

- প্রধানমন্ত্রীর মুখ্য সচিব : মো. তোফাজ্জল হোসেন মিয়া; নিয়োগ ৬ ডিসেম্বর ২০২২।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব : মোহাম্মদ সালাহ উদ্দিন; পদোন্নতি ৬ ডিসেম্বর ২০২২।
- মন্ত্রিপরিষদ সচিব : কবির বিন আনোয়ার; নিয়োগ ১১ ডিসেম্বর ২০২২। তিনি দেশের ২৩তম মন্ত্রিপরিষদ সচিব।
- পানিসম্পদ মন্ত্রণালয় : নাজমুল আহসান; নিয়োগ ১১ ডিসেম্বর ২০২২।
- কৃষি মন্ত্রণালয় : ওয়াহিদা আক্তার; নিয়োগ ২২ ডিসেম্বর ২০২২। তিনি প্রথম নারী কৃষি সচিব।
- পরিকল্পনা বিভাগ : সত্যজিৎ কর্মকার; নিয়োগ ২২ ডিসেম্বর ২০২২।
- ডাক ও টেলিযোগাযোগ বিভাগ : আবু হেনা মোরশেদ জামান; নিয়োগ ২২ ডিসেম্বর ২০২২।
- পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) : আবুল কাশেম মো. মহিউদ্দিন; নিয়োগ ২২ ডিসেম্বর ২০২২।

#### কমিশনার

- বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC) : ড. মুশফিক মান্নান; নিয়োগ ৪ ডিসেম্বর ২০২২।
- রাজশাহী মহানগর পুলিশ (RMP): আনিসুর রহমান; নিয়োগ ২২ ডিসেম্বর ২০২২।

#### বিবিধ

- চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন (BJMC) : মো. রাহাত আনোয়ার; নিয়োগ ৭ ডিসেম্বর ২০২২।
- ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইনস: শফিউল আজিম; নিয়োগ ৭ ডিসেম্বর ২০২২।
- মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে : মো. কামরুল আহসান; নিয়োগ ৮ ডিসেম্বর ২০২২।
- জেলা প্রশাসক, ঢাকা : মমিনুর রহমান; দায়িত্ব গ্রহণ ৮ ডিসেম্বর ২০২২।
- উপাচার্য, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেফমুবিপ্রবি) : অধ্যাপক ড. মো. কামরুল আলম খান; নিয়োগ ১২ ডিসেম্বর ২০২২।
- রেক্টর, বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (BPATC) : মো. আশরাফ উদ্দিন; নিয়োগ ২২ ডিসেম্বর ২০২২। তিনি সচিব পদমর্যাদায় নিযুক্ত।
- বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক : ড. মাহমুদ কায়কাউস। তিন বছরের জন্য ওয়াশিংটনে সংস্থাটির প্রধান কার্যালয়ে দায়িত্ব পালন করবেন তিনি ।
- বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত : ইওয়ামা কিমিনোরি; পরিচয়পত্র পেশ ২৬ ডিসেম্বর ২০২২।
- অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার : এম আল্লামা সিদ্দিকী; দায়িত্ব গ্রহণ ২৮ নভেম্বর ২০২২।

#### নতুন মানবাধিকার কমিশন

৮ ডিসেম্বর ২০২২ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জাতীয় মানবাধিকার কমিশনের নতুন চেয়ারম্যান, সার্বক্ষণিক সদস্য ও নতুন পাঁচ অবৈতনিক সদস্য নিয়োগ দেন।

**চেয়ারম্যান**

- সাবেক সচিব কামাল উদ্দিন আহমেদ

**সার্বক্ষণিক সদস্য**

- সাবেক সচিব মো. সেলিম রেজা

**পাঁচ অবৈতনিক সদস্য**

- সাবেক সিনিয়র জেলা ও দায়রা জজ মো. আমিনুল ইসলাম
- খাগড়াছড়ি চেম্বার্স অব কমার্সের সভাপতি কংজুরি চৌধুরী
- বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য বিশ্বজিৎ চন্দ
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইম্যান অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের অধ্যাপক তানিয়া হক
- সুপ্রিম কোর্টের আইনজীবী কাওসার আহমেদ

### আন্তর্জাতিক

#### প্রেসিডেন্ট

- ব্রাজিল : লুলা ডি সিলভা : দায়িত্ব গ্রহণ ১ জানুয়ারি ২০২৩।
- স্লোভানিয়া : নাতাশা পির্ক মুসার; দায়িত্ব গ্রহণ ২২ ডিসেম্বর ২০২২।

#### প্রধানমন্ত্রী

- পেরু : আলবার্তো ওতারোলা; দায়িত্ব গ্রহণ ২১ ডিসেম্বর ২০২২।
- ফিজি : সিতিবেনি রাবুকা; দায়িত্ব গ্রহণ ২৪ ডিসেম্বর ২০২২।
- নেপাল : পুষ্প কমল দাহাল; দায়িত্ব গ্রহণ ২৬ ডিসেম্বর ২০২২।

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের প্রথম শিখ ধর্মাবলম্বী মেয়র। ২৩ ডিসেম্বর ২০২২ তিনি শহরের ১১৭তম মেয়র হিসেবে শপথ গ্রহণ করেন।



মিকি হোথি

# হারানো মানুষ

## বাংলাদেশ

- **এবিএম গোলাম মোস্তফা (২ ফেব্রুয়ারি ১৯৩৪-৩ ডিসেম্বর ২০২২) :** সাবেক সংসদ সদস্য, সাবেক মন্ত্রী ও সচিব। তার জন্ম কুমিল্লায়। বাংলাদেশের প্রথম বেতন কমিশনের সদস্যসহ ১৭ বছর ৭টি মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। ১৯৮৮ সালে জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ মন্ত্রী এবং বন্যা নিয়ন্ত্রণ ও পানিসম্পদ মন্ত্রীর দায়িত্ব পালন করেন।
- **গ্রুপ ক্যাপ্টেন (অব.) শামসুল আলম (মৃত্যু ৮ ডিসেম্বর ২০২২) :** স্বাধীনতাযুদ্ধে বীরউত্তম খেতাবপ্রাপ্ত আকাশযোদ্ধা। বর্তমান বিমানবাহিনীর সূতিকাগার হিসেবে বিবেচিত 'কিলো ফ্লাইটের' সক্রিয় সদস্য হিসেবে শামসুল আলম মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশ নেন।
- **ড. আলাউদ্দিন (১৩ ডিসেম্বর ২০২২) :** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও কিশোরগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য। তিনি মুক্তিযুদ্ধে নৌ-কমান্ডোর সাহসী বীর মুক্তিযোদ্ধা ছিলেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক শিক্ষা উপদেষ্টা হিসেবেও দায়িত্ব পালন করেন।

## আন্তর্জাতিক

- **দমিনিক লাপিয়ের (৩০ জুলাই ১৯৩১-৪ ডিসেম্বর ২০২২) :** ফরাসি লেখক। কলকাতাকে নিয়ে লেখা City of Joy উপন্যাসের জন্য তিনি উপমহাদেশের পাঠকদের কাছে বেশি পরিচিত। তার সবচেয়ে বিখ্যাত বই Is Paris Burning? ১৯৬৫ সালে প্রকাশিত এ বইটিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ১৯৪৪ সালের আগস্ট পর্যন্ত ঘটনা বর্ণনা করা হয়েছে। বইটিকে পরে চলচিত্রে রূপ দেওয়া হয়েছিল।
- **জিয়াং জেমিন (১৭ আগস্ট ১৯২৬-৩০ নভেম্বর ২০২২) :** চীনের সাবেক প্রেসিডেন্ট। চীনের প্রেসিডেন্ট হিসেবে জিয়াং দেশকে বৈশ্বিক কূটনৈতিক বিচ্ছিন্নতা থেকে বের করে নিয়ে আসেন। বর্তমান চীনের নজিরবিহীন অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়ন তার শাসনামলেই শুরু হয়। তার শাসনামলেই ব্রিটিশ শাসনের হাত থেকে হংকংকে মুক্ত করা এবং ২০০১ সালে বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) সদস্য হওয়ার মতো বৈপ্লবিক পরিবর্তন দেখেছে চীন। চীনে তিনি ঝাংঝে বা সিনিয়র হিসেবে পরিচিত ছিলেন।



- **ফ্রাঙ্কো ফ্রাত্তিনি (১৪ মার্চ ১৯৫৭-২৪ ডিসেম্বর ২০২২) :** ইতালির সাবেক পররাষ্ট্রমন্ত্রী। ২০০২-০৪ এবং ২০০৮-১১ পর্যন্ত সিলভিও বার্লুসকোনির নেতৃত্বাধীন সরকারের পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পালন করেন। এছাড়া ২০০৪-০৮ পর্যন্ত তিনি ইউরোপীয় কমিশনার ছিলেন।
- **শায়খ আবদুর রহমান বিন আবদুল হাই আল-কাত্তানি (১৯১৯-৬ ডিসেম্বর ২০২২) :** মরক্কোর বিশ্বখ্যাত মুহাদ্দিস। তাকে সমকালীন বিশ্বের হাদিসের সনদ ও রিওয়াতে উঁচু মর্যাদার অধিকারী মনে করা হয়। তিনি মরক্কোর ফেজ শহরে জন্মগ্রহণ করেন। তার বাবা ছিলেন বিংশ শতাব্দীর প্রসিদ্ধ মুহাদ্দিস শায়খ আবদুল হাই বিন আবদুল কাবির আল-কাত্তানি (রহ.)।

# বিনোদন-সংস্কৃতি

### কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব

আয়োজন : ২৮তম ‖ সময়কাল : ১৫-২২ ডিসেম্বর ২০২২।

– উৎসবের আন্তর্জাতিক প্রতিযোগিতা বিভাগে নির্বাচিত বাংলাদেশি ছবি *কুড়া পক্ষীর শূন্যে উড়া*।

### মিসেস ওয়ার্ল্ড

১৯৮৪ সালে শুরু হয় বিবাহিতদের নিয়ে আয়োজিত সৌন্দর্য প্রতিযোগিতা 'মিসেস ওয়ার্ল্ড'। শুরুতে এর নাম ছিল 'মিসেস উইমেন অব দি ওয়ার্ল্ড'। ১৮ ডিসেম্বর ২০২২ যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে অনুষ্ঠিত ২০২২ সালের মিসেস ওয়ার্ল্ড প্রতিযোগিতায় ৬২ দেশের প্রতিযোগীদের পেছনে ফেলে সেরার মুকুট পরেন ভারতীয় সুন্দরী সরগম কুশল। ইংরেজি সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে জম্মু-কাশ্মীরের মেয়ে সরগমের। এর আগে ২০০১ সালে প্রথম ভারতীয় হিসেবে এ খেতাব পেয়েছিলেন ড. অদিতি গোভিত্রিকা।



### রঞ্জিত গোধূলি

বরেণ্য অভিনেতা আবুল হায়াত রচিত উপন্যাস। প্রকাশিত হবে বইমেলা ২০২৩।

### A Story of My Time

জাপান প্রবাসী সাংবাদিক মনজুরুল হক রচিত আত্মজৈবনিক বই। মুক্তিযুদ্ধভিত্তিক এ ব্যতিক্রমী বইটি ইংরেজিতে রচিত। মুক্তিযুদ্ধভিত্তিক বইগুলো সাধারণত একাত্তরের মার্চ থেকে শুরু হয় এবং ডিসেম্বরে বিজয়ের মধ্য দিয়ে শেষ হয়। কিন্তু এ বই শুরু হয়েছে বিশ শতকের ষাটের দশক থেকে এবং শেষ হয়েছে একাত্তরের ২৪ মার্চ। লেখক মনজুরুল হকের জন্ম ঢাকায়।

# দিবস-প্রতিপাদ্য

## ডিসেম্বর ২০২২

১ : বিশ্ব এইডস দিবস। প্রতিপাদ্য— অসমতা দূর করি, এইডসমুক্ত বিশ্ব গড়ি।

৩ : আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস। প্রতিপাদ্য— অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য পরিবর্তনমুখী পদক্ষেপ : প্রবেশগম্য ও সমতাভিত্তিক বিশ্ব বিনির্মাণে উদ্ভাবনের ভূমিকা।

৪ : জাতীয় বস্ত্র দিবস। প্রতিপাদ্য— দেশীয় বস্ত্র ব্যবহার করি, সোনার বাংলাদেশ গড়ে তুলি।
: আন্তর্জাতিক ব্যাংক দিবস।

৫ : বিশ্ব মৃত্তিকা দিবস। প্রতিপাদ্য— মাটি : খাদ্যের সূচনা যেখানে।
: আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস। প্রতিপাদ্য— স্বেচ্ছাসেবার মাধ্যমে সংহতি।

৬ : বাংলাদেশ-ভারত মৈত্রী দিবস।
: স্বৈরাচার পতন ও গণতন্ত্র মুক্তি দিবস।

৭ : আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল দিবস।

৯ : বেগম রোকেয়া দিবস।
: আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস। স্লোগান— দুর্নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ বিশ্ব।

১০ : বিশ্ব মানবাধিকার দিবস। প্রতিপাদ্য— মানব-মর্যাদা, স্বাধীনতা আর ন্যায়পরায়ণতা, দাঁড়াব সকলেই অধিকারের সুরক্ষায়।

১০ : ভ্যাট দিবস। প্রতিপাদ্য— উন্নয়নের ভ্যাট নীতি, ভ্যাট দিয়ে গড়ব জাতি।

১১ : আন্তর্জাতিক পর্বত দিবস। প্রতিপাদ্য— Women move mountains.

১২ : ডিজিটাল বাংলাদেশ দিবস। প্রতিপাদ্য— প্রগতিশীল প্রযুক্তি, অন্তর্ভুক্তিমূলক উন্নতি।
: আন্তর্জাতিক সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা দিবস।

১৪ : শহীদ বুদ্ধিজীবী দিবস।

১৬ : মহান বিজয় দিবস।

১৮ : বাংলাদেশ সুপ্রিম কোর্ট দিবস
: আন্তর্জাতিক অভিবাসী দিবস। প্রতিপাদ্য— থাকবো ভালো, রাখবো ভালো দেশ, বৈধপথে প্রবাসী আয়, গড়ব বাংলাদেশ।
: আন্তর্জাতিক আরবি ভাষা দিবস। প্রতিপাদ্য— আরবি ভাষা সভ্যতার সেতু।

১৯ : বাংলা ব্লগ দিবস।

২০ : বর্ডার গার্ড বাংলাদেশ দিবস।
: আন্তর্জাতিক মানবিক সংহতি দিবস।

২৭ : আন্তর্জাতিক মহামারি প্রস্তুতি দিবস।

### সপ্তাহ

- ১০-১৫ : ভ্যাট সপ্তাহ।

# খেলার আসর

## টি২০-তে সর্বনিম্ন সংগ্রহের বিশ্বরেকর্ড

১৬ ডিসেম্বর ২০২২ অস্ট্রেলিয়ায় বিগব্যাশ লিগের দল সিডনি থান্ডার মাত্র ১৫ রানে অলআউট হয়ে স্বীকৃত টি২০ ম্যাচে সর্বনিম্ন রানের বিশ্বরেকর্ড গড়েন। সিডনি থান্ডারকে মাত্র ৩৫ বলে ১৫ রানে অলআউট করে দিয়ে ১২৪ রানের বিশাল ব্যবধানে জয়লাভ করে অ্যাডিলেইড স্ট্রাইকার্স। এর আগে টি২০-তে সর্বনিম্ন দলীয় সংগ্রহের রেকর্ডটি ছিল ২১ রানের। ২০১৯ সালে চেক রিপাবলিকের বিপক্ষে তুরস্ক এই লজ্জায় পড়েছিল। সিডনি থান্ডার তাদের সেই লজ্জা নিজেদের কাঁধে নিয়ে নেয়।

## ৩২ দলের ক্লাব বিশ্বকাপ

২০২৫ সাল থেকে ৩২ দলের ক্লাব বিশ্বকাপ আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা। ১৬ ডিসেম্বর ২০২২ বিষয়টি নিশ্চিত করেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো। মূল বিশ্বকাপের মতো ২০২৫ সাল থেকে ক্লাব বিশ্বকাপও চার বছর পরপর করার সিদ্ধান্ত হয়।

## বিবিধ

- ২৩ ডিসেম্বর ২০২২ শেখ কামাল দ্বিতীয় বাংলাদেশ যুব গেমস ২০২৩ এর লোগো ও মাসকট উন্মোচন করা হয়। ২-১০ জানুয়ারি ২০২৩ প্রথমপর্বে আন্তঃউপজেলা, ১৬-২২ জানুয়ারি ২০২৩ দ্বিতীয় পর্বে আন্তঃউপজেলা এবং ২৬ ফেব্রুয়ারি-৪ মার্চ ২০২৩ জাতীয় পর্যায়ে এ গেমস অনুষ্ঠিত হবে।
- ১৫ ডিসেম্বর ২০২২ বাংলাদেশের ১০১তম টেস্ট ক্রিকেটার হিসেবে অভিষেক ঘটে জাকির হাসানের। চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে ভারতের বিপক্ষে অভিষেক হয় ২৪ বছর বয়সী এ ক্রিকেটারের।
- ২০২২ সালের গোল্ডেন ফুট অ্যাওয়ার্ড জিতেন স্প্যানিশ ক্লাব বার্সেলোনার পোলিশ স্ট্রাইকার রবার্ট লেভান্ডোভস্কি।

## ক্রীড়া ক্যালেন্ডার ২০২৩

- ২০ মে-২১ জুন : ২৩তম ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে ইন্দোনেশিয়ায়।
- ১৬ জুন-১৬ জুলাই : কাতারে অনুষ্ঠিত হবে এএফসি এশিয়া কাপের ১৮তম আসর।
- ২০ জুলাই-২০ আগস্ট : অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে অনুষ্ঠিত হবে নবম ফিফা নারী বিশ্বকাপ।
- ২৩ সেপ্টেম্বর-০৮অক্টোবর : চীনের হাংঝুতে অনুষ্ঠিত হবে ১৯তম এশিয়ান গেমস।
- অক্টোবর-২৬ নভেম্বর : আইসিসি ক্রিকেট বিশ্বকাপের ১৩তম আসর ভারতে অনুষ্ঠিত হবে।

গোল্ডেন ফুট অ্যাওয়ার্ড | এমন ফুটবলারদের দেওয়া হয়, যারা তাদের অর্জন ও ব্যক্তিত্ব দিয়ে ফুটবলে বিশেষ অবদান রেখেছেন। এই পুরস্কার দেওয়া হয়, যাদের বয়স ন্যূনতম ২৮ বছর।




## মীনা মিডিয়া অ্যাওয়ার্ড

বাংলাদেশে শিশুদের অধিকার নিয়ে অসামান্য প্রতিবেদনের জন্য ১১ জন সাংবাদিককে পুরস্কৃত করেছে ইউনিসেফ। ৬ ডিসেম্বর ২০২২ পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা করে ইউনিসেফ বাংলাদেশ। শিশুদের বিভিন্ন বিষয় গণমাধ্যমে তুলে ধরার ক্ষেত্রে সাংবাদিকতার উৎকর্ষকে স্বীকৃতি দিয়ে থাকে ইউনিসেফ মীনা মিডিয়া অ্যাওয়ার্ডস।

## বঙ্গবন্ধু গ্রিন ইনভেস্টমেন্ট অ্যাওয়ার্ড

প্রথমবারের মতো প্রদত্ত 'কমনওয়েলথ-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রিন ইনভেস্টমেন্ট অ্যাওয়ার্ড' লাভ করে 'প্ল্যানেট গ্রিন আফ্রিকা'। মালাবির কৃষিতে সবুজ প্রযুক্তির প্রসারে বিশেষ অবদান রাখায় সংস্থাটিকে এই পুরস্কার দেওয়া হয়। ৬ ডিসেম্বর ২০২২ লন্ডনে অনুষ্ঠিত দুই দিনব্যাপী 'কমনওয়েলথ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট'-এর সমাপনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ প্রতিনিধি হিসেবে তার বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান 'প্ল্যানেট গ্রিন আফ্রিকা'কে এই পুরস্কার তুলে দেন।

## প্রথম প্রধান বিচারপতি পদক

প্রথম 'প্রধান বিচারপতি পদক' লাভ করেন বিচারিক আদালতের পাঁচ বিচারক। পদকপ্রাপ্ত বিচারকরা— জেলা ও দায়রা জজ ক্যাটাগরিতে চট্টগ্রাম মহানগর দায়রা জজ বেগম জেবুন্নেছা, অতিরিক্ত জেলা জজ ক্যাটাগরিতে টাঙ্গাইলের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সাউদ হাসান, যুগ্ম জেলা ও দায়রা জজ ক্যাটাগরিতে নওগাঁর যুগ্ম জেলা ও দায়রা জজ মো. খোরশেদ আলম, সিনিয়র সহকারী জজ ক্যাটাগরিতে চট্টগ্রামের সিনিয়র সহকারী জজ মোসা. রেশমা খাতুন এবং সহকারী জজ ক্যাটাগরিতে রংপুরের সহকারী জজ মো. হাসিনুর রহমান মিলন। এছাড়া দলগতভাবে এই পদক লাভ করেন ময়মনসিংহ জেলা ও দায়রা জজ আদালত। ১৮ ডিসেম্বর ২০২২ সুপ্রিম কোর্টের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিচারকদের হাতে এ পুরস্কার তুলে দেওয়া হয়।

## বাংলা একাডেমির সাম্মানিক ফেলোশিপ

দেশের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সাতজন বিশিষ্ট ব্যক্তিকে দেওয়া হয় বাংলা একাডেমি সাম্মানিক ফেলোশিপ-২০২২। ফেলোশিপপ্রাপ্তরা—

- শিক্ষা : অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।
- বিজ্ঞান : অধ্যাপক মোহাম্মদ আলী রেজা খান।
- চিকিৎসা : ডা. মো. জাকির হোসেন।
- আলোকচিত্রশিল্প : নাসির আলী মামুন।
- ভাস্কর্য/চিত্রকলা : হামিদুজ্জামান খান।
- সংস্কৃতি : জয়ন্ত চট্টোপাধ্যায়।
- সমাজসেবা : ডা. সেলিনা হায়াত আইভী।

## জাতিসংঘ শান্তি পদক

মালিতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত বাংলাদেশ ফর্মড পুলিশ ইউনিট (ব্যানএফপিইউ)-২ (রোটেশন-৪) এর ১৪০ জন সদস্য জাতিসংঘ শান্তি পদক লাভ করেছেন। ২৮ ডিসেম্বর ২০২২ মালির জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের পুলিশপ্রধান পুলিশ কমিশনার জেনারেল বেটিনা প্যাটিসিয়া বুগানি তাদের হাতে পদক তুলে দেন।

## বেগম রোকেয়া পদক ২০২২

সমাজের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ 'বেগম রোকেয়া পদক ২০২২' লাভ করেন দেশের পাঁচজন নারী। ৯ ডিসেম্বর ২০২২ বেগম রোকেয়া দিবসে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে তাদের হাতে পদক তুলে দেওয়া হয়। তাদেরকে ১৮ ক্যারেট মানের ২৫ গ্রাম সোনা দ্বারা নির্মিত একটি পদক, পদকের একটি রেপ্লিকা, নগদ চার লাখ টাকা এবং একটি সম্মাননাপত্র দেওয়া হয়। পুরস্কারপ্রাপ্তরা—




- নারীশিক্ষা : ফরিদপুরের রহিমা খাতুন।
- নারী অধিকার প্রতিষ্ঠা : চট্টগ্রামের প্রফেসর কামরুন নাহার বেগম (অ্যাডভোকেট)।
- নারীর আর্থ-সামাজিক উন্নয়ন : সাতক্ষীরার ফরিদা ইয়াসমিন।
- সাহিত্য ও সংস্কৃতিতে নারী জাগরণ : নড়াইলের ড. আফরোজা পারভীন।
- পল্লী উন্নয়ন : ঝিনাইদহের নাছিমা বেগম।

কাসা রোসাদা | আর্জেন্টিনার প্রেসিডেন্টের সরকারি বাসভবন।




## শীর্ষ ধনী আর্নল্ট

সেপ্টেম্বর ২০২১ থেকে *ফোর্বস*-এ তালিকায় বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি হিসেবে শীর্ষস্থান ধরে রেখেছিল টুইটারের মালিক এবং টেসলার সিইও ইলন মাস্ক। সর্বশেষ *ফোর্বস* ও *ব্লুমবার্গ*— উভয়ের র‍্যাঙ্কিং অনুযায়ী মাস্ককে ছাড়িয়ে ধনকুবের তালিকায় শীর্ষে উঠে এসেছেন বিলাসপণ্যের কোম্পানি LVMH'র প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) বার্নার্ড আর্নল্ট। *ফোর্বস*-এর হিসাব অনুযায়ী, বর্তমানে মাস্কের সম্পদের পরিমাণ প্রায় ১৭,৮০০ কোটি ডলার। আর আর্নল্টের সম্পদের পরিমাণ ১৮,৮০০ কোটি ডলার।

## বৈশ্বিক গণতন্ত্র পরিস্থিতি ২০২২

সুইডেনভিত্তিক গবেষণা সংস্থা দ্য ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেকটোরাল অ্যাসিসট্যান্স (IDEA) ৩০ নভেম্বর ২০২২ The Global State of Democracy শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী—

- **কর্তৃত্ববাদী শাসনের দেশ :** বাংলাদেশ, চীন, মিয়ানমার, থাইল্যান্ড, ভিয়েতনাম, আফগানিস্তান, উজবেকিস্তান, কম্বোডিয়া ও কাজাখস্তান।
- **গণতান্ত্রিক পরিবেশ সবচেয়ে বেশি মাত্রায় খারাপ হওয়া দেশ :** যুক্তরাষ্ট্র, ব্রাজিল, হাঙ্গেরি, ভারত, মরিশাস ও পোল্যান্ড।
- **গণতান্ত্রিক পরিবেশ সবচেয়ে ভালো অবস্থানে থাকা ১০ দেশ :** ১. নরওয়ে, ২. নিউজিল্যান্ড, ৩. ফিনল্যান্ড, ৪. সুইডেন, ৫. আইসল্যান্ড, ৬. ডেনমার্ক, ৭. আয়ারল্যান্ড, ৮. তাইওয়ান, ৯. অস্ট্রেলিয়া এবং ১০. সুইজারল্যান্ড।

## বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহর

প্রকাশ : ডিসেম্বর ২০২২ ▌প্রকাশক : Economist Intelligence Unit (EIU) ▌অন্তর্ভুক্ত শহর : ১৭২টি ▌ব্যয়বহুল শহর : সিঙ্গাপুর ও নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র ▌সর্বাধিক মূল্যস্ফীতির শহর : কারাকাস, ভেনিজুয়েলা; ১৩২% ▌সবচেয়ে সস্তা শহর : দামেস্ক, সিরিয়া এবং ত্রিপোলি, লিবিয়া।

## বিশ্ব বন পরিস্থিতি ২০২২

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) The State of World Forest 2022 শীর্ষক প্রতিবেদন অনুযায়ী—

- বিশ্বের মোট ভূমির প্রায় ৩১% এলাকা এখন বনাবৃত, যার মোট আয়তন প্রায় ৪০৬ কোটি হেক্টর।
- বিশ্বে ২৬০ কোটি মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বনজ সম্পদ ব্যবহার করে।
- গত তিন দশকে বিশ্বে প্রায় ৪২ কোটি হেক্টর বন উজাড় হয়েছে।
- ২০১৫-২০ সালে বিশ্বের এক শতাংশের কম হারে বন সৃজিত হয়েছে।
- বাংলাদেশে বনভূমির পরিমাণ এখন মোট ভূমির ১৪.১%।
- বাংলাদেশের প্রায় ১০ কোটি ৮০ লাখ মানুষ বন ও বনজ সম্পদের ওপর প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্ভরশীল, যা মোট জনসংখ্যার ৬৪%। বনজ সম্পদের ৯৮% সংগ্রহ করে দেশের সাধারণ মানুষ।

## হোটেল অ্যান্ড রেস্টুরেন্ট সার্ভে ২০২১

- প্রকাশ : ৬ ডিসেম্বর ২০২২
- প্রকাশক : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)
- হোটেল-রেস্তোরাঁর সংখ্যা : ৪,৩৬,২৭৪টি
- কর্মসংস্থান : ২০ লাখ ২০ হাজার।
- মোট দেশজ উৎপাদনে (জিডিপি) হোটেল-রেস্তোরাঁ খাতের অবদান : ১.১০%

## খাদ্যঘাটতিতে থাকা দেশের তালিকা

- প্রকাশ : ৪ ডিসেম্বর ২০২২
- প্রকাশক : জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO)
- খাদ্যঘাটতিতে থাকা দেশসমূহ : ৪৫টি; আফ্রিকার ৩৩টি, বাংলাদেশসহ এশিয়ার ৯টি, লাতিন ও ক্যারিবীয় অঞ্চলের ২টি এবং ইউরোপের একমাত্র দেশ হিসেবে ইউক্রেন।

## যুক্তরাজ্যে মুসলমানের সংখ্যা বাড়ছে

গত এক দশকে যুক্তরাজ্যে মুসলিম জনসংখ্যা উল্লেখযোগ্য হারে বেড়েছে। ইংল্যান্ড ও ওয়েলসে মুসলমানের সংখ্যা ৪.৯ থেকে বেড়ে ৬.৫ শতাংশে উন্নীত হয়েছে। জাতীয় পরিসংখ্যান অফিসের (ONS) তথ্য অনুসারে মুসলমানের অনুপাত ১০ বছরে বেড়েছে ১.২ মিলিয়ন। ২০২১ সালের সমীক্ষা অনুসারে মুসলমানের সংখ্যা ৩.৯ মিলিয়ন। আদমশুমারিতে দেখা গেছে, অন্যান্য সংখ্যালঘু ধর্মীয় জনগোষ্ঠীর তুলনায় ইংল্যান্ড ও ওয়েলসে মুসলিমদের সংখ্যা অনেক বেশি।

# বিবিধ

- ৩০ নভেম্বর ২০২২ প্রকাশিত বিশ্বব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, ২০২২ সালে রেমিট্যান্স প্রাপ্তিতে শীর্ষ চার দেশ— ১. ভারত, ২. মেক্সিকো, ৩. চীন এবং ৪. ফিলিপাইন।
- সুইডেনের স্টকহোমভিত্তিক ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউটের (SIPRI) তথ্যানুযায়ী ২০১৭-২১ সালে অস্ত্র রপ্তানিতে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র।
- ইন্টারন্যাশনাল ফেডারেশন অব জার্নালিস্টসের (IFJ) প্রতিবেদন অনুযায়ী, ২০২২ সালে বিশ্বে ৬৭ জন সাংবাদিক ও মিডিয়াকর্মী দায়িত্ব পালন করতে গিয়ে হত্যার শিকার হন। এর মধ্যে ইউক্রেন যুদ্ধের সংবাদ সংগ্রহে গিয়ে মারা যান ১২ জন মিডিয়াকর্মী। অন্যদিকে সবচেয়ে বেশি সাংবাদিক কারাগারে গিয়েছেন চীন, মিয়ানমার, তুরস্ক, ইরান ও বেলারুশে।
- ৪ ডিসেম্বর ২০২২ প্রকাশিত বিশ্বব্যাংকের Breathing Heavy : New Evidence on Air Pollution and Health in Bangladesh শীর্ষক প্রতিবেদন অনুযায়ী, দেশে উচ্চমাত্রার বায়ুদূষণের কারণে বছরে আনুমানিক ৮০,০০০ মানুষের মৃত্যু হচ্ছে। সেই সঙ্গে মোট দেশজ উৎপাদন (জিডিপি) ক্ষতি হচ্ছে ৩.৯%-৪.৪%।
- ৭ ডিসেম্বর ২০২২ জাতীয় ক্যানসার ইনস্টিটিউট ও হাসপাতালে ক্যানসার নিবন্ধন প্রতিবেদন ২০১৮-২০ প্রকাশ করা হয়। প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশের মানুষেরা সবচেয়ে বেশি আক্রান্ত হয় ফুসফুসের ক্যানসারে। পুরুষরা সবচেয়ে বেশি আক্রান্ত ফুসফুসের ক্যানসারে এবং নারীরা বেশি আক্রান্ত স্তন ক্যানসারে।

## টাইম ম্যাগাজিনের হিরোস অব দ্য ইয়ার

হিজাব পরার বিধান লঙ্ঘনের দায়ে ১৬ সেপ্টেম্বর ২০২২ ইরানের নৈতিকতা পুলিশ ২২ বছর বয়সী কুর্দি ইরানি তরুণী মাসা আমিনিকে গ্রেপ্তার করে। পরে পুলিশি হেফাজতে মারা যান তিনি। এ ঘটনায় পশ্চিম এশিয়ার দেশটিতে শুরু হয় হিজাববিরোধী বিক্ষোভ, যার নেতৃত্ব দিচ্ছেন মূলত নারীরা। এই সাহসিকতার কারণে ইরানের নারীদের 'হিরোস অব দ্য ইয়ার' খেতাব দেয় মার্কিন সাময়িকী *টাইম* ম্যাগাজিন। ম্যাগাজিনটি বলেছে, আন্দোলন ও লক্ষ্যের প্রতি অবিচল থাকার বিষয়ে অঙ্গীকারের জন্য ইরানের নারীরা 'হিরোস অব দ্য ইয়ার' নির্বাচিত হয়েছেন।




## টাইম পারসন অব দ্য ইয়ার

বছরে বিশ্বজুড়ে ঘটে যাওয়া ঘটনাবলির ওপর ব্যাপক প্রভাব ফেলা ব্যক্তি, গোষ্ঠী, বস্তু অথবা পরিকল্পনাকে প্রতিবছর 'বর্ষসেরা' ঘোষণা করে থাকে বিশ্বখ্যাত মার্কিন সাময়িকী *টাইম*। ৭ ডিসেম্বর ২০২২ *টাইম* ইউক্রেনীয়দের অদম্য শক্তি ও দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে ২০২২ সালের 'পারসন অব দ্য ইয়ার' ঘোষণা করে। *টাইম* ম্যাগাজিনের পক্ষ থেকে বলা হয়, জেলেনস্কি যে ভঙ্গিতে বিশ্ব কূটনীতিকে প্রভাবিত করেছেন, তা গত কয়েক দশকে দেখা যায়নি। তরুণ নেতার যুদ্ধের ময়দান না ছাড়ার বিষয়টিও বিশেষভাবে উল্লেখ করা হয়। সাময়িকীটির চোখে বর্ষসেরা হওয়ার জন্য ২০২২ সালে মনোনয়ন পেয়েছিলেন চীনের প্রেসিডেন্ট শি জিন পিং, ইরানের বিক্ষোভকারী ও যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট।




## সবচেয়ে ক্ষমতাধর ১০০ নারী

মার্কিন অর্থ ও বাণিজ্যবিষয়ক সাময়িকী *ফোর্বস* ২০০৪ সাল থেকে বিশ্বের ১০০ ক্ষমতাধর নারীর তালিকা প্রকাশ করে আসছে। সম্প্রতি ২০২২ সালের বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর ১০০ নারীর তালিকা প্রকাশ করে সাময়িকীটি। তালিকার শীর্ষ তিন নারী— ১. ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লেন, ২. ইউরোপিয়ান সেন্ট্রাল ব্যাংকের (ইসিবি) প্রেসিডেন্ট ক্রিস্টিন লাগার্দে এবং ৩. মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। ফোর্বসের বিশ্বের ১০০ ক্ষমতাধর নারীর তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা রয়েছেন ৪২তম অবস্থানে। ২০২১ সালে তিনি ছিলেন ৪৩তম স্থানে। তার সম্পর্কে ফোর্বস লিখেছে, বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে দীর্ঘ সময় ধরে প্রধানমন্ত্রীর দায়িত্বে আছেন শেখ হাসিনা। চতুর্থ মেয়াদে জয়ী হয়েছেন তিনি, যা তার মেয়াদেই টানা তৃতীয়বার। তিনি খাদ্যনিরাপত্তা, শিক্ষা ও স্বাস্থ্যসেবা প্রাপ্তির নিশ্চয়তার মতো বিষয়গুলোয় আরো ফোকাস করার পরিকল্পনা করেছেন।

**Big Bird** | ২৫ মার্চ ১৯৭১ সংঘটিত অপারেশন সার্চলাইটে ব্যবহৃত বঙ্গবন্ধুর Code Name।

স্ম র ণে
ম হা না য় ক



# বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন

১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বিজয় অর্জন করে বীর বাঙালি। দেশ স্বাধীন হলেও যার আহ্বানে সাড়া দিয়ে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন মুক্তিযোদ্ধারা, সেই অবিসংবাদিত নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন পাকিস্তানের কারাগারে অন্তরীণ। ফলে স্বাধীনতা এলেও নেতার অনুপস্থিতিতে অপূর্ণতা থেকে গিয়েছিল বিজয়ের গৌরব উদ্‌যাপনে। অবশেষে দীর্ঘ প্রতীক্ষা আর উৎকণ্ঠার অবসান ঘটিয়ে ১০ জানুয়ারি ১৯৭২ স্বাধীন দেশের মাটিতে পা রাখেন বঙ্গবন্ধু। সেই থেকে দিনটি পালিত হচ্ছে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস হিসেবে। সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৬ ডিসেম্বর ১৯৭১ চূড়ান্ত বিজয় অর্জিত হলেও প্রকৃতপক্ষে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়েই বাঙালির বিজয় পূর্ণতা লাভ করে। ২৫ মার্চ ১৯৭১ কালরাতে পাকিস্তানি হানাদাররা বাঙালির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তার ধানমন্ডির বাসা থেকে গ্রেফতার করে নিয়ে পাকিস্তানের কারাগারে বন্দি রাখে। বাঙালি যখন স্বাধীনতার জন্য যুদ্ধ করছে, বঙ্গবন্ধু তখন পাকিস্তানের কারাগারে প্রহসনের বিচারে ফাঁসির আসামি হিসেবে মৃত্যুর প্রহর গুনছেন। একাত্তরের ১৬ ডিসেম্বর বাঙালির চূড়ান্ত বিজয় অর্জিত হওয়ার পর বিশ্বনেতারা বঙ্গবন্ধুর মুক্তির দাবিতে সোচ্চার হয়ে ওঠেন। আন্তর্জাতিক চাপে পরাজিত পাকিস্তানি শাসকগোষ্ঠী শেষ পর্যন্ত বন্দিদশা থেকে বঙ্গবন্ধুকে সসম্মানে মুক্তি দিতে বাধ্য হয়।

পাকিস্তান সেনাবাহিনীর আত্মসমর্পণের ২১ দিন পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেয়ার সিদ্ধান্ত নেন জুলফিকার আলী ভুট্টো। ২৯০ দিন পাকিস্তানে কারাভোগের পর ৮ জানুয়ারি ১৯৭২ বঙ্গবন্ধু ছাড়া পান। সেদিনই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে পাকিস্তানের এয়ার মার্শাল জাফর চৌধুরী লন্ডন হিথ্রো বিমানবন্দরে এসে পৌছান। বাংলাদেশ কনসুলেটের তৎকালীন বাঙালি কর্মকর্তা উপপ্রতিনিধি রেজাউল করিম বিমানবন্দরে বঙ্গবন্ধুকে প্রথম সংবর্ধনা জানিয়েছিলেন। এরপর ৯ জানুয়ারি ১৯৭২ সকালে বঙ্গবন্ধু লন্ডন থেকে ঢাকার পথে রওনা দেন ব্রিটিশ প্রধানমন্ত্রীর Royal Air Force কমেট বিমানে। দিল্লি পালাম বিমানবন্দরে ১০ জানুয়ারি সকালে বিমানটি অবতরণ করে। ভারতের রাষ্ট্রপতি ভিভি গিরি এবং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সাথে সৌজন্য কথাবার্তার পর বঙ্গবন্ধু ব্রিটিশ রাজকীয় বিমানেই বাংলাদেশের রাজধানী ঢাকায় আসেন। বিমানটি তেজগাঁও বিমানবন্দর স্পর্শ করে ১০ জানুয়ারি দুপুর ১টা ৪১ মিনিটে ।

বঙ্গবন্ধু পা রাখেন তার স্বপ্নের স্বাধীন বাংলাদেশের মাটিতে। এক সাগর রক্তের বিনিময়ে মুক্তিযুদ্ধের মাধ্যমে যে বাংলাদেশের সৃষ্টি, সেই দেশের মহান স্বাধীনতার স্থপতির ফেরার দিনটি ছিল অনন্য এক দিন। সেদিন দেশের সব রাস্তা গিয়ে মিলেছিল তৎকালীন তেজগাঁওয়ের আন্তর্জাতিক বিমানবন্দরে। ফুলে ফুলে ছেয়ে গিয়েছিল তার আগমনের পথ। এরপর ঐতিহাসিক রেসকোর্স ময়দানে পৌঁছে ভাষণ দেন এবং সেই ভাষণেই তিনি জানান বাংলাদেশ রাষ্ট্রের ভিত্তি হবে গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। শেখ মুজিবুর রহমান তার ঐতিহাসিক ভাষণে বলেছিলেন, 'আজ আমি বাংলায় ফিরে এসেছি বাংলার ভাইয়েদের কাছে, মায়েদের কাছে, বোনদের কাছে। বাংলা আমার স্বাধীন, বাংলাদেশ আজ স্বাধীন।'

- **বঙ্গবন্ধুকে পাকিস্তানের কোন কারাগারে বন্দি রাখা হয়?**

—মিয়ানওয়ালি, করাচি।

- **পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে মুক্তি লাভ করেন?**

—৮ জানুয়ারি ১৯৭২।

- **বঙ্গবন্ধু ৮ জানুয়ারি ১৯৭২ লন্ডনের কোন বিমানবন্দরে অবতরণ করেন?**

—হিথ্রো বিমানবন্দরে।

- **বঙ্গবন্ধুকে বহনকারী Royal Air Force কমেট বিমান ভারতের কোন বিমানবন্দরে অবতরণ করে?**

—পালাম বিমানবন্দরে।

- **বঙ্গবন্ধু কবে স্বাধীন দেশে প্রত্যাবর্তন করেন?**

—১০ জানুয়ারি ১৯৭২।

# দেশ সন্দেশ

## সুপ্রিম কোর্টে নতুন ৩ বিচারপতি

বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের তিন বিচারপতিকে আপিল বিভাগে নিয়োগ দেন রাষ্ট্রপতি। ৮ ডিসেম্বর ২০২২ রাষ্ট্রপতির অনুমোদনের পর আইন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত গেজেট প্রকাশিত হয়। ঐ দিনই তিন বিচারপতিকে শপথ বাক্য পাঠ করান প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী। নতুন নিয়োগপ্রাপ্তরা হলেন—বিচারপতি মো. আশফাকুল ইসলাম, বিচারপতি মো. আবু জাফর সিদ্দিকী ও বিচারপতি জাহাঙ্গীর হোসেন। নতুন তিনজনসহ আপিল বিভাগে বর্তমানে বিচারপতির সংখ্যা নয়জন।

## ১০০ মহাসড়ক উদ্বোধন

২১ ডিসেম্বর ২০২২ দেশের ৫০টি জেলায় ১০০টি জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়ক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসব মহাসড়কের মোট দৈর্ঘ্য প্রায় ২,০২১ কিলোমিটার। এর মধ্যে ২০৬.৫৪ কিলোমিটার জাতীয় মহাসড়ক, ৬২১.৬৮ কিলোমিটার আঞ্চলিক মহাসড়ক এবং ১১৯৩.৩৪ কিলোমিটার জেলা মহাসড়ক। এসব মহাসড়ক নির্মাণে মোট ব্যয় হয় প্রায় ১৪,৯১৫ কোটি টাকা।



## রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের বাণিজ্যিক উৎপাদন শুরু

২০১০ সালে ভারত-বাংলাদেশ যৌথ উদ্যোগে তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের উদ্যোগ নেয়। এ উদ্যোগের ফলে বাগেরহাটের রামপালে ১৩২০ মেগাওয়াট মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্রজেক্ট নামে তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণ শুরু হয়। ৫ অক্টোবর ২০১৩ রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। সম্প্রতি বাগেরহাটের রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্র বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করে। বাংলাদেশ-ভারতের যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠানটির উৎপাদিত ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ ১৭ ডিসেম্বর ২০২২ থেকে জাতীয় গ্রিডে যুক্ত হতে শুরু করেছে। এর মধ্যে ৪৬০ মেগাওয়াট গোপালগঞ্জের আমিন বাজার হয়ে ঢাকার জাতীয় গ্রিডে এবং ২০০ মেগাওয়াট খুলনা-বাগেরহাটে সরবরাহ করা হচ্ছে। ২০২৩ সালের জুনে দ্বিতীয় ইউনিট থেকে আরও ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হবে।



## ঢাকায় রামপাল-পায়রার বিদ্যুৎ

বাগেরহাটের রামপাল ও পটুয়াখালীর পায়রা কয়লা-বিদ্যুৎকেন্দ্রে উৎপাদিত বিদ্যুৎ ঢাকায় আনা হচ্ছে। ১৫ ডিসেম্বর ২০২২ দুপুরে আমিনবাজার-গোপালগঞ্জ ৪০০ কেভি ডাবল সার্কিট বিদ্যুৎ সঞ্চালন লাইনটি পরীক্ষামূলকভাবে চালু করা হয়। এর মধ্য দিয়ে পদ্মা নদী পাড়ি দিয়ে রামপাল ও পায়রা বিদ্যুৎকেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ ঢাকার আমিনবাজারে নবনির্মিত ৪০০/২৩০ কেভি গ্রিড উপকেন্দ্রে নেওয়া হয়। রামপাল কয়লাভিত্তিক তাপবিদ্যুৎকেন্দ্র ও পায়রা তাপবিদ্যুৎকেন্দ্র থেকে ঢাকায় বিদ্যুৎ নেওয়ার জন্য পদ্মা নদীতে সাড়ে সাত কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ করা হয়েছে। এর মধ্যে নদীগর্ভে ৭টি ও তীরবর্তী স্থানে ৪টি টাওয়ার বসানো হয়েছে। রামপাল ও পায়রায় উৎপাদিত বিদ্যুৎ নির্বিঘ্নে ঢাকায় নেওয়ার জন্য গোপালগঞ্জের মুকসুদপুরে ঢাকা-বরিশাল মহাসড়কের পাশে ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র বসানো হয়েছে, যা 'পাওয়ার ট্রান্সমিশন হাব' হিসেবে ব্যবহার করা হবে। রূপপুর থেকেও ওই উপকেন্দ্রে বিদ্যুৎ আনা হবে। সেখান থেকে ঢাকায় বিদ্যুৎ সরবরাহ করতে আমিনবাজারে ৪০০/২৩০ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। দুই বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র থেকে গোপালগঞ্জ ও আমিনবাজার উপকেন্দ্র পর্যন্ত ১৭৭ কিলোমিটার সঞ্চালন লাইন যুক্ত হয়েছে। এতে মোট ব্যয় হয়েছে ২,৫০৫ কোটি টাকা।

LEED পূর্ণরূপ Leadership in Energy and Environmental Design.

## অনলাইনে ভূমিকর




১৪৩০ বঙ্গাব্দের পহেলা বৈশাখ থেকে দেশব্যাপী ম্যানুয়াল ভূমি উন্নয়ন কর গ্রহণ বন্ধ হয়ে যাবে। এর পর থেকে শুধু অনলাইনে ভূমি উন্নয়ন কর নেওয়া হবে। অনলাইনে কর দেওয়ার পর অনলাইনেই কিউআর কোডসমৃদ্ধ দাখিলা (রসিদ) সংগ্রহ করতে পারবেন ভূমি উন্নয়ন করদাতা। ফলে ক্যাশলেস ই-নামজারির মতো সারা দেশে ক্যাশলেস ভূমি উন্নয়ন কর ব্যবস্থা চালু হবে। ভূমি মালিকদের একটি আলাদা কার্ড থাকবে, যেটির নাম হবে সার্টিফিকেট অব ল্যান্ড ওনারশিপ।




## কাস্টমার কেয়ার সেন্টার চালু

দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীসহ সকলের কাছে সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে ভূমিবিষয়ক সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে দেশের জনপ্রিয় দুটি হেল্পলাইন ৩৩৩ ও ১৬১২২ সমন্বিতভাবে কাজ করবে। ভূমির পর্চা গ্রহণ, নামজারির আবেদন, জমির ম্যাপ প্রাপ্তি এবং অনলাইনে ভূমি কর পরিশোধসহ ভূমি সংক্রান্ত অন্যান্য ডিজিটাল সেবা নাগরিকদের দোরগোড়ায় পৌঁছে দিতে এ দুটি হেল্পলাইন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়া ভূমি সেবা সংক্রান্ত বিষয়ে পারস্পরিক বিভিন্ন প্রশিক্ষণ, সভা/কর্মশালায় অংশগ্রহণ এবং জেলা ও উপজেলা পর্যায়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনায় প্রতিষ্ঠান দুটি যৌথভাবে কাজ করবে।

# অর্থ-বাণিজ্য সংবাদ

- ২০২১ সালে বৈশ্বিক তৈরি পোশাক রপ্তানি বাজারে আবারও দ্বিতীয় স্থান অর্জন করেছে বাংলাদেশ। ২০২০ সালে ভিয়েতনাম বাংলাদেশকে তৃতীয় অবস্থানে ঠেলে দিয়ে দ্বিতীয় হয়েছিল। বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) প্রকাশিত বিশ্ব বাণিজ্য পরিসংখ্যান ২০২২ পর্যালোচনা করে এ তথ্য জানা যায়।
- রপ্তানি ও উৎপাদনমুখী শিল্প খাতের টেকসই প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে ৫,০০০ কোটি টাকার তহবিল গঠন করেছে বাংলাদেশ ব্যাংক। ৭ ডিসেম্বর ২০২২ বাংলাদেশ ব্যাংক এ সংক্রান্ত সার্কুলার জারি করে। ঋণের মেয়াদকাল হবে ৫-১০ বছর।
- ৬ ডিসেম্বর ২০২২ প্রকাশিত বিশ্বব্যাংকের 'ইন্টারন্যাশনাল ডেবট রিপোর্ট ২০২২' শিরোনামের এক প্রতিবেদন অনুযায়ী, ২০২১ সালে দেশে বৈদেশিক ঋণের পরিমাণ ৭০.০৪ বিলিয়ন ডলার এবং ২০২২ সালে মাথাপিছু ঋণের পরিমাণ ৫৬১.৩ ডলার। এদিকে বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত তথ্যে দেখা গেছে, ২০২১-২২ অর্থবছরের শেষে দেশের মোট বৈদেশিক ঋণের পরিমাণ ৯৫.৮৬ বিলিয়ন ডলার।
- দেশের ক্ষুদ্রঋণ খাতকে শক্তিশালী করতে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ২০ কোটি ডলার ঋণ দিচ্ছে, বাংলাদেশি মুদ্রায় যা ২,০৭৩ কোটি টাকা। নারী এবং জলবায়ু পরিবর্তনের উচ্চ ঝুঁকিতে থাকা এলাকার ক্ষুদ্র উদ্যোক্তারা এতে অগ্রাধিকার পাবেন। ৬ ডিসেম্বর ২০২২ এ বিষয়ে বাংলাদেশ সরকার ও এডিবির মধ্যে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়।
- বাজেট সহায়তা হিসাবে ২৫ কোটি ডলারের ঋণ দিচ্ছে এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (AIIB)। সামাজিক সুরক্ষা খাতে সহায়তা, কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে সুবিধাবঞ্চিতদের আর্থিক অন্তর্ভুক্তির আওতায় আনা, স্বাস্থ্যসেবা উন্নয়নে এই অর্থ কাজে লাগানো হবে। 'স্ট্রেনদেনিং সোশ্যাল রেজিল্যান্স প্রোগ্রাম-২' এর আওতায় এ ঋণ পাচ্ছে বাংলাদেশ। ৭ ডিসেম্বর ২০২২ এ বিষয়ে একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। AIIB'র এ ঋণ তিন বছরের রেয়াতকালসহ আগামী ২৬ বছর ৫ মাসে পরিশোধ করা যাবে।
- সংবিধান ও সুপ্রিম কোর্টের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ৫০ টাকা মূল্যমানের স্মারক নোট ছেড়েছে বাংলাদেশ ব্যাংক। ১৮ ডিসেম্বর ২০২২ আনুষ্ঠানিকভাবে এটি অবমুক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- সর্বশেষ LEED গ্রিন গার্মেন্টস ফ্যাক্টরিস অব বাংলাদেশ বা সবুজ কারখানার স্বীকৃতি সনদ লাভ করে ভিক্টোরিয়া ইন্টিমেটস লিমিটেড ও ড্রেসডেন টেক্সটাইল লিমিটেড। দুটি কারখানাই গোল্ড সার্টিফাইড হয়। বাংলাদেশে বর্তমানে LEED সনদপ্রাপ্ত সবুজ পোশাক কারখানার সংখ্যা ১৮০টি।

বঙ্গবন্ধু কারাগারে ছিলেন। এর মধ্যে স্কুলের ছাত্রাবস্থায় কারাভোগ করেন ৭ দিন।
বাকি ৪৬৭৫ দিন তার জেলে কাটে পাকিস্তান আমলে।



৪৬৮২ দিন

## করোনার ৪র্থ ডোজ টিকা কার্যক্রম শুরু

সংক্রমণ প্রতিরোধে ২০ ডিসেম্বর ২০২২ দেশের মানুষকে করোনাভাইরাসের (কোভিড-১৯) টিকার চতুর্থ ডোজ দেওয়া শুরু হয়। সারা দেশের স্থায়ী টিকা কেন্দ্রগুলোতে এ টিকা দেওয়া হচ্ছে। করোনার সম্মুখসারির যোদ্ধা, ষাটোর্ধ্ব নানা জটিল রোগে আক্রান্ত এবং অন্তঃসত্ত্বা নারীরা এ টিকা পাচ্ছেন। তৃতীয় ডোজ নেওয়ার চার মাস পর নেওয়া যাবে চতুর্থ ডোজ। ৬০ বছরের বেশি বয়সী ব্যক্তি, যারা ইতোমধ্যে তৃতীয় ডোজ নিয়েছেন, তাদের এ কর্মসূচির আওতায় টিকা দেওয়া হচ্ছে।

## সংসদ সংবাদ

- একাদশ জাতীয় সংসদের ২১তম অধিবেশন শুরু হবে ৫ জানুয়ারি ২০২৩। এটি হবে নতুন বছরের প্রথম অধিবেশন।
- ১১ ডিসেম্বর ২০২২ একাদশ জাতীয় সংসদ থেকে পদত্যাগ করেন বিএনপি'র ছয় সংসদ সদস্য (সংরক্ষিত এক নারী সংসদ সদস্যসহ)। পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০২২ পদত্যাগ করেন আরো এক সংসদ সদস্য। শূন্য হওয়া এসব আসনের মধ্যে পাঁচটি আসনে আসনে ১ ফেব্রুয়ারি ২০২৩ উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

## সুপ্রিম কোর্টে স্মারক স্তম্ভ

সুপ্রিম কোর্টের সুবর্ণজয়ন্তী উপলক্ষে সুপ্রিম কোর্ট অঙ্গনে নির্মাণ করা হচ্ছে বঙ্গবন্ধু স্মারক স্তম্ভ। সুপ্রিম কোর্টের মূল ভবনের ভেতরে ফুল বাগানের দক্ষিণ প্রান্তে এরই মধ্যে স্তম্ভ নির্মাণ কাজ শুরু হয়েছে। সুপ্রিম কোর্টের এ স্থানে দাঁড়িয়েই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বক্তৃতা দিয়েছিলেন। ১৮ ডিসেম্বর ২০২২ এ স্মারক স্তম্ভ নির্মাণ কাজের উদ্বোধন করেন প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী।




## মুজিবপিডিয়া

দু'বছরের নিবিড় গবেষণার পর কবি, সাংবাদিক ও গবেষক ফরিদ কবিরের সম্পাদনায় প্রকাশিত হয়েছে বঙ্গবন্ধুকে নিয়ে প্রথম পূর্ণাঙ্গ কোষগ্রন্থ 'মুজিবপিডিয়া'। এটি উপমহাদেশের প্রথম পূর্ণাঙ্গ এনসাইক্লোপিডিয়া বা জ্ঞানকোষ, যাতে অনুসরণ করা হয়েছে আন্তর্জাতিক মানের গবেষণাপদ্ধতি। দুই খণ্ডের এ বইটিতে রয়েছে ৫৯১টি ভুক্তি ও ৭৫০টি ঐতিহাসিক আলোকচিত্র। মুজিবপিডিয়ার প্রধান সম্পাদক কবি ও গবেষক কামাল চৌধুরী, নির্বাহী সম্পাদক ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, যুগ্ম-সম্পাদক মো. ফাকরুল ইসলাম চৌধুরী ও সহকারী সম্পাদক শিমুল সালাহউদ্দিন। বঙ্গবন্ধুর পরিবার সংক্রান্ত ভুক্তিগুলো সংশোধন ও সম্পাদনা করে দেন স্বয়ং বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই কোষগ্রন্থে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক ও কর্মময় জীবন এবং তার সুদীর্ঘ সংগ্রামের ইতিহাসের পাশাপাশি রয়েছে বাংলাদেশের স্বাধীনতার সঠিক তথ্য-উপাত্ত।




## বঙ্গবন্ধুর উক্তির বিশ্ব স্বীকৃতি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মহান উক্তি 'সকলের সাথে বন্ধুত্ব, কারো সাথে বৈরিতা নয়' জাতিসংঘ রেজুলেশনে সন্নিবেশিত হয়েছে। ৬ ডিসেম্বর ২০২২ জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত International Year of Dialogue as a Guaranty of Peace, 2023 শীর্ষক রেজুলেশনের ১৪তম প্যারায় এ উক্তি যুক্ত করা হয়। কোভিড পরবর্তী বিশ্ব ব্যবস্থা এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের বৈশ্বিক প্রেক্ষাপটে সাধারণ পরিষদের প্লেনারিতে রেজুলেশনটি উত্থাপন করে তুর্কমেনিস্তান। পরে এটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

রেজুলেশনটির ১৪তম প্যারাতে বঙ্গবন্ধুর উক্তিটি যুক্ত করে বলা হয়েছে, Recognizing the importance of combating poverty, hunger, disease, illiteracy and unemployment, and emphasizing that friendship to all and malice towards none, in the spirit of constructive cooperation, dialogue and mutual understanding, will help to achieve these objectives. যার অর্থ— দারিদ্র্য, ক্ষুধা, রোগ, নিরক্ষরতা ও বেকারত্বের বিরুদ্ধে লড়াইয়ের গুরুত্ব স্বীকার করে এবং গঠনমূলক সহযোগিতা, সংলাপ এবং পারস্পরিক বোঝাপড়ার চেতনায় সকলের সাথে বন্ধুত্ব এবং কারও প্রতি বিদ্বেষ নয় মর্মে জোর দেওয়া হলে তা এই উদ্দেশ্যগুলো অর্জনে সহায়তা করবে। উল্লেখ্য, ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ জাতিসংঘ সাধারণ পরিষদে ভাষণদানকালে বঙ্গবন্ধু যে বিষয়গুলোর ওপর জোর দিয়ে বিশ্ব শান্তি প্রতিষ্ঠার কথা বলেছিলেন, সেগুলোর ধারণামূলক ভিত্তি হতে এই অনুচ্ছেদটির প্রস্তাবনা তৈরি করা হয়।

নিকোলা টেসলা  সার্বিয়ান-আমেরিকান উদ্ভাবক এবং তড়িৎ ও যন্ত্র প্রকৌশলী, আধুনিক তড়িৎ প্রবাহ ও তারবিহীন তড়িৎ পরিবহন ব্যবস্থা আবিষ্কারের জন্য সর্বাধিক পরিচিত।

# আবিষ্কার-উদ্ভাবনে বাংলাদেশ

## রোজেল গাছ থেকে মুখরোচক খাদ্য ও পানীয়

সম্ভাবনাময় ঔষধি গুণসম্পন্ন উদ্ভিদ রোজেল। পুষ্টিগুণ, স্বাদ ও ঘ্রাণের জন্য প্রসিদ্ধ এ ফুলটি আঞ্চলিক ভাষায় 'চুকাই' বা 'চুকুর' নামে পরিচিত। যুক্তরাষ্ট্র, জাপানসহ আফ্রিকার অনেক দেশে এর ব্যাপক চাহিদা রয়েছে। সম্প্রতি গাছটির ফুলের বৃতির অংশ প্রক্রিয়াজাত করে জ্যাম, জেলি, পুডিং, চাটনি, আচার, চকলেট, চা, জুসসহ বিভিন্ন মুখরোচক খাদ্য ও পানীয় উদ্ভাবনে সক্ষম হন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ফসল উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ছোলায়মান আলী ফকিরের নেতৃত্বে গবেষক দল।

## রোবট নিকো

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থীরা তৈরি করেছেন থ্রিডি প্রিন্টেড রাসবেরি পাই বেইজ কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন সর্বাধুনিক মানব রোবট। বিখ্যাত বিজ্ঞানী নিকোলা টেসলার নামের প্রথম অংশ থেকে রোবটটির নামকরণ করা হয়েছে 'নিকো'। দীর্ঘ এক বছরের পরিশ্রম ও কুমিল্লা জেলা প্রশাসক মোহাম্মদ কামরুল হাসানের উদ্যোগে এবং কুমিল্লা জেলা প্রশাসনের অর্থায়নে এটি তৈরি করা হয়।




## নতুন জাতের কলার উদ্ভাবন

ফুল থেকে টিস্যু কালচার পদ্ধতি ব্যবহার করে পাঁচ ধরনের উন্নতজাতের কলা উদ্ভাবন করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক ড. আনোয়ার হোসেন। দীর্ঘ পাঁচ বছরের গবেষণায় উদ্ভাবিত নতুন জাতের এসব কলা অধিক পুষ্টিগুণসম্পন্ন। একই সাথে উচ্চ ফলনশীল ও কম সময়ে ফলন পাওয়া যায়। প্রচলিত সাধারণ কলার চেয়ে নতুন জাতের কলা চাষে ৩০-৪০% বেশি লাভ পাওয়া যায়। এছাড়া টিস্যু কালচার চারা লাগালে প্রচলিত পদ্ধতির চেয়ে ২-৩ মাস আগে কলা সংগ্রহ করা যায়।



## বারোমাসি কাঁঠালের জীবনরহস্য উন্মোচন



সম্প্রতি প্রতিষ্ঠিত 'ইলুমিনা সিকোয়েন্সিং প্ল্যাটফর্ম' ব্যবহার করে বারোমাসি কাঁঠালের জীবনরহস্য উন্মোচন (জিনোম সিকোয়েন্সিং) করেন বিজ্ঞানীরা। কাজটি যৌথভাবে করেছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরকৃবি) ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (আইজিবিই), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কানাডার গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি, ন্যাশনাল রিসার্চ কাউন্সিল, কানাডা ও ইউনিভার্সিটি অব ব্রিটিশ কলাম্বিয়ার বিজ্ঞানীরা। এতে নেতৃত্ব দেন বশেমুরকৃবির অধ্যাপক তোফাজ্জল ইসলাম। গবেষণার ফলাফল ডিসেম্বর ২০২২-এ 'ফ্রন্টিয়ার্স ইন প্ল্যান্ট সায়েন্স' নামের একটি আন্তর্জাতিক বিজ্ঞান সাময়িকীতে প্রকাশিত হয়েছে। বারোমাসি কাঁঠালের জীবনরহস্য উন্মোচনের মধ্য দিয়ে রামগড়ের পাহাড়ে জন্মানো একটি কাঁঠালকে নিবন্ধনের মাধ্যমে নতুন জাত হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। নতুন জাতের এই কাঁঠালের নাম 'বারি-৩'। এই জাতের কাঁঠাল সারা বছর ফল দেয়। ফলন মৌসুমি কাঁঠালের চেয়ে চার গুণ বেশি। ফলটির স্বাদ ও পুষ্টিগুণ খুব ভালো।

## তৈরি হচ্ছে কাঁঠালের চিপস

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বিএআরআই) পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ জাতীয় ফল কাঁঠাল থেকে ২০টিরও বেশি পণ্য তৈরির প্রযুক্তি উদ্ভাবন করেছে। এর মাধ্যমে কাঁঠালের জুস, জ্যাম, জেলি, আচার, চাটনি, পাউডার, চিপস, কাটলেট, চিজ, আইসক্রিম, সিঙ্গাড়া, সমুচা, ভেজিটেবল রোল, স্যান্ডউইচসহ অনেক খাদ্যপণ্য উৎপন্ন করে তা বাজারজাত করছেন অনেক মাইক্রো ও কটেজ উদ্যোক্তা। দিন দিন এগুলোর চাহিদাও বাড়ছে। নতুন এ প্রযুক্তি দিয়ে আম, আনারস, কলা, পেয়ারা, পেঁপেসহ নানা ধরনের মৌসুমি ফল থেকেও পণ্য তৈরি করা যাচ্ছে।

# বিশ্বমঞ্চে বাংলাদেশ

## গ্লোবাল অ্যাম্বাসাডর ফর ডায়াবেটিস

ডায়াবেটিস নিয়ে জীবনযাপনকারীদের জীবনমান উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'গ্লোবাল অ্যাম্বাসাডর ফর ডায়াবেটিস' সম্মানসূচক উপাধি প্রদান করা হয়। তিনি আগামী দুই বছর 'গ্লোবাল অ্যাম্বাসাডর ফর ডায়াবেটিস' হিসেবে বিশ্বব্যাপী ডায়াবেটিস নিয়ে জীবনযাপনকারী মানুষের মুখপাত্রের দায়িত্ব পালন করবেন। ৫ ডিসেম্বর ২০২২ পর্তুগালের রাজধানী লিসবনে বিশ্ব ডায়াবেটিস সম্মেলন ২০২২-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে পর্তুগালে বাংলাদেশের রাষ্ট্রদূত তারিক আহসান আন্তর্জাতিক ডায়াবেটিস ফেডারেশনের (IDF) সভাপতি অধ্যাপক আকতার হোসেনের কাছ থেকে সম্মাননাপত্র গ্রহণ করেন।

## যুক্তরাষ্ট্রে প্রথম বাংলাদেশি পাইলট

ইউনাইটেড এয়ারলাইন্সের ৯৬ বছরের ইতিহাসে প্রথম কোনো বাংলাদেশি পাইলট



হিসাবে নিযুক্ত হন ক্যাপ্টেন শাবাব গোলাম মোহাম্মদ কাজী। সম্প্রতি তাকে এ দায়িত্ব দেওয়া হয়। যুক্তরাষ্ট্রের ইতিহাসে তিনিই প্রথম বাংলাদেশি পাইলট হওয়ার গৌরব অর্জন করেন। শাবাব কাজী ২৫ অক্টোবর ১৯৮৪ জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশের অভিনেতা কাজী খুরশীদুজ্জামান উৎপলের ছেলে।

## অ্যান্টিকরাপশন চ্যাম্পিয়নস অ্যাওয়ার্ড লাভ

৯ ডিসেম্বর ২০২২ যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন বিশ্বের বিভিন্ন দেশের ৮ জনকে ২০২২ সালে আন্তর্জাতিক অঙ্গনে দুর্নীতিবিরোধী লড়াইয়ের চ্যাম্পিয়ন ঘোষণা করেন। এর মধ্যে সাংবাদিকতার মাধ্যমে দুর্নীতিবিরোধী লড়াইয়ে ভূমিকা রাখার জন্য যুক্তরাষ্ট্রের বিশেষ সম্মাননায় ভূষিত হন বাংলাদেশের *প্রথম আলোর* বিশেষ প্রতিনিধি রোজিনা ইসলাম।

## উদীয়মান ও প্রভাবশালী নারীর তালিকায়

৬ ডিসেম্বর ২০২২ যুক্তরাজ্যভিত্তিক আন্তর্জাতিক সংবাদমাধ্যম বিবিসি ২০২২ সালের ১০০ উদীয়মান ও প্রভাবশালী নারীর তালিকা প্রকাশ করে। বিশ্বের রাজনীতি, শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, অধিকার আন্দোলন, স্বাস্থ্য ও বিজ্ঞান প্রভৃতি শাখার নতুন তালিকায় এসব নারীকে স্থান দেয়া হয়। এর মধ্যে অ্যাক্টিভিজম ও অ্যাডভোকেসি শাখায় স্থান পান বাংলাদেশের সানজিদা ইসলাম ছোঁয়া। তার গ্রামের বাড়ি ময়মনসিংহের নান্দাইলে। বাল্যবিয়ে থেকে মেয়েদের কীভাবে রক্ষা করা যায়, সেই চেষ্টা করছেন সানজিদা ইসলাম ছোঁয়া। এজন্য 'ঘাসফড়িং' নামে সংগঠনও প্রতিষ্ঠা করেছেন তিনি।

## নেচারের শীর্ষ ১০ বিজ্ঞানীর তালিকায় সালিমুল হক

২০২২ সালে বিজ্ঞানজগতের কর্মকাণ্ডে সবচেয়ে আলোচিত ঘটনায় ভূমিকা রাখা শীর্ষ ১০ ব্যক্তির তালিকায় জায়গা করে নেন বাংলাদেশের জলবায়ুবিজ্ঞানী সালিমুল হক। বিজ্ঞানবিষয়ক প্রভাবশালী সাময়িকী *নেচার* এই তালিকা প্রকাশ করেছে। জাতিসংঘের জলবায়ু সম্মেলন কপ২৭-এ জলবায়ু পরিবর্তনের কারণে ধনী দেশগুলো থেকে ক্ষতিপূরণ আদায়ে চাপ সৃষ্টিতে ভূমিকা রাখার স্বীকৃতি হিসেবে এই তালিকায় ঠাঁই পান সালিমুল হক।

## রয়্যাল কলেজ অব ইউকে'র সম্মাননা

চিকিৎসা পেশা ও সমাজকল্যাণে অবদান রাখায় বাংলাদেশি চিকিৎসক অধ্যাপক ডা. রাশিদা বেগমকে 'রয়্যাল কলেজ অব ইউকে এফআরসিও' সম্মাননা প্রদান করা হয়। ৯ ডিসেম্বর ২০২২ তার হাতে সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়। তিনি ইনফার্টিলিটি বা বন্ধ্যাত্ব চিকিৎসায় বাংলাদেশের অন্যতম পথিকৃৎ এবং ইনফার্টিলিটি কেয়ার অ্যান্ড রিসার্চ সেন্টারের (আইসিআরসি) প্রতিষ্ঠাতা। ডা. রাশিদা ১৯৫৮ সালে পটুয়াখালীর দুমকি উপজেলার বাসবুনিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

## জাতিসংঘের তথ্যানুসন্ধানী মিশনের প্রধান

জাতিসংঘের মানবাধিকার পরিষদের সভাপতি ফেদেরিকো ভিলেগাসকে উদ্ধৃত করে ১৯ ডিসেম্বর ২০২২ জেনেভায় জাতিসংঘ মানবাধিকার পরিষদের ওয়েবসাইটে প্রচারিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ইরানবিষয়ক তথ্যানুসন্ধান মিশনের চেয়ার হিসেবে দায়িত্ব পালন করবেন বাংলাদেশের সারা হোসেন। এছাড়া ওই মিশনে আরো থাকছেন পাকিস্তানের শাহীন সরদার আলী এবং আর্জেন্টিনার ভিভিয়ানা ক্রিস্টিসেভিচ।

**DMTCL** | পূর্ণরূপ : Dhaka Mass Transit Company Limited।
প্রতিষ্ঠা : ৩ জুন ২০১৩।

# মেট্রোরেল গণপরিবহণে নতুন দিগন্ত



২৮ ডিসেম্বর ২০২২ আনুষ্ঠানিক যাত্রা শুরু করে রাজধানী ঢাকার গণপরিবহণে নতুন দিগন্ত মেট্রোরেল। প্রথম পর্যায়ে সীমিত পরিসরে চালু হওয়া মেট্রোরেল-বৃত্তান্ত জানুন আমাদের এ আয়োজনে।

## দেশে দেশে মেট্রোরেল

বিশ্বের অনেক বড় শহরে অন্যতম জনপ্রিয় গণপরিবহণ মাধ্যম মেট্রোরেল। ১৮৬৩ সালে লন্ডনে প্রথম দ্রুত ট্রানজিট সিস্টেম চালু করা হয়েছিল, যা এখন লন্ডন আন্ডারগ্রাউন্ডের অংশ। ১৮৬৮ সালে যুক্তরাষ্ট্র নিউইয়র্কে প্রথম দ্রুত ট্রানজিট রেলব্যবস্থা চালু করে। এশিয়ায় প্রথম দেশ হিসেবে জাপান ১৯২৭ সালে একটি পাতাল রেলব্যবস্থা তৈরি করে। ভারত ১৯৭২ সালে কলকাতায় ক্যাবল মেট্রো সিস্টেম নির্মাণ শুরু করে। বর্তমানে বিশ্বের ৫৬টি দেশের ১৭৮টি শহরে ১৮০টি পাতাল রেলব্যবস্থা চালু রয়েছে।

## বাংলাদেশে মেট্রোরেল

২০১২ সালে বাংলাদেশ মেট্রোরেল নির্মাণের উদ্যোগ গ্রহণ করে। সে বছর ডিসেম্বর মাসে, 'ঢাকা মাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট' বা 'মেট্রোরেল' প্রকল্পটি একনেক দ্বারা অনুমোদিত হয়। প্রকল্পের জন্য মোট ৬টি রুট প্রস্তাব করা হয়, যার মধ্যে রয়েছে এমআরটি লাইন ১, ২, ৪, ৫, ও ৬। ঢাকা মেট্রোরেল, ঢাকা মেট্রোপলিটন এলাকায় গণপরিবহণের জন্য জাইকার অর্থায়নে চলমান একটি সরকারি প্রকল্প। প্রকল্পটি পরিচালনা করছে রাষ্ট্রায়ত্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬ জুন ২০১৬ মেট্রোরেল নির্মাণ কাজের সূচনা করেন।

### এমআরটি লাইন বৃত্তান্ত

| লাইন | রুট | দৈর্ঘ্য (কিমি) | স্টেশন | ধরন | সমাপ্তি |
|---|---|---|---|---|---|
| MRT-1* | — | ৩১.২৪ | ২১টি | উড়াল ও পাতাল | ২০২৬ |
| MRT-2 | গাবতলী-চিটাগং রোড | ২৪ | — | উড়াল ও পাতাল | ২০৩০ |
| MRT-4 | কমলাপুর-নারায়ণগঞ্জ | ১৬ | — | উড়াল | ২০৩০ |
| MRT-5 (N) | হেমায়েতপুর-ভাটারা | ২০ | ১৪টি | উড়াল ও পাতাল | ২০২৮ |
| MRT-5 (S) | গাবতলী-দাশেরকান্দি | ১৭.৪০ | ১৫টি | উড়াল ও পাতাল | ২০৩০ |
| MRT-6 | উত্তরা-কমলাপুর | ২১.২৬ | ১৭টি | উড়াল | ২০২৫ |

** এ লাইনের অধীনে দুটি রুট হবে। বিমানবন্দর থেকে কমলাপুর রুটটি বিমানবন্দর রুট, যার দৈর্ঘ্য ১৯.৮৭২ কিমি এবং নতুন বাজার থেকে পূর্বাচল পর্যন্ত পূর্বাচল রুট, যার দৈর্ঘ্য ১১.৩৬৯ কিমি।*

## যাত্রা

প্রাথমিকভাবে এমআরটি লাইন-৬ দিয়ে মেট্রোরেল চলবে। উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত এমআরটি লাইন ৬-এর দৈর্ঘ্য ছিল ২০.১ কিলোমিটার। পরে তা কমলাপুর পর্যন্ত বাড়ানো হয়। ফলে দৈর্ঘ্য আরও ১.১৬ কিমি বেড়ে রুটটির মোট দাঁড়ায় ২১.২৬ কিমি। এই রুটে মোট ১৭টি স্টেশন থাকবে এবং ২৪ সেট ট্রেন চলবে। মেট্রোরেলে উত্তরা থেকে মতিঝিল পৌঁছাতে সময় লাগবে ৪০ মিনিট। প্রকল্পটি পুরোপুরি চালু হলে শুরুতে দিনে ৪ লাখ ৮৩ হাজার যাত্রী পরিবহন করতে পারবে এবং আশা করা যায়, ২০৩৫ সাল নাগাদ দৈনিক যাত্রীসংখ্যা বেড়ে দাঁড়াবে ১৮ লাখের বেশি।

## রুট

পুরো মেট্রোরেল পথের দৈর্ঘ্য ২০ কিলোমিটারের কিছু বেশি। এর মধ্যে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত পথের দৈর্ঘ্য ১১.৭৩ কিলোমিটার। এ পথে ৯টি স্টেশন রয়েছে। উত্তরা উত্তর (দিয়াবাড়ি), উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর ১১, মিরপুর-১০, কাজীপাড়া, শেওড়াপাড়া ও আগারগাঁও। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত স্টেশন রয়েছে সাতটি- বিজয় সরণি, ফার্মগেট, কারওয়ান বাজার, শাহবাগ, টিএসসি, প্রেসক্লাব ও মতিঝিল। অবশ্য মেট্রোরেল মতিঝিল থেকে কমলাপুর রেলস্টেশন পর্যন্ত ১.১৬ কিলোমিটার সম্প্রসারণ করা হবে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেল ২০২৩ সালের শেষ দিকে চালুর কথা রয়েছে। কমলাপুর পর্যন্ত চালু হতে ২০২৫ সাল লেগে যেতে পারে।

## শুরুতে চলবে চার ঘণ্টা

উদ্বোধনের পরদিন ২৯ ডিসেম্বর ২০২২ থেকে প্রতিদিন সকাল ৮টা থেকে বেলা ১২টা পর্যন্ত মোট ৪ ঘণ্টা চলছে মেট্রোরেল। প্রথম পর্যায়ে উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত চলার সময় ট্রেনগুলো মাঝপথে কোথাও থামছে না। মোট ১১.৭৩ কিলোমিটার দৈর্ঘ্যের এ পথ পাড়ি দিতে মেট্রোরেলের সময় লাগছে ১০ মিনিট ১০ সেকেন্ড।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের একটি প্রতিষ্ঠান। বর্তমান ব্যবস্থাপনা পরিচালক– এম. এ. এন সিদ্দিক। **DMTCL**

## ব্যয়

শুরুর দিকে মেট্রোরেল প্রকল্পের ব্যয় ছিল প্রায় ২১,৯৮৫ কোটি টাকা। পথ সম্প্রসারণ, স্টেশন প্লাজা নির্মাণ, কিছু স্টেশনে নতুন করে জমি অধিগ্রহণ, পরামর্শকের পেছনে ব্যয় বৃদ্ধি, পণ্যের মূল্যবৃদ্ধি, বাড়তি ভ্যাটসহ (মূল্য সংযোজন কর) বিভিন্ন কারণে ব্যয় প্রায় ১১,৪৮৭ কোটি টাকা বেড়ে দাঁড়িয়েছে ৩৩,৪৭২ কোটি টাকায়। এর মধ্যে জাইকা ১৯,৭১৯ কোটি টাকা দিচ্ছে। সরকার খরচ করছে ১৩,৭৫৩ কোটি টাকা।

## বিদ্যুতের যোগান

মেট্রোরেলের বিদ্যুৎ আসবে সরাসরি জাতীয় গ্রিড থেকে। এ জন্য উত্তরা ও মতিঝিলে দুটি ১৩২ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপন করা হয়েছে। উত্তরা থেকে আগারগাঁও পর্যন্ত ৮০ মেগাওয়াট আর আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ৮০ মেগাওয়াট বিদ্যুতের যোগান থাকবে।

## যাত্রীদের নিরাপত্তা ব্যবস্থা

মেট্রোরেলের নিয়ন্ত্রণ ও যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে Communication Based Train Control (CBTC) System অন্তর্ভুক্ত করা হয়েছে। এ লক্ষ্যে Automatic Train Protection (ATP), Automatic Train Supervision (ATS) ও Moving Block System (MBS) অন্তর্ভুক্ত করা হয়েছে। মেট্রোরেলে যাতায়াতকারী যাত্রীদের নিরাপত্তার জন্য Synchronized Platform Screen Door (PSD) and Train Door এবং Internet Protocol (IP) Camera System অন্তর্ভুক্ত করা হয়েছে। আপৎকালীন মেট্রোরেলের ভেতর থেকে বের হওয়ার জন্য জরুরি বহির্গমন দরজা রাখা হয়েছে। অনাকাঙ্ক্ষিত অগ্নিনির্বাপণ ব্যবস্থা হিসেবে স্বয়ংক্রিয় Sprinkler ও Water Hydrant সংযোজনেরও ব্যবস্থা রাখা হয়েছে। মেট্রোরেলের নিরাপত্তায় নিয়োগ দেওয়া হবে এমআরটি পুলিশ।

## টিকেট ও কার্ড পদ্ধতি

পুরোপুরি চালু হলে মেট্রোরেলে চড়ার জন্য মোট স্টেশন থাকবে ১৭টি। যাত্রীদের নির্দিষ্ট গন্তব্যের জন্য দ্বিতীয় তলায় টিকিট কাটতে হবে। যাত্রীরা একক ভ্রমণের সিদ্ধান্ত নিলে সে হিসেবে টিকিট সংগ্রহ করবেন। যদি কেউ এমআরটি কার্ড রিচার্জ করতে চান সেক্ষেত্রে একইভাবে টাকা প্রবেশ করিয়ে মনিটরে টাকার পরিমাণ দিয়ে কল বাটন চাপলে স্বয়ংক্রিয়ভাবে রিচার্জ হয়ে যাবে। সিঙ্গেল এন্ট্রি কার্ডের যাত্রীদের স্মরণ রাখতে হবে নামার স্থানের কথা। কারণ নির্দিষ্ট গন্তব্যের চেয়ে বেশি দূরে গেলে এই সিঙ্গেল এন্ট্রি কার্ড দিয়ে আর বের হওয়া যাবে না। তবে ১০ বছর মেয়াদি কার্ডধারী যাত্রীদের এ সমস্যা নেই। কার্ড টাচ করলেই যাত্রাপথের দূরত্ব অনুসারে টাকা কেটে নেবে।

## ভাড়া

### সর্বোচ্চ ১০০, সর্বনিম্ন ২০

ভাড়া প্রতি কিলোমিটার পাঁচ টাকা। সর্বনিম্ন ভাড়া ২০ টাকা, সর্বোচ্চ ১০০ টাকা। মেট্রোরেলের ভাড়া স্মার্টকার্ডের মাধ্যমে যাত্রীরা পরিশোধ করলে ১০ শতাংশ রেয়াত দেওয়ার বিষয়ে ডিএমটিসিএল ব্যবস্থা নেবে। এছাড়া যুদ্ধাহত বীরমুক্তিযোদ্ধারা বিনা ভাড়ায় মেট্রোরেলে ভ্রমণ করতে পারবেন। পাশাপাশি বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তির জন্য বিশেষ রেয়াতের ব্যবস্থা রাখা হবে।

## নতুন যুগের আশা

বাংলাদেশের যাতায়াত ব্যবস্থায় মেট্রোরেল এক নতুন যুগের সূচনা করেছে। এই সম্ভাবনাময় স্বপ্ন প্রকল্প, এর বাস্তবায়ন বাংলাদেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে সাহায্য করবে। উন্নয়নের পরিবেশবান্ধব, সময়সাশ্রয়ী, আধুনিক ও প্রযুক্তিনির্ভর এই প্রকল্প বাংলাদেশের উন্নয়নের ক্ষেত্রে মাইলফলক হিসেবে পরিবহণখাতে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে এটাই প্রত্যাশা।

## এ ক ন জ রে

- মেট্রোরেলের প্রতিটি সেটে থাকবে চারটি যাত্রীবাহী কোচ, দুই দিকে দুটো ইঞ্জিন।
- প্রতিটি কোচ সাড়ে ৯ ফুট চওড়া। মাঝখানের প্রশস্ত জায়গায় যাত্রীরা দাঁড়িয়ে ভ্রমণ করবেন।
- কোচগুলোর ভেতরে লম্বালম্বি দুই পাশে বসার আসন। প্রতি কোচে ৪৮ জন করে বসতে পারবেন। মাঝখানের চারটি কোচ মোটরকার। এতে বসার ব্যবস্থা আছে ৫৪ জনের। প্রতিটি কোচে দুটি হুইল চেয়ার রয়েছে।
- প্রতি বর্গমিটারে আটজনের হিসাবে প্রায় ১৭০০ যাত্রী চলাচল করতে পারবে।
- উত্তরা থেকে মিরপুর-ফার্মগেট হয়ে মতিঝিল পর্যন্ত চলাচলে সময় লাগবে ৪০ মিনিটের কম।
- শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি কোচের দুপাশে সুপরিসর চারটি দরজা। তবে স্টেশনে এলে একপাশেই খুলবে।
- কোন স্টেশনে ট্রেন থামল, তা জানানো হবে ডিসপ্লেতে।
- মেট্রোরেলে প্রতি কিলোমিটারে ভাড়া ৫ টাকা, সর্বনিম্ন ভাড়া হবে ২০ টাকা।



**Smart Bangladesh Taskforce** | To introduce advanced information technology in Bangladesh



# SMART BANGLADESH

After independence, Bangladesh has taken many initiatives to develop, prosper and digitalise the country. The government has successfully fulfilled the targets of MDGs and Vision-2021 and is on the way to getting out of LDCs blocs by 2026 and determined to fulfill the goals of SDCs by 2030 and wants Delta Plan 2100 to be successful. After Digital Bangladesh Vision-2021, the government has set the goal to establish Smart Bangladesh by 2041 through the transition to a knowledge–based economy. To make the country Smart Bangladesh, the government has fixed four bases—smart citizens, smart economy, smart government and smart society. It has recently formed a taskforce to provide the country with advanced information technology.

## What is Smart Bangladesh?

From Bangladesh's perspective, Smart Bangladesh means every citizen will be skilled in using technology, economic activities will run through using technology, and the government will be technologically smart. The elements of 'Smart Bangladesh 2041' will mostly include smart education, smart healthcare, smart agriculture, smart commerce and smart transportation.

## Requirements for Smart Bangladesh

Policymakers of Bangladesh have already created a 14-point action plan to materialize the vision of Smart Bangladesh. Prioritized projects under Digital Bangladesh for extensive economic growth, which were incomplete are needed to be reactivated again. Bangladesh is now home to the world's second-biggest pool of freelancers in a world where the gig economy is growing rapidly. This community needs nurturing and others need to be encouraged to join them. The country's hardware industry has dramatically changed. Bangladesh is now locally assembling the majority of mobile phones within the country. Some smartphone brands are even exporting their products to neighbouring countries. To facilitate the growth of the hardware industry, Bangabandhu Hi-Tech City has been established. About 70 tech companies have already invested millions of dollars in BHTC to manufacture world-class tech-based products in Bangladesh. More technology-based industries are further needed to establish within the country and a technology-friendly budget is needed. Besides, unskilled youth in crucial topics, including cyber security, block-chain, artificial intelligence, etc. are needed to be trained to build 'Smart Bangladesh'.

## Challenges for Smart Bangladesh

The journey towards achieving the vision of a smart and digitally inclusive Bangladesh by 2041 is far from over. Bangladesh ranks 88th among 131 countries in the Networked Readiness Index (NRI) of the World Economic Forum. The index highlighted some strengths including the rate of internet use, affordable price, investment in telecommunication services, and reducing discrimination on digital transactions in city and rural areas. Many home-grown public apps like Surokkha, have been removed from Google Play due to a lack of maintenance. Besides the country's first laptop project has got suspended. Frequent power cuts interrupt internet services for accessing information through ICT across the country. All these are challenges towards building Smart Bangladesh, and these require a solution.

To materialize the dream of Smart Bangladesh, the young generations have to prepare themselves as smart citizens. Besides capitalizing on the demographic dividend, it can strengthen Bangladesh's position on the world map by bringing innovative ideas. Only then would we be able to build an advanced and knowledge-based 'Smart Bangladesh'.

# বিশ্বজুড়ে

## নতুন যুগে সৌদি-চীন সম্পর্ক

তাইওয়ান ইস্যুতে যুক্তরাষ্ট্রের সঙ্গে উত্তেজনা ও তেল উৎপাদন কমানো নিয়ে আরব বিশ্বের প্রতি দেশটির বৈরী মনোভাবের মধ্যেই বাদশাহ সালমানের আমন্ত্রণে ৭-৯ ডিসেম্বর ২০২২ সৌদি আরবে যান চীনের প্রেসিডেন্ট শি চিনপিং। করোনা মহামারিতে চীন ও সৌদি আরব দুই দেশের অর্থনীতিই হোঁচট খেয়েছে। অর্থনীতি চাঙ্গা করতে মধ্যপ্রাচ্যের যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের মিত্র সৌদি আরবের সঙ্গে অর্থনৈতিক ও রাজনৈতিক সহযোগিতা জোরদার করতে চাচ্ছে চীন। এর অংশ হিসেবে প্রায় ছয় বছর পর সৌদি সফর করেন চীনের প্রেসিডেন্ট। করোনাভাইরাস শুরুর পর থেকে শি চিনপিংয়ের এটি তৃতীয় বিদেশ সফর।



৮ ডিসেম্বর ২০২২ রাজধানী রিয়াদের সৌদি রাজপ্রাসাদ আল ইয়ামামায় বাদশাহ সালমান ও যুবরাজ মোহাম্মদ সালমানের সাথে বৈঠক করেন চীনের প্রেসিডেন্ট। বৈঠক শেষে দুই দেশের নেতারা সৌদি ভিশন ২০৩০ এবং বেইজিং রোড অ্যান্ড ইনিশিয়েটিভের (BRI) লক্ষ্য অর্জনের ঐক্যে চুক্তি স্বাক্ষরসহ জ্বালানি, তথ্যপ্রযুক্তি, পরিবহন, চিকিৎসা, আবাসন খাতসহ বিভিন্ন খাতে ৩,০০০ কোটি ডলারের মোট ৩৪টি বিনিয়োগ ও বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেন।

শুধু বাণিজ্য নয়, চীনা প্রেসিডেন্টের সৌদি সফরে ভূ-রাজনৈতিক নানা সমীকরণও বেশ গুরুত্ব পায়। ৯ ডিসেম্বর ২০২২ সৌদি বাদশাহ সালমান এবং ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকের পাশাপাশি ছয় সদস্যের উপসাগরীয় সহযোগিতা পরিষদ (GCC) এবং অন্তত ১৪টি আরব দেশের প্রধান ও চীনের মধ্যে শীর্ষ সম্মেলন হয়।

### সৌদি-চীন সম্পর্ক

সৌদি আরব ও চীন দীর্ঘদিন ধরেই একে অপরের বড় বাণিজ্য সহযোগী। ২০০৫-২০ সালের মধ্যে আরব বিশ্বে যে পরিমাণ বিনিয়োগ করেছে চীন, এর মধ্যে ২০ শতাংশেরও বেশি হয়েছে শুধু সৌদিতেই। ২০২১ সালে দুই দেশের মধ্যে বাণিজ্য বিনিময়ের পরিমাণ ছিল ৮,০০০ কোটি ডলার। সৌদি সরকারের ভিশন-২০৩০ বাস্তবায়নে চীনকে গুরুত্বপূর্ণ সহযোগী হিসেবে দেখছেন সৌদি যুবরাজ। চীন ও সৌদি আরব অস্ত্র বিক্রি ও উৎপাদনেও একসঙ্গে কাজ করছে।

## চীনে করোনার বিধি-নিষেধ প্রত্যাহার

২০১৯ সালের শেষ দিকে চীনে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। এরপর সংক্রমণ ঠেকাতে কঠোর নিধি-নিষেধ জারি করে বেইজিং। এতে প্রথম দিকে চীনে সংক্রমণ ছিল কম। গত তিন বছরে প্রায় সব দেশ করোনাসংক্রান্ত বিধি-নিষেধ তুলে নিয়েছে। কিন্তু চীনের প্রেসিডেন্ট শি চিনপিং তার সরকারের গৃহীত 'শূন্য করোনা নীতি' থেকে সরে আসেননি। তবে করোনা সংক্রমণে নেওয়া কঠোর বিধি-নিষেধের বিরুদ্ধে সম্প্রতি বেইজিংসহ দেশটির গুরুত্বপূর্ণ বিভিন্ন শহরে ব্যাপক প্রতিবাদ বিক্ষোভ হয়। জনউত্তাপের মুখে পড়ে ৭ ডিসেম্বর ২০২২ টানা তিন বছর ধরে চালিয়ে আসা কঠোর শূন্য কোভিড নীতি শিথিল করে চীন। চীনের স্টেট কাউন্সিল এদিন ১০টি নতুন নির্দেশিকা উন্মোচন করে। এটাই দেশটির প্রথম কোভিড নীতির সরকারি পরিবর্তন।

## পেরুর প্রথম নারী প্রেসিডেন্ট



৭ ডিসেম্বর ২০২২ সাময়িক ক্ষমতায় থাকা লাতিন আমেরিকার দেশ পেরুর বামপন্থি নেতা প্রেসিডেন্ট পেদ্রো ক্যাস্তিলোকে অভিশংসনের মাধ্যমে ক্ষমতাচ্যুত করেন দেশটির আইনপ্রণেতারা। ক্ষমতাচ্যুত হওয়ার ঠিক পরপরই 'সংবিধান পরিপন্থী অভ্যুত্থান চেষ্টার' অভিযোগে ক্যাস্তিলোকে আটক করে পুলিশ। এরই মধ্যে আইনসভার ভোটে পেরুর নতুন প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন ভাইস প্রেসিডেন্টের দায়িত্ব পালন করা দিনা বুলার্তো। নির্বাচিত হওয়ার পর পরই পেরুর প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণ করেন তিনি। ২০২৬ সাল পর্যন্ত দায়িত্ব পালন করবেন বুলার্তো।

রাজা জর্জের অভিষেকের জন্য ১৯৩৭ সালে রাজমুকুটটি তৈরি করা হয়। এতে ২,৮৬৮টি হীরা রয়েছে।

## রাজা তৃতীয় চার্লসের অভিষেক

৩ ডিসেম্বর ২০২২ এক বিবৃতিতে বাকিংহাম প্যালেস জানায়, ৬ মে ২০২৩ ওয়েস্টমিনস্টার অ্যাবেতে রাজ্যাভিষেক হবে রাজা তৃতীয় চার্লসের। তার আগেই খাঁটি সোনা, রুবির আবরণযুক্ত, মণি, নীলকান্তমণি, পোখরাজ, টুম্যালিন খচিত ১৭ শতকের সেন্ট এডওয়ার্ড ঐতিহাসিক রাজ মুকুটটিতে কিছুটা পরিবর্তনের কাজ করা হবে। রাজা তৃতীয় চার্লস যে মুকুটটি পরিধান করবেন, তার ওপরের অংশটি হবে বেগুনি রঙের। ৩০ সেন্টিমিটার উচ্চতার মুকুটটি বেশ ভারী। এ মুকুটটি শেষবার ১৯৫৩ সালে রানী দ্বিতীয় এলিজাবেথ তার অভিষেকের সময় পরেছিলেন।



# রাজকাহন




## চালর্সের ছবি সংবলিত মুদ্রা

মে ২০২৪ যুক্তরাজ্যের বাজারে পাওয়া যাবে পাউন্ডের নতুন নোট। এর প্রায় দেড় বছর আগেই সম্প্রতি দেশটির নতুন রাজা তৃতীয় চালর্সের ছবি সংবলিত এসব নোটের নকশা প্রকাশ করেছে দেশটির কেন্দ্রীয় ব্যাংক। তৃতীয় চার্লসের ছবি দিয়ে বর্তমানে প্রচলিত ৫, ১০, ২০ ও ৫০ পাউন্ডের পলিমার নোট ছাপা হচ্ছে। এসব ব্যাংকনোটের সামনের দিকে থাকবে রাজার ছবি। পলিমার প্লাস্টিকের তৈরি নোটের সিকিউরিটি উইন্ডোতেও রাজার একটি স্বচ্ছ ছবি থাকবে। তবে নোটের উল্টো দিকগুলো অবশ্য অপরিবর্তিতই রয়ে যাচ্ছে। ফলে আগের মতোই ১০ পাউন্ডের নোটে লেখক জেন অস্টেন, ২০ পাউন্ডের নোটে শিল্পী জেএমডব্লিউ টার্নার এবং ৫০ ডলারের নোটে কম্পিউটার বিজ্ঞানী অ্যালান টুরিংয়ের ছবি দেখতে পাওয়া যাবে। তবে রানি দ্বিতীয় এলিজাবেথের প্রতিকৃতি থাকা নোটগুলো আগের মতোই চলবে।

# ইরান

## নারী অধিকার সংস্থা থেকে বহিষ্কার

কুর্দি নারী মাশা আমিনির মৃত্যুকে কেন্দ্র করে ইরানে চলমান বিক্ষোভে সরকারের দমন-পীড়নের অভিযোগ এনে জাতিসংঘের প্রধান নারী অধিকার সংস্থা *কমিশন অন দ্য স্ট্যাটাস অব উইমেন* থেকে দেশটিকে বহিষ্কার করা হয়। ১৪ ডিসেম্বর ২০২২ সংস্থাটি থেকে ইরানকে বহিষ্কারের জন্য ভোট নেয় ৫৪ সদস্যের জাতিসংঘ অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল (ECOSOC)। ২০২২-২৬ সাল পর্যন্ত সংস্থাটির বর্তমান মেয়াদের বাকি অংশের জন্য এ সিদ্ধান্ত প্রযোজ্য হবে।

UN Commission on the Status of Women

## নতুন পরমাণু কেন্দ্র নির্মাণ

পরমাণু ইস্যুতে পশ্চিমা দেশগুলোর সঙ্গে উত্তেজনা চলার মধ্যেই নতুন আরও একটি পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণ শুরু করেছে ইরান। ইরানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ খুজেস্তানের দারখোভিন জেলায় নতুন পরমাণু কেন্দ্রটি নির্মাণ করা হচ্ছে। ৩ ডিসেম্বর ২০২২ দেশটির পরমাণু শক্তি সংস্থা এ কথা জানায়। ৩০০ মেগাওয়াটের কারুন পাওয়ার প্ল্যান্টটি নির্মাণে সাত বছর সময় লাগবে এবং এতে ১৫০-২০০ কোটি মার্কিন ডলার খরচ হবে।

## ফিলিস্তিনে চিলির দূতাবাস

ফিলিস্তিনে দূতাবাস খোলার ঘোষণা দিয়েছে চিলি। দখলকৃত ফিলিস্তিন ভূখণ্ডে এ দূতাবাস খোলার ঘোষণা দেন প্রেসিডেন্ট গ্যাব্রিয়েল বোরিক। তবে দূতাবাস খোলার এখনো নির্দিষ্ট কোনো সময়সীমা ঠিক করা হয়নি। চিলি ফিলিস্তিন ও ইসরায়েল দুই দেশকেই বৈধ রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়ে আসছে।

## আন্তর্জাতিক আদালতে শিরিন হত্যা মামলা

২৫ বছর ধরে আল জাজিরার সংবাদদাতা হিসেবে কাজ করছিলেন প্রবীণ ফিলিস্তিনি-আমেরিকান সাংবাদিক শিরিন আবু আকলেহ। ১১ মে ২০২২ দখলকৃত পশ্চিম তীরের জেরিন শহরে ইসরায়েলি বাহিনীর একটি অভিযানে সংবাদ সংগ্রহের কাজ করছিলেন তিনি। সে সময় ইসরায়েলি বাহিনীর গুলিতে নিহত হন শিরিন। হত্যাকাণ্ডের ঘটনা তদন্ত ও দোষীদের বিচারের দাবি সম্পর্কিত একটি অনুরোধ সম্প্রতি আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) কাছে জমা দিয়েছে আল জাজিরা মিডিয়া নেটওয়ার্ক। ৬ ডিসেম্বর ২০২২ বিষয়টি নিশ্চিত করে কাতারভিত্তিক সংবাদমাধ্যমটি।

*শিরিন*



# ভারত পরিক্রমা

## করোনার নতুন বুস্টার ডোজ

২৩ ডিসেম্বর ২০২২ করোনার টিকার বুস্টার ডোজ হিসেবে নাকের ড্রপের অনুমোদন দেয় দেশটির কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়। 'ইনকোভ্যাক' নামের যন্ত্রণাহীন এ ড্রপের নির্মাতা হায়দরাবাদের ভারত বায়োটেক। স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, ১৮ বছরের বেশি বয়সীরা আপাতত তৃতীয় বা বুস্টার ডোজ হিসেবে এ ড্রপ নিতে পারবেন।

## যুদ্ধবিমানের প্রথম মুসলিম নারী পাইলট



ভারতে প্রথমবারের মতো যুদ্ধবিমানের মুসলিম নারী পাইলট হিসেবে নির্বাচিত হন সানিয়া মির্জা। একাডেমি পরীক্ষায় (এনডিএ) উত্তীর্ণ হন সানিয়া। ভারতের প্রথম মুসলিম নারী ফাইটার পাইলট হওয়ার পাশাপাশি দেশটির উত্তর প্রদেশ রাজ্যের তিনিই প্রথম ভারতীয় বিমানবাহিনীর ফাইটার পাইলট হতে যাচ্ছেন। ২৭ ডিসেম্বর ২০২২ সানিয়া পুনেতে ন্যাশনাল ডিফেন্স একাডেমিতে যোগ দেন।

## আফগান বিশ্ববিদ্যালয়ে নারী শিক্ষার্থী নিষিদ্ধ

আফগানিস্তানের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে নারীদের পড়ালেখা অনির্দিষ্টকালের জন্য নিষিদ্ধ করে তালেবান কর্তৃপক্ষ। দেশটির মন্ত্রিসভার সিদ্ধান্তে ২০ ডিসেম্বর ২০২২ উচ্চ শিক্ষামন্ত্রণালয় এ সংক্রান্ত নির্দেশনা জারি করে। নির্দেশনা অনুযায়ী, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আফগানিস্তানে নারীদের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে। এর মধ্য দিয়ে আনুষ্ঠানিক শিক্ষায় আফগান নারীদের প্রবেশাধিকারকে আরও সীমিত করে তালেবান।

# জাপানের নতুন প্রতিরক্ষা কৌশল

১৬ ডিসেম্বর ২০২২ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সবচেয়ে বড় সামরিক পরিকল্পনা প্রকাশ করে বিশ্বের অন্যতম অর্থনৈতিক পরাশক্তি জাপান। এ মহাপরিকল্পনা অনুযায়ী, আগামী পাঁচ বছরের মধ্যে দেশের প্রতিরক্ষা সক্ষমতা বাড়ানো হবে। চীন, রাশিয়া ও উত্তর কোরিয়ার তরফ থেকে সৃষ্ট ক্রমবর্ধমান হুমকির কারণে তারা এই উদ্যোগ নেয়। চীনের ক্রমবর্ধমান হুমকি এবং প্রতিবেশী উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্রের ভয়ের পাশাপাশি রাশিয়া কর্তৃক ইউক্রেন আক্রমণের পর জাপানিদের মধ্যে নিজেদের নিরাপত্তা নিয়ে অস্বস্তি তৈরি হয়েছে।

প্রতিরক্ষা সক্ষমতা বাড়াতে মোট তিন ধাপের পরিকল্পনা প্রকাশ করে প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সরকার। পরিকল্পনা অনুযায়ী, প্রতিরক্ষা ব্যয় ২০২৭ সালের মধ্যে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ২ শতাংশ হবে, যা আগে ছিল ১ শতাংশ। নতুন নিরাপত্তা কৌশল অনুযায়ী, জাপানের প্রতিরক্ষা কৌশলের মূল স্তম্ভ হবে 'প্রতি-আক্রমণ সক্ষমতা' অর্জন। এ কৌশলের মাধ্যমে শত্রুপক্ষের ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্রগুলো ধ্বংস করার দিকে নজর থাকবে তাদের।



*নতুন প্রতিরক্ষা কৌশল নিয়ে সংবাদ সম্মেলনে কথা বলেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা*

### শান্তিবাদী জাপান

দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরাজিত জার্মানির জোটে থাকা জাপানের ওপর শান্তিবাদী সংবিধান চাপিয়ে দিয়েছিল বিজয়ী মিত্রশক্তি। সেই সংবিধানে সামরিক বাহিনীর স্বীকৃতি ছিল না। দেশটির সশস্ত্র বাহিনী ছিল কার্যত প্রতীকী। এভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে জাপানের তৎকালীন যুদ্ধবাজ ভাবমূর্তি ধীরে ধীরে পরিবর্তিত হয়ে শান্তিমুখী হয়।

### প্রতিক্রিয়া

জাপানের ঘোষিত বিশাল সমর পরিকল্পনার প্রতিক্রিয়ায় চীন বলেছে জাপান যেন তার 'নীতির প্রতিফলন ঘটায়'। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ওয়াং ওয়েনবিন বলেন, 'পরিস্থিতিকে উপেক্ষা করে জাপান দ্বিপক্ষীয় সম্পর্কের বোঝাপড়া থেকে বিচ্যুত হয়েছে এবং চীনের অবমূল্যায়ন করেছে।' অন্যদিকে জাপানের নতুন এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে মিত্র যুক্তরাষ্ট্র। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন বলেন, এই পদক্ষেপ আন্তর্জাতিক ব্যবস্থার স্থিতিশীলতার ওপর ভিত্তি করে উন্মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সমুন্নত রাখতে জাপানের দৃঢ় প্রতিশ্রুতিরই প্রকাশ।

## দক্ষিণ কোরিয়া

দক্ষিণ কোরিয়াতে প্লাস্টিক সার্জারি করানো খুবই স্বাভাবিক একটি ব্যাপার। তাই দেশটিকে বলা হয় Plastic Surgery Capital of the World।

### দক্ষিণ কোরিয়ায় সব নাগরিকের বয়স কমছে

বর্তমান 'কোরিয়ান এইজ' নামে ব্যাপকভাবে পরিচিত বয়স গণনা পদ্ধতি অনুযায়ী ৩১ ডিসেম্বর একটি শিশুর জন্ম হলে সেই দিনে তার বয়স এক বছর হিসেবে বিবেচিত হয়। পরের দিনটি নববর্ষ হওয়ায় আরেকটি বছর যোগ করা হয়। এর ফলে কোরিয়ান বয়স গণনায় জন্মের মাত্র দুদিনের মাথাতেই শিশুটিকে দুই বছর বয়স হিসেবে গণ্য করতে হতো। 'কোরিয়ান এইজ' ব্যবস্থার পাশাপাশি দেশটিতে আরো একটি পদ্ধতি রয়েছে। এই পদ্ধতি মদ্যপান ও ধূমপানের বয়স নির্ধারণে ব্যবহৃত হয়। এ নিয়মে শূন্য থেকে বয়স গণনা করা হয় ও জানুয়ারিতে এক বছর করে যুক্ত হয়।




বয়স গণনার মিশ্র পদ্ধতি ও এর কারণে সৃষ্ট সামাজিক বিভ্রান্তি সমাধানের জন্য ৮ ডিসেম্বর ২০২২ সিউলে সরকারি নথিতে আন্তর্জাতিক বয়স-গণনা পদ্ধতি ব্যবহারের বিল পাস করে ন্যাশনাল অ্যাসেম্বলি। ২০২৩ সালের জুনের মধ্যেই বাস্তবায়ন হবে বয়স গণনার নতুন পদ্ধতি। এর ফলে দেশটিতে জন্ম নেওয়ার পরপর শিশুর বয়স এক বছর ধরার নিয়মের বিলুপ্তি ঘটবে। এতে দেশটির অধিকাংশ নাগরিকের বয়সও এক বছর কমে যাবে।

### শেনঝেন চুক্তির আওতায় ক্রোয়েশিয়া

৮ ডিসেম্বর ২০২২ ইউরোপীয় ইউনিয়নের স্বরাষ্ট্রমন্ত্রীরা বুলগেরিয়া, রোমানিয়া ও ক্রোয়েশিয়াকে শেনঝেন চুক্তির আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত নিতে বসেন। তবে শুধু ক্রোয়েশিয়াকে ২০২৩ সালের জানুয়ারি মাসে শেনঝেন চুক্তির আওতায় আনার সিদ্ধান্ত নেন তারা। ঐক্যমতের অভাবে বুলগেরিয়া ও রোমানিয়া আপাতত এ কাঠামোর বাইরে থাকছে। তবে আগামী ছয় মাস পর এ সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা হতে পারে।




### আরবি ভাষায় দক্ষতা পরীক্ষা চালু

বিশ্বব্যাপী আরবি ভাষার শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠিত হয় কিং সালমান গ্লোবাল একাডেমি ফর অ্যারাবিক ল্যাঙ্গুয়েজ। ২০২০ সালের সেপ্টেম্বরে সৌদির মন্ত্রিপরিষদের অনুমোদনক্রমে তা প্রতিষ্ঠা লাভ করে। দেশটির সংস্কৃতি মন্ত্রণালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান হিসেবে এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। কিং সালমান গ্লোবাল একাডেমি ফর অ্যারাবিক ল্যাঙ্গুয়েজের তত্ত্বাবধানে দি এডুকেশন অ্যান্ড ট্রেনিং এভল্যুশন কমিশনের উদ্যোগে প্রথমবারের মতো অন্য ভাষাভাষীদের আরবি ভাষার দক্ষতা পরীক্ষা চালু করা হয়। সৌদি ভিশন ২০৩০-এর উন্নয়ন ও বৈচিত্র্যপূর্ণ লক্ষ্য বাস্তবায়নে জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে এই ভাষার ভূমিকা আরো সুদৃঢ় করতে এমন উদ্যোগ নেওয়া হয়।

### নতুন দুই গ্যাসক্ষেত্র

নতুন করে দুটি প্রাকৃতিক গ্যাস ক্ষেত্রের সন্ধান পেয়েছে সৌদি আরব। ৩০ নভেম্বর ২০২২ দেশটির জ্বালানি মন্ত্রী যুবরাজ আবদুল আজিজ বিন সালমান এ তথ্য জানান। হোফুফ শহর থেকে ১৪২ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে ঘাওয়ার গ্যাস ক্ষেত্রের দক্ষিণ-পশ্চিমে 'আওতাদ' নামের প্রাকৃতিক গ্যাস ক্ষেত্রটি আবিষ্কৃত হয়। এছাড়া 'আল-দাহনা' নামের নতুন প্রাকৃতিক গ্যাসক্ষেত্র পাওয়া যায় ধাহরান শহরের ২৩০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে। সৌদির সবচেয়ে বড় রাষ্ট্রীয় জ্বালানি কোম্পানি সৌদি আরামকো এই দুটি গ্যাসক্ষেত্রের সন্ধান পেয়েছে।

### বিশ্বের সর্ববৃহৎ বিমানবন্দর

সৌদি আরবের দাম্মামে অবস্থিত বিশ্বের বৃহত্তম বিমানবন্দর কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরের চেয়েও বড় আরেকটি বিমানবন্দর নির্মাণের পরিকল্পনা করছেন সৌদি প্রধানমন্ত্রী যুবরাজ মোহাম্মদ বিন সালমান। রাজধানী রিয়াদের ২২ বর্গমাইলজুড়ে নির্মিত হবে কিং সালমান ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট। আন্তর্জাতিক এই বিমানবন্দরে ছয়টি সমান্তরাল রানওয়ে থাকবে। স্থাপত্যশৈলী জগতের খ্যাতিসম্পন্ন 'ফস্টার + পার্টনারস' খ্যাত ব্রিটিশ স্থাপত্য, প্রকৌশল দ্বারা এর নকশা করা হয়েছে। এতে ৪.৫ বর্গমাইলের বেশি ছোট আউটলেট, আবাসিক এবং বিনোদনমূলক সুবিধা এবং লজিস্টিক স্পেস থাকবে। ২০৩০ সালের মধ্যে বিমানবন্দরটি বছরে ১২০ মিলিয়ন যাত্রী বহন করার জন্য প্রস্তুত হবে।



রাশিয়ার টাইম জোন বা সময় মান-মন্ডল | ১১টি

## ওমানে গোল্ডেন ভিসা চালু

বিত্তবান ও বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞ বিদেশিদের আকৃষ্ট করতে ২০১৯ সালে গোল্ডেন ভিসা চালু করেছিল সংযুক্ত আরব আমিরাত। এ ফর্মুলায় কয়েকমাস আগে মধ্যপ্রাচ্যের আরেক দেশ ওমান একই ধরনের ভিসা চালু করে। এ ভিসার মাধ্যমে সুনির্দিষ্ট কিছু শর্তের ভিত্তিতে ইস্যু করা ভিসার মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রের মেধাবীরা সে দেশে বসবাস, চাকরি ও অধ্যয়নের সুযোগ পান। সামনে শিক্ষক ও সাংবাদিকসহ বিভিন্ন খাতের মেধাবী পেশাজীবীরাও এর আওতায় আসবেন। দুই মিলিয়ন দিরহামের প্রপার্টি কিনলে বা সমপরিমাণ অর্থ সেখানকার ব্যাংকে রাখলেই এ ভিসার জন্য আবেদন করা যায়। ভিসাটি ১০ বছরের বৈধ ও নবায়নযোগ্য। ভিসাধারী ব্যক্তির মৃত্যু হলে তার পরিবারের সদস্যরা সেখানে থাকতে পারবেন। তবে ভিসার জন্য ব্যক্তিকে কমপক্ষে স্নাতক পাস আর তার মাসিক বেতন কমপক্ষে ৩০,০০০ দিরহাম হতে হবে। খেলা, শিল্প, সংস্কৃতি, প্রযুক্তি, উদ্ভাবন, আইনসহ কয়েকটি ক্ষেত্রের মেধাবীরা আবেদন করতে পারেন। তাদের ক্ষেত্রে শুধু মেধা যাচাই করে সেখানকার কর্তৃপক্ষ।

## ইন্দোনেশিয়ায় নতুন ফৌজদারি দণ্ডবিধি

৬ ডিসেম্বর ২০২২ ইন্দোনেশিয়ার সব রাজনৈতিক দলের সমর্থনে সংসদে পাস হয় নতুন ফৌজদারি দণ্ডবিধি। এর আওতায় নিষিদ্ধ করা হয় বিবাহবহির্ভূত শারীরিক সম্পর্ক, প্রেসিডেন্ট কিংবা রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো অবমাননা এবং 'প্যানকাসিলা' নামে পরিচিত রাষ্ট্রীয় আদর্শবিরোধী যেকোনো দৃষ্টিভঙ্গি। নতুন এ আইনের অধীনে বিবাহবহির্ভূত শারীরিক সম্পর্কের জন্য  এক বছর পর্যন্ত জেল হতে পারে। তবে স্বপ্রণোদিত হয়ে বিবাহবহির্ভূত শারীরিক সম্পর্ক লিপ্ত হওয়া কেউ এ আইনের আওতায় পড়বেন না। কেবল অভিযুক্তদের নিকটাত্মীয়রা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে অভিযোগ দিলেই ব্যবস্থা নেওয়া হবে। নতুন এ আইনের আওতায় পড়বেন না বিদেশি পর্যটকরা।

## যুক্তরাষ্ট্রে ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি

রাশিয়া হামলা শুরুর পর প্রথম বিদেশ সফরে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে যান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। ২১ ডিসেম্বর ২০২২ তাকে বহনকারী বিমান ওয়াশিংটনের অ্যান্ড্রুজ বিমানঘাঁটিতে অবতরণ করে। সফরকালে তিনি হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সাথে বৈঠক করেন ও যুক্তরাষ্ট্রের কংগ্রেসের যৌথ অধিবেশনে ভাষণ দেন। ইউক্রেনে যুদ্ধ শুরুর ৩০০তম দিনে ২০ ডিসেম্বর ২০২২ জেলেনস্কি ইউক্রেনের পূর্বাঞ্চলের রুশ অধ্যুষিত দোনেৎস্ক অঞ্চলের বাখমুটে যুদ্ধক্ষেত্র পরিদর্শন করেন। সেখান থেকেই পোল্যান্ড হয়ে তিনি ওয়াশিংটনের পথে রওনা হন।

# রুশ সংবাদ

## সঙ্গীত বাহিনী গঠন

ইউক্রেন যুদ্ধে সৈন্যদের মনোবল চাঙা করতে রণাঙ্গনে সঙ্গীত সেনা দল মোতায়েন করতে চলেছে রাশিয়া। এ জন্য দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় 'রণাঙ্গনের সৃজনী ব্রিগেড' নামে একটি সেনা দল গঠনের ঘোষণা দিয়ে বলেছে, এ ব্রিগেড বা সঙ্গীত সেনাদলে থাকবে প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সম্প্রতি নেওয়া সেনা নিয়োগ উদ্যোগের অধীনে নিযুক্ত সৈন্যরা। এছাড়াও থাকবেন পেশাদার যেসব কণ্ঠশিল্পী ও  বাদ্যশিল্পী স্বেচ্ছায় সামরিক বাহিনীতে যোগ দিয়েছেন, তারা। নতুন এই ইউনিটকে দায়িত্ব দেওয়া হবে বিশেষ সামরিক তৎপরতায় অংশ নিচ্ছেন যেসব সৈনিক, নৈতিক, রাজনৈতিক ও মনস্তাত্ত্বিক সব ক্ষেত্রেই তাদের উচ্চ মনোবল ধরে রাখা।

## ভয়ঙ্কর ক্ষেপণাস্ত্র ব্যবস্থা মোতায়েন

রাশিয়ার রাজধানী মস্কোর দক্ষিণ-পশ্চিম সীমান্তে ভয়ংকর ক্ষেপণাস্ত্র ব্যবস্থা মোতায়েন করেছে রাশিয়া। যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য দু'দেশেই আঘাত হানতে সক্ষম 'ইয়ারস' নামের আন্তঃমহাদেশীয় এ ক্ষেপণাস্ত্র হিরোশিমায় নিক্ষিপ্ত লিটল বয় বোমার চেয়েও ১২ গুণ বেশি শক্তিশালী। আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক মিসাইল ইয়ারসের রেঞ্জ ৭,৫০০ মাইল। ১৪ ডিসেম্বর ২০২২ কালুগা অঞ্চলের কোজেলস্কি মিলিটারি কম্পাউন্ডে বসানো হয় এটি। ইউক্রেনকে শিগগিরই অত্যাধুনিক প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা দেবে ওয়াশিংটন— বাইডেন প্রশাসনের এ পরিকল্পনা প্রকাশ হতেই এ পদক্ষেপ নেয় মস্কো। পাশাপাশি প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ইউক্রেনে পাঠানো হলেই মস্কো তাতে হামলা চালাবে বলেও হুঁশিয়ারি দেয় ক্রেমলিন।



## ধূমপানমুক্ত দেশ হচ্ছে নিউজিল্যান্ড

তামাকশিল্পের প্রসার রোধে সবচেয়ে কঠোর ব্যবস্থা নিচ্ছে নিউজিল্যান্ড। ২০০৯ সালের ১ জানুয়ারির পর জন্ম নেওয়া সবার কাছে তামাক বিক্রি নিষিদ্ধ করার আইন করেছে দেশটি। পরবর্তী প্রজন্মকে সুরক্ষায় ধূমপান নিষিদ্ধে বিশ্বের প্রথম আইন এটি। ২০২৫ সাল নাগাদ নিউজিল্যান্ড ধূমপানমুক্ত দেশ হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। এর অংশ হিসেবে সারা দেশে সিগারেট বিক্রির জন্য বৈধভাবে অনুমোদিত দোকানের সংখ্যা কমিয়ে ৬,০০০ থেকে ৬০০ করা হবে। ১৩ ডিসেম্বর ২০২২ চূড়ান্ত হওয়া এ আইন কার্যকর হবে ২০২৩ সালে।

## দুর্নীতির দায়ে দণ্ডিত আর্জেন্টিনার ভাইস প্রেসিডেন্ট

দুর্নীতির দায়ে আর্জেন্টিনার ভাইস প্রেসিডেন্ট ক্রিস্টিনা ফার্নান্দেজ দে কির্চনারকে ছয় বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। ৬ ডিসেম্বর ২০২২ দেশটির একটি আদালত ৬৯ বছর বয়সী ফার্নান্দেজকে প্রশাসনিক জালিয়াতির দায়ে দোষী সাব্যস্ত করে এই রায় দেন। আর্জেন্টিনার ইতিহাসে এই প্রথম দায়িত্বে থাকা অবস্থায় কোনো ভাইস প্রেসিডেন্ট অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হলেন। তবে সাজা হলেও ফার্নান্দেজকে এখন কারাগারে যেতে হচ্ছে না। কারণ, সরকারি পদবলে তিনি কিছুটা দায়মুক্তি পাবেন। আদালত ফার্নান্দেজকে আজীবনের জন্য সরকারি পদে নিষিদ্ধও করেছেন। তবে উচ্চ আদালতে মামলার মীমাংসা না হওয়া পর্যন্ত তিনি ভাইস প্রেসিডেন্টের দায়িত্ব চালিয়ে যেতে পারবেন।

ক্রিস্টিনা কির্চনারের বিরুদ্ধে অভিযোগ, ২০০৭-২০১৫ সাল পর্যন্ত আর্জেন্টিনার প্রেসিডেন্ট থাকাকালে ফার্নান্দেজ একটি অবৈধ অংশীদারত্বে নেতৃত্ব দিয়েছিলেন। তখন তিনি একটি স্কিম গঠন করেছিলেন। স্কিমের আওতায় ঘুষের বিনিময়ে তিনি তার এক বন্ধুকে লাভজনক সরকারি কাজ পাইয়ে দিয়েছিলেন।

## বিশ্বের বৃহত্তম বৈদ্যুতিক বাস ডিপো

মধ্যপ্রাচ্যের দেশ কাতারের লুসাইল বাস ডিপো বিশ্বের বৃহত্তম বৈদ্যুতিক বাস ডিপো হিসেবে রেকর্ড গড়েছে। ৪৭৮টি বাস ধারণক্ষমতার ডিপোটি সৌর বিদ্যুতের ওপর নির্ভর করে বানানো। ডিপোটিতে রয়েছে ১১,০০০ পিভি সোলার প্যানেল, যা প্রতিদিন ৪ মেগাওয়াটের মতো বিদ্যুৎ তৈরি করতে সক্ষম। এখানে ২৪টি বহুমুখী ভবন রয়েছে, যার মধ্যে ১,৪০০ জন ধারণক্ষমতার কর্মচারীদের আবাসন ভবনও আছে। এরইমধ্যে এ জন্য গিনেস ওয়ার্ল্ড রেকর্ডের প্রশংসাপত্র পেয়েছে কাতারের পরিবহন মন্ত্রণালয় ও গণপূর্ত কর্তৃপক্ষ।

## ঘূর্ণিঝড় 'মানদৌস'

৯ ডিসেম্বর ২০২২ ভারতের উত্তর তামিলনাড়ু উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড় 'মানদৌস'। ঘণ্টায় সর্বোচ্চ ৮৫ কিলোমিটার বেগে ভারতের তামিলনাড়ু ও পুদুচেরি উপকূলে আঘাত হানে এটি। দক্ষিণ আন্দামান সাগর এবং তৎসংলগ্ন এলাকায় সৃষ্ট একটি লঘুচাপ থেকে এ ঘূর্ণিঝড়ের উৎপত্তি। সংযুক্ত আরব আমিরাতের দেয়া নাম 'মানদৌস' আরবি শব্দ, যার অর্থ 'গয়না' বা 'ধনদৌলতের বাক্স'।

মানদৌসের আগে বঙ্গোপসাগরের সর্বশেষ ঘূর্ণিঝড়টির নাম ছিল 'সিত্রাং', যা ২৪ অক্টোবর ২০২২ বাংলাদেশের উপকূলীয় এলাকায় আঘাত হানে। মানদৌসের পর বঙ্গোপসাগরে সৃষ্ট পরবর্তী ঘূর্ণিঝড়ের নাম 'মোচা', যার নামকরণ করেছে ইয়েমেন।

# মহাকাশ বিশ্ব

## বৃহত্তম টেলিস্কোপ নির্মাণ শুরু

৫ ডিসেম্বর ২০২২ বিশ্বের বৃহত্তম রেডিও টেলিস্কোপের নির্মাণকাজ শুরু হয়। 'স্কয়ার কিলোমিটার অ্যারে' (এসকেএ) নামের টেলিস্কোপটির নির্মাণকাজ শেষ হবে ২০২৮ সালে। পৃথিবীর বর্তমান টেলিস্কোপগুলোর



চেয়ে ১০,০০০ গুণ কম সময়ে মহাকাশের জটিল সমীকরণের হিসাব মেলাবে এসকেএ। দক্ষিণ আফ্রিকার উত্তর কেপের কারোতে এবং অস্ট্রেলিয়ার মুর্চিসন শায়ারে ভাগে ভাগে স্থাপিত হবে এসকেএ টেলিস্কোপ। এর সদর দপ্তর হবে যুক্তরাজ্যে। বলা হচ্ছে, এটি একবিংশ শতাব্দীর অন্যতম বৃহত্তম বৈজ্ঞানিক প্রকল্প। এর বর্তমান সদস্য হলো দক্ষিণ আফ্রিকা, অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, চীন, ইতালি, নেদারল্যান্ডস, পর্তুগাল ও সুইজারল্যান্ড।

## নতুন দুই 'পানির পৃথিবী'

পৃথিবীর সৌরজগতের বাইরে 'পানির চাদরে ঢাকা' দুটি নতুন গ্রহ আবিষ্কারের দাবি করেন একদল মহাকাশ বিজ্ঞানী। ১৫ ডিসেম্বর ২০২২ বিজ্ঞান সাময়িকী *নেচার অ্যাস্ট্রোনমি*তে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য উঠে আসে। গবেষকরা লিখেন, একটি লাল বামন নক্ষত্র ঘিরে চক্কর দিচ্ছে গ্রহ দুটি। পৃথিবীর সৌরজগৎ থেকে প্রায় ২১৪ আলোকবর্ষ দূরের এক সৌরজগতে কেপলার-১৩৮সি এবং কেপলার-১৩৮ডি নামের গ্রহ দুটির অবস্থান। আকারে পৃথিবীর দেড় গুণ বড় হলেও গ্রহ দুটির ভর পৃথিবীর প্রায় দ্বিগুণ।

# COP-15 জীববৈচিত্র্য রক্ষায় ঐতিহাসিক চুক্তি



প্রকৃতির সুরক্ষায় পৃথিবীর আয়তনে এক-তৃতীয়াংশ বরাদ্দ দিতে ঐকমত্যে পৌঁছেছে কপ-১৫ সম্মেলনে অংশ নেওয়া দেশগুলো। ২০৩০ সালের মধ্যে বিশ্বের জীববৈচিত্র্য রক্ষায় এই ঐতিহাসিক চুক্তিতে সম্মত হয় তারা। কানাডার মন্ট্রিলে অনুষ্ঠিত কপ-১৫ : জাতিসংঘের জীববৈচিত্র্য সম্মেলনের শেষ দিন ১৯ ডিসেম্বর ২০২২ এ বিষয়ে ঐকমত্য হয়।

## COP-15

জীববৈচিত্র্য কনভেনশন স্বাক্ষরকারী দেশসমূহের পঞ্চদশ সম্মেলন কনফারেন্স অব পার্টিস (কপ-১৫)-এর দ্বিতীয় পর্ব ৭-১৯ ডিসেম্বর ২০২২ কানাডার মন্ট্রিয়লের প্রাণকেন্দ্রে অবস্থিত প্যালে ডে কংগ্রেস কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হয়। চীন সভাপতি রাষ্ট্র হিসেবে সম্মেলনে নেতৃত্ব দেয়। এর আগে ২০২১ সালের অক্টোবরে কপ-১৫ প্রথম পর্যায়ের সম্মেলন চীনের ইয়ুন নান প্রদেশের রাজধানী কুনমিংয়ে অনুষ্ঠিত হয়। ১৫০টিরও বেশি স্বাক্ষরকারী দেশের ৩০টিরও বেশি আন্তর্জাতিক সংস্থার পাঁচ সহস্রাধিক প্রতিনিধি এতে অংশ নেন। কোভিড-১৯ বিধিনিষেধের কারণে সম্মেলনের দ্বিতীয় পর্ব মন্ট্রিয়লে স্থানান্তর করা হয়। উভয় পর্বে সম্মেলনের মূল প্রতিপাদ্য ছিল 'প্রাকৃতিক সভ্যতা : যৌথভাবে পৃথিবীর অভিন্ন স্বার্থের কমিউনিটি গড়ে তোলা'। সম্মেলনের লক্ষ্য '২০৩০ সালের মধ্যে জীববৈচিত্র্যকে পুনরুদ্ধারের পথে স্থাপন করা'।

## জীববৈচিত্র্য রক্ষায় ১০ উদ্যোগের স্বীকৃতি

জীববৈচিত্র্য রক্ষায় ১০ প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে উদ্ভাবনী ফ্ল্যাগশিপ স্বীকৃতি দিয়েছে জাতিসংঘ। ১৩ ডিসেম্বর ২০২২ মন্ট্রিয়লের কপ-১৫ সম্মেলনে এ স্বীকৃতি দেওয়া হয়।

## পুরস্কারপ্রাপ্ত উদ্ভাবনী ফ্ল্যাগশিপগুলো—

ত্রিপক্ষীয় আটলান্টিক বন চুক্তি • আবুধাবি মেরিন পুনরুদ্ধার • গ্রেট গ্রিন ওয়াল • গঙ্গা নদীর পুনর্জীবন • মাল্টি-কান্ট্রি মাউন্টেন ইনিশিয়েটিভ • ছোট দ্বীপ রাষ্ট্র পুনরুদ্ধার ড্রাইভ • আলটিন ডালা সংরক্ষণ উদ্যোগ • সেন্ট্রাল আমেরিকান ড্রাই করিডোর • ইন্দোনেশিয়ায় প্রকৃতির সঙ্গে বিল্ডিং • চীনে শান-শুই উদ্যোগ।

## COP-15 ও COP-27-এর ভিন্নতা

COP-এর পূর্ণরূপ Conference of Parties। ৬-১৯ নভেম্বর ২০২২ মিশরের শার্ম আল-শেখে অনুষ্ঠিত হয় জলবায়ু পরিবর্তন বিষয়ক COP-27 সম্মেলন। এ সম্মেলনে জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং ক্ষতিগ্রস্ত দেশগুলোর জন্য তহবিল গঠনের আলোচনা হয়। অন্যদিকে ৭-১৯ ডিসেম্বর ২০২২ কানাডার মন্ট্রিয়লে অনুষ্ঠিত হয় COP-15 সম্মেলন, যার আলোচ্য বিষয় ছিল জীববৈচিত্র্য রক্ষা। অবশ্য এটি COP-15'র দ্বিতীয় পর্ব, প্রথম পর্ব ভার্চুয়ালি অনুষ্ঠিত হয় চীনের কুনমিংয়ে।

## জীববৈচিত্র্য রক্ষায় ঐতিহাসিক চুক্তি

কানাডার মন্ট্রিলে জাতিসংঘের জীববৈচিত্র্য সম্মেলনে পরিবেশ ও বাস্তুসংস্থান সুরক্ষায় ১৯ ডিসেম্বর ২০২২ ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়। চীনের পরিবেশমন্ত্রী হুয়াং রুনকিউয়ের সভাপতিত্বে এই চুক্তিতে স্বাক্ষর করে ১৯০টি দেশ। প্রকৃতি ও পরিবেশ রক্ষা সংক্রান্ত ১৫তম COP সম্মেলনে গৃহীত চুক্তিকে গত কয়েক দশকের মধ্যে পরিবেশ ধ্বংসের বিপরীতে বড় ঐতিহাসিক অর্জন হিসেবে দেখা হচ্ছে। 'প্রকৃতির সঙ্গে শান্তিচুক্তি' হিসেবে আখ্যায়িত এ চুক্তির প্রধান চারটি দিক হচ্ছে—

- **ত্রিশের মধ্যে ত্রিশ :** ২০৩০ সালের মধ্যে বিশ্বের ভূমি ও সমুদ্রের ৩০ শতাংশ রক্ষা করা। বর্তমানে বিশ্বের মাত্র ১৭ শতাংশ ভূমি এবং ৭ শতাংশ সমুদ্র সুরক্ষিত।
- **ক্ষুদ্র জাতিসত্তার অধিকার :** পৃথিবীতে অবশিষ্ট থাকা জীববৈচিত্র্যপূর্ণ অঞ্চলের ৮০ শতাংশই আদিবাসী জনগোষ্ঠী দ্বারা অধ্যুষিত ও নিয়ন্ত্রিত। তাই জীববৈচিত্র্য সংরক্ষণের নামে ক্ষুদ্র জাতিসত্তার মানুষকে বাস্তুচ্যুত করা যাবে না।
- **যত অর্থ আসবে :** চুক্তিপত্র অনুযায়ী, ধনী দেশগুলো জীববৈচিত্র্য সুরক্ষায় ২০২৫ সালের মধ্যে প্রতিবছর দুই হাজার কোটি ডলার অর্থ দেবে। এ অর্থ বর্তমানে দেওয়া জীববৈচিত্র্যসংক্রান্ত সহায়তার দ্বিগুণ। এ ছাড়া ২০৩০ সালের মধ্যে প্রতিবছর কমপক্ষে তিন হাজার কোটি ডলার দিতে হবে, যা এ সংক্রান্ত বৈশ্বিক সহায়তার তিন গুণ হবে।
- **অর্থ যারা দেবে :** প্রথমত ধনী দেশগুলোই এ তহবিলের অর্থ দেবে। দ্বিতীয়ত ধনী দেশের বাইরে যেসব দেশ স্বেচ্ছায় অর্থায়নে সম্মত তারা এতে অর্থায়ন করবে।

## Profiles in Courage




মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডি রচিত জীবনীগ্রন্থ। প্রকাশ ১ জানুয়ারি ১৯৫৬।



# মার্কিন মুলুকে

### রাশিয়ায় নতুন মার্কিন রাষ্ট্রদূত

২১ ডিসেম্বর ২০২২ অভিজ্ঞ কূটনীতিক লিন এম ট্রেসিকে রাশিয়ায় নতুন রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ নিশ্চিত করে মার্কিন সিনেট। রুশ ভাষায় পারদর্শী ট্রেসি এর আগে পররাষ্ট্র দফতরের ইউরোপীয় ও ইউরেশীয় বিষয়ক ব্যুরোতে রাশিয়াবিষয়ক সিনিয়র উপদেষ্টা হিসেবে এবং মস্কোতে যুক্তরাষ্ট্রের দূতাবাসের ডেপুটি চিফ অফ মিশন হিসেবে দায়িত্ব পালন করেছেন।



### কংগ্রেসে ডেমোক্র্যাটদের নেতৃত্বে প্রথম অশ্বেতাঙ্গ

৩ জানুয়ারি ২০২৩ শুরু হবে ১১৮তম মার্কিন কংগ্রেস। ঐ কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে ডেমোক্র্যাটদের নেতৃত্ব দেবেন হাকিম জেফরিস। ডেমোক্র্যাটিক পার্টির ইতিহাসে তিনিই কংগ্রেসে নেতৃত্বদানকারী প্রথম অশ্বেতাঙ্গ। ৩০ নভেম্বর ২০২২ সবার সম্মতিতে তিনি সম্মতিতে দলীয় নেতা নির্বাচিত হন।



### সিনেটে সংখ্যাগরিষ্ঠ ডেমোক্র্যাটরা

৮ নভেম্বর ২০২২ অনুষ্ঠিত হয় মার্কিন মধ্যবর্তী নির্বাচন। এতে কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটের এক-তৃতীয়াংশ আসনে নির্বাচন অনুষ্ঠিত হয়। এর মধ্যে জর্জিয়া অঙ্গরাজ্যের সিনেট আসনে কোনো দলই ৫০% ভোট না পাওয়ায় ৬ ডিসেম্বর ২০২২ ঐ আসনে দ্বিতীয় দফা ভোট হয়। এতে রিপাবলিকান প্রার্থী হারশেল ওয়াকারকে হারিয়ে দিয়ে নির্বাচিত হন ডেমোক্র্যাট প্রার্থী রাফায়েল ওয়ারনক। আর এর মাধ্যমে সিনেটে একক সংখ্যাগরিষ্ঠতা লাভ করে ডেমোক্র্যাটিক পার্টি।

— ৮ ডিসেম্বর ২০২২ ডেমোক্র্যাটিক পার্টি ছাড়ার ঘোষণা দেওয়ার মাধ্যমে ভারমন্ট অঙ্গরাজ্য থেকে নির্বাচিত সিনেটর বার্নি স্যান্ডার্স ও মেইন অঙ্গরাজ্য থেকে নির্বাচিত সিনেটর অ্যাঙ্গাস কিংয়ের দলে যোগ দেন অ্যারিজোনা অঙ্গরাজ্য থেকে নির্বাচিত সিনেটর কিরস্টেন সিনেমা। তাকে নিয়ে স্বতন্ত্র সিনেটর এখন তিনজন। যদিও স্যান্ডার্স ও কিং ডেমোক্র্যাটদের পাশেই বসেন।

### উদ্বেগজনক রাষ্ট্রের তালিকায় চীন-ইরান

২ ডিসেম্বর ২০২২ মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন স্বাক্ষরিত এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের উদ্বেগজনক রাষ্ট্রের তালিকায় যুক্ত করা হয় চীন ও ইরানের নাম। নিজ দেশে ধর্মীয় স্বাধীনতা লঙ্ঘন করছে— এ অভিযোগে দেশ দুটিকে এ তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। এর আগে এ তালিকায় অন্তর্ভুক্ত হওয়া দেশগুলো হলো— আলজেরিয়া, মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র, কমোরোস, ভিয়েতনাম, উত্তর কোরিয়া, মিয়ানমার, পাকিস্তান, সৌদি আরব, তাজিকিস্তান, কিউবা, ইরিত্রিয়া ও তুর্কমেনিস্তান।

### মার্কিন বহরে অত্যাধুনিক যুদ্ধবিমান

২ ডিসেম্বর ২০২২ বি-২১ রাইডার নামে একটি অত্যাধুনিক বোমারু বিমান উন্মোচন করে যুক্তরাষ্ট্র। পারমাণবিক ও প্রচলিত অস্ত্র বহন করতে সক্ষম বিমানটি পাইলট ছাড়াই উড়তে পারে। প্রতিটি বি-২১ রাইডার বিমান তৈরিতে ব্যয় হয় ৭০ কোটি ডলার। এর প্রস্তুতকারক নর্থ্রপ গ্রাম্যান্স। শুধু পারমাণবিক ও প্রচলিত বোমা নিক্ষেপেই সক্ষম নয়; বরং একই সঙ্গে স্বল্প ও দীর্ঘপাল্লার ক্ষেপণাস্ত্রও নিক্ষেপ করতে পারে বি-২১। যুদ্ধবিমানটি দিয়ে প্রথম ফ্লাইট পরিচালনা করা হবে ২০২৩ সালে।

### ডলারে প্রথম নারীর স্বাক্ষর

যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথমবারের মতো দুজন নারীর স্বাক্ষরিত ডলার আসছে বাজারে। ৮ ডিসেম্বর ২০২২ এই নতুন নোট অবমুক্ত করা হয়। এতে যে দুই নারীর স্বাক্ষর থাকছে তারা হলেন— যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রী জ্যানেট ইয়েলেন এবং অর্থসচিব লিন মালের্বা। প্রথমদিকে তাদের স্বাক্ষর সংবলিত এক ডলার ও পাঁচ ডলারের মুদ্রা বাজারে ছাড়া হবে বলে জানায় মার্কিন অর্থ মন্ত্রণালয়। ২০২৩ সালের শুরু থেকেই সেগুলো বাজারে ছাড়া হবে বলে জানিয়েছে দেশটির অর্থ মন্ত্রণালয়।



— মালের্বার স্বাক্ষরের মাধ্যমে প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রের মুদ্রায় একজন আদিবাসী নারীর স্বাক্ষর যুক্ত হয়।

## খাসোগি হত্যা মামলা খারিজ

২ অক্টোবর ২০১৮ সৌদি সাংবাদিক জামাল খাসোগিকে তুরস্কের ইস্তাম্বুলে সৌদি আরবের কনস্যুলেটের ভেতরে হত্যা করা হয়। এ ঘটনায় মার্কিন আদালতে মামলা করেন তার বাগদত্তা হেতিজে চেঙ্গিস। মামলায় অভিযোগ করা হয়, সৌদি নেতৃত্ব ও দেশটির কর্মকর্তারা খাসোগিকে আটকে রেখে মাদক প্রয়োগ ও নির্যাতন করে হত্যা করেন। ৬ ডিসেম্বর ২০২২ মামলাটি খারিজ করে দেন ওয়াশিংটনের বিচারক জন বেটস। মামলা খারিজের ব্যাপারে বিচারক বলেন, সৌদি আরবসহ বিদেশি বিভিন্ন বিষয় দেখভালের দায়িত্ব যুক্তরাষ্ট্র সরকারের। এখন যদি আদালত সৌদি যুবরাজের দায়মুক্তির বিষয়ে বিপরীত কোনো সিদ্ধান্ত দেয়, তা সরকারের ওই দায়িত্ব পালনে হস্তক্ষেপ হবে।

## জন এফ কেনেডি হত্যার অসম্পাদিত নথি প্রকাশ

২২ নভেম্বর ১৯৬৩ টেক্সাসের ডালাস ভ্রমণের সময় আততায়ীর গুলিতে নিহত হন ৩৫তম মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডি।



১৯৯২ সালের একটি আইনে ২০১৭ সালের অক্টোবরের মধ্যে এই হত্যাকাণ্ড সম্পর্কিত সব নথি প্রকাশে বাধ্যবাধকতা ছিল। অবশেষে ১৫ ডিসেম্বর ২০২২ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন এ সংক্রান্ত নির্বাহী আদেশ দেন। প্রেসিডেন্টের এ নির্বাহী আদেশের মাধ্যমে ১৩,১৩৭টি নথি অনলাইনে প্রকাশ করা হয়, যা মোট নথির প্রায় ৯৭ শতাংশ। তবে কিছু নথি ২০২৩ সালের জুন মাস পর্যন্ত গোপন রাখা হবে। এদিকে মার্কিন জাতীয় মহাফেজখানা জানিয়েছে, ৫১৫টি নথি কখনই প্রকাশ করা হবে না এবং ২,৫৪৫টি নথি আংশিক প্রকাশ করা হবে।

কেনেডি হত্যাকাণ্ডের ব্যাপারে যুক্তরাষ্ট্রে সরকারের নিয়োগ করা ওয়ারেন কমিশন ১৯৬৪ সালে তাদের রিপোর্টে বলেছিল, প্রেসিডেন্ট কেনেডিকে হত্যা করেন লি হার্ভি অসওয়াল্ড নামে এক মার্কিন নাগরিক, যিনি একটা সময় তৎকালীন সোভিয়েত ইউনিয়নে বসবাস করেছেন। ওয়ারেন কমিশন বলেছিল, অসওয়াল্ড একাই হত্যাকাণ্ড ঘটিয়েছেন। গ্রেফতার হওয়ার মাত্র দুদিন পর অসওয়াল্ড নিজেই ডালাসের পুলিশ সদর দপ্তরের বেজমেন্টে গুলিতে নিহত হন।

## ফৌজদারি অপরাধে অভিযুক্তের সুপারিশ

২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে পরাজয়ের পর ক্ষমতা হস্তান্তর ঠেকাতে ৬ জানুয়ারি ২০২১ যুক্তরাষ্ট্রের সংসদ ভবন ক্যাপিটলে হামলা চালায় ডোনাল্ড ট্রাম্পের সমর্থকরা। হট্টগোল করে ভবনের ভেতরে প্রবেশ এবং ভাঙচুরও চালায় রিপাবলিকান পার্টির কর্মীরা। ঐ সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে কাঁদানে গ্যাস নিক্ষেপ করে পুলিশ। দাঙ্গায় অন্তত পাঁচজনের মৃত্যু হয়। অভিযোগ ওঠে ট্রাম্প দাঙ্গাকারীদের থামাননি, বরং উস্কানি দিয়েছেন। এটি ছিল যুক্তরাষ্ট্রের ইতিহাসে নজিরবিহীন। পরে বিষয়টি নিয়ে তদন্তে নামে কংগ্রেসের নিম্নকক্ষের একটি কমিটি। ১৭ মাসের তদন্তে এক লাখ ৪০ হাজারেরও বেশি নথি সংগ্রহ করেন তদন্তকারীরা। এক হাজার জনেরও বেশি সাক্ষীর সাক্ষাৎকারের ভিত্তিতে আট অধ্যায়ের চূড়ান্ত প্রতিবেদনটি ১৯ ডিসেম্বর ২০২২ প্রকাশিত হয়। প্রতিবেদনে বলা হয়, ক্যাপিটলে যা ঘটেছে, এর মূল কেন্দ্রে ছিলেন ট্রাম্প। তাকে ছাড়া কোনো ঘটনাই ঘটত না। প্রতিবেদনে ট্রাম্পের বিরুদ্ধে চারটি গুরুতর ফৌজদারি অপরাধের অভিযোগ আনার সুপারিশ করে তদন্ত কমিটি। অপরাধসমূহ— বিদ্রোহে উস্কানি ও অসহযোগিতা, সরকারি কাজে বাধা, যুক্তরাষ্ট্রকে প্রতারিত করার চক্রান্ত এবং মিথ্যা বিবৃতি দেওয়ার ষড়যন্ত্র করা।

### যা হতে পারে

- সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগ প্রমাণিত হলে সবচেয়ে বেশি কারাভোগ করতে হতে পারে ট্রাম্পকে। এই অভিযোগে ২০ বছর পর্যন্ত কারাদণ্ড ও এক লাখ ডলার জরিমানার বিধান রয়েছে।
- সবচেয়ে গুরুতর অভিযোগ বিদ্রোহ করা। এতে দোষী প্রমাণিত হলে ১০ বছর পর্যন্ত কারাবাস এবং ট্রাম্পকে আজীবন প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতায় অযোগ্য ঘোষণা করা হতে পারে।



ট্রাম্প কথন

## কর ফাঁকিতে দোষী সাব্যস্ত

৬ ডিসেম্বর ২০২২ যুক্তরাষ্ট্রের একটি আদালত ট্রাম্প অর্গানাইজেশন নামের সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পারিবারিক কোম্পানিকে কর ফাঁকি ও ঘুষ প্রদানের অভিযোগে দোষী সাব্যস্ত করেন। এ কোম্পানির বিরুদ্ধে কর ফাঁকি ও কর্মকর্তাদের ঘুষ দেওয়ার অভিযোগের প্রমাণ পান তদন্তকারী কর্মকর্তারা। ট্রাম্প অর্গানাইজেশন বিশ্বব্যাপী আবাসন, হোটেল, গলফ কোর্সের ব্যবসা পরিচালনা করে। কর ফাঁকি দিতে ১৫ বছর ধরে উচ্চপদস্থ কর্মকর্তাদের ঘুষ প্রদান এবং স্বাধীন চুক্তিভিত্তিক প্রতিষ্ঠানকে বোনাস দেওয়ার মতো কাজগুলো করেছে তারা।

ইরানের শরিয়া আইন অনুযায়ী, নারীদের মাথা ও চুল ঢেকে রাখা বাধ্যতামূলক। তাদের এমন লম্বা ও ঢিলেঢালা পোশাক পরতে হবে, যাতে শরীরের গঠন বোঝা না যায়।



## আলোচিত-সমালোচিত

# ইরানের নীতি পুলিশ

ইরানের রাজধানী তেহরানে ১৬ সেপ্টেম্বর ২০২২ পুলিশ হেফাজতে মৃত্যু হয় কুর্দি তরুণী মাসা আমিনির। এতে দেশজুড়ে তীব্র ক্ষোভ দেখা দেয়। প্রায় চার মাস ধরে চলা এ সহিংস বিক্ষোভে এরই মধ্যে প্রাণ গেছে কয়েকশ মানুষের। এ ঘটনায় দেশ-বিদেশে এখন আলোচনায় ইরানের মোরালিটি পুলিশ বা 'নীতি পুলিশ'। ৩ ডিসেম্বর ২০২২ ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি সংস্থাটি সম্পর্কে জানান, ইরান ইসলামের মৌলিক গঠনতন্ত্রের ভিত্তিতে গড়ে উঠেছে। তবে সাংবিধানিক অধিকার প্রয়োগের ক্ষেত্রে কোনো কোনো ক্ষেত্রে নমনীয় হওয়া যেতে পেরে। ফলে মনে করা হচ্ছে, এই নীতি পুলিশকে বিলুপ্তির পথে হাঁটছে ইরান। কিন্তু এ ব্যাপারে পরিষ্কার কোনো ঘোষণা তেহরান সরকারের পক্ষ থেকে দেয়া হয়নি।

### 'নীতি পুলিশ' কারা, কাজ কী?

ইরানের 'নীতি পুলিশ' মূলত ফারসি 'গাতে-ই এরাদ' বা 'গাইডেনস পেট্রোল' নামে পরিচিত। তাদের কাজ, ইরানের শীর্ষ ধর্মীয় কর্তৃপক্ষের ঠিক করা কঠোর পোশাকবিধি অমান্যকারীদের আটক করে ব্যবস্থা নেয়া। এই নীতি পুলিশ দেশটির আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে যুক্ত।

'নীতি পুলিশের' প্রতিটি ইউনিটে একটি করে ভ্যান রয়েছে। এ ভ্যানে বাহিনীর নারী ও পুরুষ উভয় সদস্য থাকেন। তারা ব্যস্ত জনপদে টহল দেন। যারা 'নীতি' লঙ্ঘন করেন, তাদের সতর্ক করে নোটিশ দেয় নীতি পুলিশ। আবার কিছু ক্ষেত্রে নীতি লঙ্ঘনকারী ব্যক্তিকে আটক করে থানা বা সংশোধনাগারে নিয়ে যাওয়া হয়। সেখানে নিয়ে গিয়ে তাদের কীভাবে পোশাক পরতে হবে, কী নৈতিক আচরণ করতে হবে, সে বিষয়ে শিক্ষা দেওয়া হয়। পরে পুরুষ অভিভাবকদের ডেকে তাদের জিম্মায় আটক ব্যক্তিকে ছেড়ে দেওয়া হয়। 'নীতি পুলিশ' কিছু ক্ষেত্রে নিয়ম লঙ্ঘনকারী ব্যক্তিদের জরিমানা করে। তবে জরিমানার ক্ষেত্রে কোনো সাধারণ নিয়ম নেই।

### পেছনের ইতিহাস

ইরানে ১৯৭৯ সালে ইসলামি বিপ্লব হয়, যার নেতৃত্ব দিয়েছিলেন আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি। ইরানের ইসলামি বিপ্লব নারীদের রক্ষণশীল পোশাক পরার বিষয়টিকে অন্যতম স্তম্ভ হিসেবে গ্রহণ করে। ইসলামি বিপ্লবের শুরুর বছরগুলোয় ধীরে ধীরে নারীদের ইসলামিক পোশাক পরার জন্য নিয়ম আরোপ করে রাষ্ট্র। এক পর্যায়ে ১৯৮৩ সালে ইরানে হিজাব-সংক্রান্ত আইন চালু করা হয়। তখন থেকেই প্রত্যেক প্রাপ্তবয়স্ক নারীর জন্য মাথা ঢেকে হিজাব পরা বাধ্যতামূলক করা হয়। আইনে যেসব নারী 'পর্দা' করবেন না, তাদের ৭৪টি দোররা মারার বিধান রাখা হয়। তবে সংস্কারপন্থি প্রেসিডেন্ট হিসেবে পরিচিত মোহাম্মদ খাতামির সময় দেশটির জনসমাগমে নারীদের পোশাক ও আচরণ নিয়ন্ত্রণে এসব নিয়মনীতি কিছুটা শিথিল করা হয়। খাতামির পর ইরানের প্রেসিডেন্ট হন মাহমুদ আহমাদিনেজাদ। তিনি অতিরক্ষণশীল প্রেসিডেন্ট হিসেবে পরিচিত ছিলেন। তার সময় ইরানের 'নীতি পুলিশের' নাম রাখা হয় 'গাতে-ই এরাদ'। ২০০৯ সালের প্রেসিডেন্ট নির্বাচনের সময় অন্যতম বিতর্কের বিষয় হয়ে ওঠে এই নীতি পুলিশ। সংস্কারপন্থি প্রার্থীরা এ বাহিনী বিলোপের দাবি তুলেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত এই নীতি পুলিশ বিলুপ্তে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি।

সর্বশেষ মাসা আমিনির মৃত্যুর ঘটনায় নীতি পুলিশ নিয়ে আবারো বিতর্ক তৈরি হয়। যথাযথ নিয়ম মেনে হিজাব না পরার অভিযোগে মাসাকে আটক করেছিল ইরানের নীতি পুলিশ। আটকের পর নীতি পুলিশের হেফাজতে অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে তাকে দেশটির রাজধানী তেহরানে একটি হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় ১৬ সেপ্টেম্বর ২০২২ তার মৃত্যু হয়। এর পরপরই বিক্ষোভে ফেটে পড়েন ইরানবাসী। পরবর্তী সময়ে সে বিক্ষোভ ছড়িয়ে পড়ে বিশ্বের বিভিন্ন দেশে।



মাসা আমিনি

### একনজরে নীতি পুলিশ

- প্রচলিত নাম : মোরালিটি পুলিশ বা নীতি পুলিশ
- দাপ্তরিক নাম : 'গাতে-ই এরাদ' বা 'গাইডেনস প্যাট্রোল'।
- গঠন : ২০০৫ সালে, কাজ শুরু করে ২০০৬ সালে।
- অবস্থান : ইরানের আইন প্রয়োগকারী বাহিনীর ভাইস স্কোয়াড।
- দায়িত্ব : ইরানের কঠোর পোশাকবিধি অমান্যকারী ব্যক্তিদের আটক করে ব্যবস্থা নেওয়া। ইরানের প্রচলিত ইসলামি নীতি-নৈতকতা মানুষ মানছে কি-না, তা নিশ্চিত করা।

ভাস্কর সিলভিও গাজ্জানিগা (ইতালি)।
মোট ওজন ৬.১৭৫ কেজি ও উচ্চতা ৩৬.৮ সেন্টিমিটার।

## ফিফা বিশ্বকাপ ট্রফি



## কাতার বিশ্বকাপ ২০২২

# চ্যাম্পিয়ন মেসির আর্জেন্টিনা

বিশ্বকাপ ফুটবলের ইতিহাসে আর্জেন্টিনা তৃতীয়বারের মতো শ্রেষ্ঠত্বের মুকুট লাভের মধ্য দিয়ে শেষ হয় ৩২ দলের ৬৪ ম্যাচের দীর্ঘ এক মাসব্যাপী ফুটবল মহাযজ্ঞ। মধ্যপ্রাচ্যে প্রথমবারের মতো আয়োজিত বিশ্বকাপ ফুটবলের ২২তম আসরের খুঁটিনাটি আর বিশ্বকাপ ফুটবল ইতিহাসের আপ-টু-ডেট নিয়ে আমাদের এ বিশেষ আয়োজন।

### পরিসংখ্যানময় বিশ্বকাপ ২০২২

স্বাগতিক : কাতার • সময়কাল : ২০ নভেম্বর – ১৮ ডিসেম্বর ২০২২ • ভেন্যু : ৮টি (৫টি শহরে) • মাসকট : লা'ইব (La'eeb) • অফিসিয়াল সঙ্গীত : Light the Sky • বল : আল রিহলা; অর্থ ভ্রমণ • সেমিফাইনাল-ফাইনালের বল : আল হিল্‌ম; অর্থ স্বপ্ন

FIFA WORLD CUP
Qatar2022

চ্যাম্পিয়ন
আর্জেন্টিনা

রানার্স আপ
ফ্রান্স

তৃতীয়
ক্রোয়েশিয়া

চতুর্থ
মরক্কো

মোট ম্যাচ : ৬৪ • মোট গোল : ১৭২ • সেরা খেলোয়াড় : লিওনেল মেসি (আর্জেন্টিনা) • সর্বোচ্চ গোলদাতা : কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)

### জয়-পরাজয়

মোট ম্যাচ : ৬৪ • জয়-পরাজয় : ৫০টি • অমীমাংসিত : ১৪টি • গোলশূন্য ড্র : ৭টি • টাইব্রেকারে জয়-পরাজয় নির্ধারণ : ৫টি • সর্বাধিক জয়ী দল : ফ্রান্স; ৫টি • সর্বাধিক হারা দল : ২টি— কানাডা ও কাতার; ৩টি • সর্বাধিক ড্র করা দল : ক্রোয়েশিয়া; ৪টি • অপরাজিত দল : নেদারল্যান্ডস।

### Go for Goal

গোল : ১৭২ • ম্যাচ প্রতি গড় গোল : ২.৬৯ • সর্বোচ্চ গোলদাতা : কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স); ৮টি • গোলদাতা : ১১৭ জন (আত্মঘাতী গোলদাতা ছাড়া) • পর্ব অনুযায়ী গোল ➤ গ্রুপ : ১২০ • দ্বিতীয় রাউন্ড : ২৮ • কোয়ার্টার ফাইনাল : ১০ • সেমিফাইনাল : ৫ • তৃতীয় স্থান নির্ধারণী : ৩টি • ফাইনাল : ৬টি • মোট পেনাল্টি : ২৩টি • গোল : ১৭টি • মিস : ৬টি • আত্মঘাতী গোল : ২টি— নায়েফ আগুয়ের্দ (মরক্কো); বিপক্ষ-কানাডা ও এনজো ফার্নান্দেজ (আর্জেন্টিনা); বিপক্ষ-অস্ট্রেলিয়া • হ্যাটট্রিক : ২টি— গনজালো রামোস (পর্তুগাল); বিপক্ষ সুইজারল্যান্ড এবং কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স); বিপক্ষ আর্জেন্টিনা।

বার্ট পাতেনাউদে  বিশ্বকাপে প্রথম হ্যাটট্রিককারী। ১৭ জুলাই ১৯৩০ প্যারাগুয়ের বিপক্ষে হ্যাটট্রিক করেন তিনি।

## গোলের মাইলফলক ২০২২

প্রথম গোলদাতা : এনার ভ্যালেন্সিয়া (ইকুয়েডর); বিপক্ষ কাতার • ৫০তম গোলদাতা : মিচেল ডিউক (অস্ট্রেলিয়া); বিপক্ষ তিউনিসিয়া • ১০০তম গোলদাতা : আত্মঘাতী; বিপক্ষ কানাডা • ১৫০তম গোলদাতা : ব্রুনো পেতকোভিচ (ক্রোয়েশিয়া); বিপক্ষ ব্রাজিল • সর্বশেষ গোলদাতা : কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স) • প্রথম জোড়া গোলদাতা : এনার ভ্যালেন্সিয়া (ইকুয়েডর); বিপক্ষ কাতার • প্রথম হ্যাটট্রিক : গনজালো রামোস (পর্তুগাল); বিপক্ষ সুইজারল্যান্ড।


গনজালো রামোস

## গোলদাতার রকমফের

- দ্রুততম গোলদাতা : আলফান্সো ডেভিস (কানাডা); বিপক্ষ ক্রোয়েশিয়া; খেলা শুরুর দ্বিতীয় মিনিটে।
- বয়োজ্যেষ্ঠ গোলদাতা : পেপে (পর্তুগাল); বিপক্ষ সুইজারল্যান্ড; ৩৯ বছর ২৮৩ দিন।
- সর্বকনিষ্ঠ গোলদাতা : গাভি (স্পেন); বিপক্ষ কোস্টারিকা; ১৮ বছর ১০৯ দিন।

### অন্যরকম গোলদাতা

■ গ্রুপ পর্বে ইংল্যান্ড-ইরান ম্যাচের ৭০তম মিনিটে খেলতে নেমে প্রথম মিনিটেই গোল করেন ইংল্যান্ডের মার্কাস র‍্যাশফোর্ড। এছাড়া ফ্রান্স-মরক্কো সেমিফাইনাল ম্যাচে ৭৯তম মিনিটে খেলতে নেমে প্রথম মিনিটেই গোল করেন ফ্রান্সের র‍্যান্ডাল কলো মুয়ানি। গোল দুটি কাতার বিশ্বকাপে পরিবর্তিত খেলোয়াড় হিসেবে খেলতে নেমে দ্রুততম গোলের রেকর্ড।


মার্কাস র‍্যাশফোর্ড

■ অতিরিক্ত সময় ছাড়া নির্ধারিত ৯০ মিনিটের খেলায় সবচেয়ে দেরিতে গোল করেন ইরানের মেহেদি তারেমি; বিপক্ষ ইংল্যান্ড। ইনজুরি টাইম সময় খেলার ১০৩ মিনিটে গোলটি করেন তিনি।

■ অতিরিক্ত সময়ের খেলায় সবচেয়ে দেরিতে গোল করেন কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স); বিপক্ষ আর্জেন্টিনা। ফাইনাল ম্যাচের ১১৮তম মিনিটে পেনাল্টি থেকে গোলটি করেন তিনি।



■ একই দলের দুই গোলের মধ্যে সবচেয়ে কম ব্যবধানে মাত্র ৯৪ সেকেন্ডে গোল করেন ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে; বিপক্ষ আর্জেন্টিনা।

## বিবিধ

সর্বাধিক গোল করেছে : ফ্রান্স; ১৬টি • বেশি গোল খেয়েছে : কোস্টারিকা; ১১টি • সর্বাধিক ম্যান অব দ্য ম্যাচ হন : লিওনেল মেসি (আর্জেন্টিনা); পাঁচবার • সবচেয়ে কম গোল করা দেশ : ৫টি— বেলজিয়াম, ডেনমার্ক, কাতার, তিউনিসিয়া এবং ওয়েলস; ১টি করে গোল • সবচেয়ে কম গোল খাওয়া দেশ : তিউনিসিয়া; ১টি • সর্বাধিক গোল ব্যবধান : ইংল্যান্ড; +৯ • সবচেয়ে খারাপ গোল ব্যবধান : কোস্টারিকা; -৮ • এক ম্যাচে সর্বাধিক গোল : ৮টি; ইংল্যান্ড ৬-ইরান ২ • পরাজিত দলের সর্বোচ্চ গোল : ৩টি; ফ্রান্স; বিপক্ষ আর্জেন্টিনা • সর্বাধিক ব্যবধানে জয় : ৭ গোল; স্পেন (৭)-কোস্টারিকা (০) • সর্বাধিক ক্লিন শিট (মরক্কো); ৪টি।

## প্রাইজমানি

কাতার বিশ্বকাপের মোট প্রাইজমানি ৪৪০ মিলিয়ন ডলার। পুরস্কারের টাকা প্রত্যেক দলের মধ্যে ভাগ হবে যেভাবে (মিলিয়ন ডলারে)—

| স্থান | দল | প্রাইজমানি | |
|---|---|---|---|
| | | প্রতি দল | মোট |
| চ্যাম্পিয়ন | ১ | ৪২ | ৪২ |
| রানার্সআপ | ১ | ৩০ | ৩০ |
| তৃতীয় | ১ | ২৭ | ২৭ |
| চতুর্থ | ১ | ২৫ | ২৫ |
| ৫ম-৮ম (কোয়ার্টার ফাইনাল) | ৪ | ১৭ | ৬৮ |
| ৯ম-১৬তম (দ্বিতীয় রাউন্ড) | ৮ | ১৩ | ১০৪ |
| ১৭-৩২তম (গ্রুপ পর্ব) | ১৬ | ৯ | ১৪৪ |
| মোট | ৩২ | | ৪৪০ |

## অঘটন ও চমকের বিশ্বকাপ

- চ্যাম্পিয়ন আর্জেন্টিনা তাদের প্রথম খেলায় সৌদি আরবের কাছে ২-১ গোলে হারে, যা বিশ্বকাপ ইতিহাসের সবচেয়ে বড় অঘটন।
- গ্রুপ পর্বে সাবেক দুই বিশ্বচ্যাম্পিয়ন জার্মানি ও স্পেনকে হারিয়ে দিয়ে চমক দেখায় এশিয়ার দেশ জাপান।
- গ্রুপ থেকেই বিদায় নেয় চারবারের বিশ্বচ্যাম্পিয়ন জার্মানি।
- গ্রুপ পর্বে আফ্রিকার দেশ তিউনিসিয়ার কাছে ১-০ গোলে হেরে যায় ২০১৮ বিশ্বকাপ চ্যাম্পিয়ন ফ্রান্স।
- গ্রুপ পর্বে ক্যামেরুনের কাছে ১-০ গোলে হারার মধ্য দিয়ে প্রথম কোনো আফ্রিকার দেশের কাছে পরাজিত হয় সর্বাধিক পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল।
- গ্রুপ পর্বে এশিয়ার দেশ দক্ষিণ কোরিয়ার কাছে ২-১ গোলে হেরে যায় পর্তুগাল। আর কোয়ার্টার ফাইনালে মরক্কোর কাছে ১-০ গোলে হেরে টুর্নামেন্ট থেকে বিদায় নেয়।

## ফাইনাল ২০২২

- ভেন্যু : লুসাইল আইকনিক স্টেডিয়াম
- তারিখ : ১৮ ডিসেম্বর ২০২২
- প্রতিদ্বন্দ্বী দল : আর্জেন্টিনা-ফ্রান্স
- ফলাফল : আর্জেন্টিনা ৩ (৪) - ফ্রান্স ৩ (২)
- গোলদাতা : লিওনেল মেসি (২) ও আনহেল ডি মারিয়া এবং কিলিয়ান এমবাপ্পে (৩)
- ম্যান অব দ্য ফাইনাল : লিওনেল মেসি
- দর্শক : ৮৮,৯৬৬
- রেফারি : সিমন মার্সিনিয়াক (পোল্যান্ড)

## ফাইনালের রেকর্ড আপডেট

- মোট ফাইনাল : ২২টি*
- টাইব্রেকারে ফল নির্ধারণ : ১৯৯৪, ২০০৬ ও ২০২২
- মোট গোল : ৮২টি
- গোলদাতা : ৬৪ জন
- হ্যাটট্রিককারী : ২ জন— স্যার জিওফ হার্স্ট (ইংল্যান্ড); ১৯৬৬ এবং কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স); ২০২২
- সর্বোচ্চ গোলদাতা : কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স); ৪টি

*- ১৯৫০ সালে বিশ্বকাপ অনুষ্ঠিত হয়েছিল লিগ পদ্ধতিতে। সর্বশেষ ব্রাজিল-উরুগুয়ের ম্যাচটি শিরোপা নির্ধারণী হওয়ায় ফাইনাল হিসেবে ধরা হয়েছে।*

## রেকর্ড আপডেট

- সর্বাধিক ম্যাচ খেলা দল : ব্রাজিল; ১১৪টি
- সর্বাধিক জয় : ব্রাজিল; ৭৬টি
- সর্বাধিক হার : মেক্সিকো; ২৮টি
- সর্বাধিক ড্র : ইংল্যান্ড; ২২টি
- সর্বাধিক গোল করে : ব্রাজিল; ২৩৭টি
- সর্বাধিক গোল খাওয়া দল : জার্মানি; ১৩০টি
- টাইব্রেকারে নিষ্পত্তি হওয়া ম্যাচ : ৩৬টি
- মোট গোল : ২,৭২০টি
- এক বিশ্বকাপে সর্বাধিক গোল : ১৭২টি; ২০২২ বিশ্বকাপ
- মোট হ্যাটট্রিক : ৫৪টি
- আত্মঘাতী গোল : ৫৪টি
- ২৬০০তম গোলদাতা : মোরাতা (স্পেন); বিপক্ষ জাপান
- ২৭০০তম গোলদাতা : লিওনেল মেসি (আর্জেন্টিনা); বিপক্ষ নেদারল্যান্ডস
- ২৭২০তম (সর্বশেষ) গোলদাতা : কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)

*[শুধু পরিবর্তিত রেকর্ডসমূহ উল্লেখ করা হয়েছে। বিশ্বকাপের যত রেকর্ড দেখুন নভেম্বর ২০২২ সংখ্যায়।]*

### সেরা খেলোয়াড়



**গোল্ডেন বল**
লিওনেল মেসি (আর্জেন্টিনা)

**সিলভার বল**
কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)

**ব্রোঞ্জ বল**
লুকা মদ্রিচ (ক্রোয়েশিয়া)

### সর্বোচ্চ গোলদাতা



**গোল্ডেন বুট**
কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)

**সিলভার বুট**
লিওনেল মেসি (আর্জেন্টিনা)

**ব্রোঞ্জ বুট**
অলিভিয়ার জিরুদ (ফ্রান্স)

### সেরা উদীয়মান ফুটবলার

এনজো ফার্নান্দেজ (আর্জেন্টিনা)





### সেরা গোলরক্ষক

এমিলিয়ানো মার্তিনেজ (আর্জেন্টিনা)

**ফেয়ার প্লে ট্রফি : ইংল্যান্ড**

## বিদায় কাতার স্বাগত আমেরিকা

ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো কাতারে আয়োজিত ২২তম বিশ্বকাপ ফুটবলকে ইতিহাসের সবচেয়ে সফল বিশ্বকাপ বলে আখ্যা দিয়েছেন। সফল, সুন্দর ও মনে রাখার মতো একটি বিশ্বকাপ উপহার দিয়েছে কাতার। ১৮ ডিসেম্বর ২০২২ রোমাঞ্চকর এ টুর্নামেন্টের পর্দা নামে। শেষ হয়ে যায় আরো একটি বিশ্বকাপ। অপেক্ষা এখন ২৩তম বিশ্বকাপের। বিশ্বকাপের ইতিহাসে প্রথমবারের মতো তিন দেশের যৌথ আয়োজনে এবং ৪৮ দলের অংশগ্রহণে অনুষ্ঠিত হবে ২০২৬ সালের ২৩তম ফুটবল বিশ্বকাপ। আমেরিকা মহাদেশের তিনটি দেশ যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা যৌথভাবে আয়োজন করবে বিশ্বকাপের এ আসর। গোটা ফুটবল দুনিয়া শুরু করে দিয়েছে ঐ বিশ্বকাপের দিনক্ষণ গোনা।

### অঞ্চলভিত্তিক দল

| | |
|---|---|
| এশিয়া | ৮ |
| আফ্রিকা | ৯ |
| উত্তর ও মধ্য আমেরিকা | ৬ |
| দক্ষিণ আমেরিকা | ৬ |
| ওশেনিয়া | ১ |
| ইউরোপ | ১৬ |
| মহাদেশীয় প্লে অফ* | ২ |

** ইউরোপ ছাড়া অন্য পাঁচটি অঞ্চলের দলগুলোর মধ্যে প্লে অফের মাধ্যমে বাকি দুটি দল চূড়ান্ত পর্বে খেলার যোগ্যতা অর্জন করবে।*

### বিশ্বকাপ ২০২৬

আয়োজন : ২৩তম ■ সময়কাল : ৮ জুন-১০ জুলাই ২০২৬
আয়োজক দেশ : যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা ■ ভেন্যু : ১৬টি
অংশগ্রণকারী দল : ৪৮টি ■ মোট ম্যাচ : ৮০টি।

বিশ্বকাপ রঙ্গ



## আলসিডেস ঘিজিয়া

সামাজিক যোগাযোগ মাধ্যমে দর্শকের ভোটে বিশ্বকাপের ইতিহাসে সেরা খেলোয়াড় নির্বাচিত হওয়া ১৯৫০ সালে বিশ্বকাপ জয়ী উরুগুয়ের ফুটবলার।

## প্রথম নারী রেফারি

১ ডিসেম্বর ২০২২ কোস্টারিকা ও জার্মানির মধ্যে অনুষ্ঠিত গ্রুপ পর্বের ম্যাচে প্রধান রেফারির দায়িত্ব পালন করে ইতিহাস গড়েন ফ্রান্সের স্তেফানি ফ্রাঁপা। তিনি ছেলেদের বিশ্বকাপ ইতিহাসে প্রথম নারী রেফারি হিসেবে ম্যাচ পরিচালনা করেন। তার সহকারী হিসেবে দায়িত্ব পালন করেন অন্য দুই নারী ব্রাজিলের নিউজা ব্যাক ও মেক্সিকোর কারেন দিয়াজ মেদিনা।




২০২২ কাতার বিশ্বকাপে প্রত্যেক দলে ফুটবলারের সংখ্যা ছিল ২৬ জন। স্কোয়াডের প্রত্যেক সদস্যকেই খেলিয়ে নতুন রেকর্ড গড়ে ব্রাজিল। বিশ্বকাপের ইতিহাসে আর কোনো দল এর আগে এক আসরে সব খেলোয়াড়কেই মাঠে নামায়নি।





## মরক্কোর রূপকথা

কাতার বিশ্বকাপের অন্যতম কঠিন গ্রুপের হয়ে পথচলা শুরু করে আফ্রিকার দেশ মরক্কো। এফ গ্রুপে বেলজিয়াম, ক্রোয়েশিয়া ও কানাডাকে পেছনে ফেলে গ্রুপের শীর্ষ দল হিসেবে দ্বিতীয় রাউন্ডে ওঠে মরক্কো। সেখানে স্পেনের মতো দলকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হয় পর্তুগালের। ১০ ডিসেম্বর ২০২২ কাতার বিশ্বকাপের তৃতীয় কোয়ার্টার ফাইনালে পর্তুগালকে ১-০ গোলের ব্যবধানে পরাজিত করে রূপকথার জন্ম দেয় মরক্কো। আফ্রিকার প্রথম এবং প্রথম আরব দেশ হিসেবে সেমিফাইনালে উঠে আসে মরক্কো। ১৪ ডিসেম্বর ২০২২ দ্বিতীয় সেমিফাইনালে ফরাসি বিপ্লবে থেমে যায় মরক্কোর রূপকথা। আর স্থান নির্ধারণী ম্যাচে ক্রোয়েশিয়ার কাছে ২-১ গোলে হেরে চতুর্থ হয়ে কাতার বিশ্বকাপে মরক্কো রূপকথার যবনিকা ঘটে।

## আল হিল্‌ম
### সেমিফাইনাল-ফাইনালের বল



কাতার বিশ্বকাপে কোয়ার্টার ফাইনাল পর্যন্ত প্রতিটি ম্যাচ অনুষ্ঠিত হয় অফিশিয়াল বল 'আল রিহলা' দিয়ে। সেমিফাইনাল ও ফাইনাল ম্যাচে 'আল রিহলা'র বদলে ব্যবহার করা হয় 'আল হিল্‌ম' নামের বল। আল হিলম শব্দের অর্থ 'স্বপ্ন'।




নারী ও পুরুষ দলের কোচ হিসেবে বিশ্বকাপে প্রথম অংশগ্রহণকারী জন হার্ডম্যান (কানাডা)। তিনি ২০০৭ ও ২০১১ সালে নিউজিল্যান্ড এবং ২০১৫ সালে কানাডা নারী ফুটবল দলের কোচ হিসেবে দায়িত্ব পালন করেন।

## কার্ডের বন্যা

৯ ডিসেম্বর ২০২২ কাতার বিশ্বকাপের দ্বিতীয় কোয়ার্টার ফাইনালে অংশ নেয় আর্জেন্টিনা-নেদারল্যান্ডস। এ ম্যাচে সব মিলিয়ে ১৯টি কার্ড দেখায় স্প্যানিশ রেফারি মাতেও লাহোজ। শুধু মাঠের খেলোয়াড় নয়, মাঠের বাইরের খেলোয়াড়দেরও কার্ড দেখান তিনি। খেলায় রেফারি মোট ১৬টি হলুদ কার্ড দেখান খেলোয়াড়দের। এটা বিশ্বকাপের এক ম্যাচে সর্বোচ্চ কার্ড দেখানোর রেকর্ড। এর আগে ২০০২ বিশ্বকাপে জার্মানি-ক্যামেরুন ম্যাচে ১২টি হলুদ ও ২টি লাল কার্ডসহ মোট ১৪টি কার্ড দেখিয়েছিলেন রেফারি। শুধু বিশ্বকাপেই নয়, আর্জেন্টিনা-নেদারল্যান্ডস ম্যাচে যে পরিমাণ কার্ড দেখানো হয়েছে তা ফিফার যেকোনো আন্তর্জাতিক ম্যাচের জন্যও রেকর্ড। এর আগে যে রেকর্ড ছিলো ২০০৬ সালে 'ব্যাটেল অব নুরেমবার্গ'খ্যাত পর্তুগাল-নেদারল্যান্ডসের ম্যাচে। কুখ্যাত সেই ম্যাচে ১৬টি কার্ড দেখিয়েছিলেন রুশ রেফারি ভ্যালেন্টাইন ইভানোভ।

**বিশ্ত**

বিশ্বকাপ ট্রফি হাতে তুলে দেওয়ার আগে কাতারের আমির লিওনেল মেসিকে পরিয়ে দেয়া আরব অঞ্চলের হাজার বছরের ঐতিহ্যবাহী পোশাকটির নাম।



# মেসিনামা

৩৫ বছর বয়সে এসে নিজেকে অনন্য এক উচ্চতায় নিয়ে গেছেন সময়ের অন্যতম সেরা ফুটবলার লিওনেল মেসি। ফ্রান্সকে হারিয়ে বিশ্বকাপ জয়ের মাধ্যমে অমরত্বের স্বাদ নেওয়া মেসির শ্রেষ্ঠত্ব নিয়ে এখন আর কেউ প্রশ্ন তুলতে পারবে না। মেসিই এখন সর্বকালের বিশ্বসেরা।




## বিশ্বকাপে মেসির কীর্তি

| বিশ্বকাপ | ম্যাচ | গোল | অ্যাসিস্ট |
|---|---|---|---|
| ২০০৬ | ৩ | ১ | ১ |
| ২০১০ | ৫ | ০ | ১ |
| ২০১৪ | ৭ | ৪ | ১ |
| ২০১৮ | ৪ | ১ | ২ |
| ২০২২ | ৭ | ৭ | ৩ |

★ ম্যাচ ২৬

★ গোল ১৩

★ অ্যাসিস্ট ৮

## বিশ্বকাপে মেসির যত রেকর্ড

- বিশ্বকাপে সবচেয়ে বেশি ২৬ ম্যাচ খেলার রেকর্ড।
- বিশ্বকাপে সবচেয়ে বেশি সময় মাঠে থাকা খেলোয়াড়; ২,৩১৪ মিনিট।
- ১৯৬৬ বিশ্বকাপ থেকে রেকর্ড রাখার পর সর্বোচ্চ ২১টি গোলে অবদান; ১৩টি গোল ও ৮টি অ্যাসিস্ট।
- বিশ্বকাপে প্রথম ও শেষ গোলের মধ্যে ব্যবধান ১৬ বছর ১৮৪ দিন, যা সবচেয়ে দীর্ঘ।
- টানা পাঁচটি বিশ্বকাপে গোলে সহায়তা (অ্যাসিস্ট) করা একমাত্র খেলোয়াড়।
- প্রথম খেলোয়াড় হিসেবে বিশ্বকাপের এক আসরে ভিন্ন তিন ম্যাচে গোল ও অ্যাসিস্টের অধিকারী।
- অধিনায়ক হিসেবে সর্বাধিক ১৯টি ম্যাচ খেলার রেকর্ড।
- বিশ্বকাপের এক আসরে সর্বাধিক পাঁচবার ম্যান অব দ্য ম্যাচ জয়ী।
- ২০০২ সালে চালু হওয়ার পর সর্বাধিক ১১বার ম্যান অব দ্য ম্যাচ পুরস্কার জয়ী।
- ১৯৮২ বিশ্বকাপ থেকে শুরু হওয়া গোল্ডেন বলের পুরস্কার দুই বার লাভ করা একমাত্র খেলোয়াড়।
- ৫টি বিশ্বকাপ খেলা ৬ খেলোয়াড়ের একজন।
- ম্যারাডোনার সাথে যৌথ সর্বোচ্চ ৮টি অ্যাসিস্টের অধিকারী।
- জার্মানির মিরোস্লাভ ক্লোসার সাথে বিশ্বকাপে যৌথভাবে সর্বোচ্চ ১৭টি ম্যাচে জয়লাভ করেন।
- বিশ্বকাপ ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসেবে এক আসরে গ্রুপপর্ব, শেষ ষোলো, কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল ও ফাইনালে গোল করেন এবং সব রাউন্ডে ম্যান অব দ্য ম্যাচ হন।




বিশ্বকাপ জয়ের পর বিবিসি'র World Sport Star of the Year 2022 নির্বাচিত হন সর্বকালের সেরা ফুটবলার লিওনেল মেসি।



## গোল অব দ্য টুর্নামেন্ট ২০২২

কাতার বিশ্বকাপের সেরা গোল নির্বাচিত হয় ২৪ নভেম্বর ২০২২ সার্বিয়ার বিপক্ষে ব্রাজিলের রিচার্লিসনের দেওয়া দ্বিতীয় গোলটি। ২০০৬ সালে বিশ্বকাপে সেরা গোলের পুরস্কার চালু হওয়ার পর রিচার্লিসনই প্রথম কোনো ব্রাজিলিয়ান হিসেবে 'গোল অব দ্য টুর্নামেন্ট' পুরস্কার জিতেন।



# দেশ পরিচিতি | মরক্কো

- আফ্রিকার সবচেয়ে পশ্চিমের দেশ।
- দুই সাগরের দেশ বলেও পরিচিত।
- মরক্কোর পূর্বে আলজেরিয়া, উত্তরে ভূমধ্যসাগর ও স্পেন, পশ্চিমে আটলান্টিক মহাসাগর এবং দক্ষিণে বিরোধপূর্ণ পশ্চিম সাহারা।
- খ্রিষ্টপূর্ব ৮,০০০ বছর আগে মরক্কোতে জনবসতি গড়ে ওঠে।
- মরক্কো নামের রাষ্ট্রটির যাত্রা শুরু হয়েছিল খ্রিষ্টাব্দ অষ্টম শতকে।
- আরবি শব্দ 'মরক্কো' অর্থ পশ্চিমের দেশ।
- এই অঞ্চল আল মাঘরেব আল আকসা বা দূরতম পশ্চিম নামে পরিচিত। বর্তমানেও মরক্কোর আরবি নাম হিসেবে 'মাঘরেব' লেখা হয়।
- আরবি ভাষায় মরক্কোর পুরো নাম *আল মামলাকা আল মাঘরিবিয়া*, যার অর্থ 'সূর্যাস্তের রাজ্য'।
- মরক্কো নামটি এসেছে দেশটির আগের রাজধানী মারাক্কেশ থেকে, যার অর্থ 'স্রষ্টার দেশ'।
- মরক্কো উত্তর আফ্রিকার একমাত্র দেশ, যেখানে কখনো অটোমান শাসকদের রাজত্ব ছিল না।
- স্বাধীনতার আগে মরক্কো ফ্রান্স ও স্পেনের উপনিবেশ ছিল।
- মরক্কো ২ মার্চ ১৯৫৬ ফ্রান্স থেকে এবং ৭ এপ্রিল ১৯৫৬ স্পেন থেকে স্বাধীনতা লাভ করে।
- মরক্কো সাংবিধানিক রাজতন্ত্রের দেশ।
- ১৬৩১ সালে মরক্কোর রাজবংশের প্রতিষ্ঠা হয়। জাপানের পর মরক্কোর রাজবংশই পৃথিবীর সবচেয়ে পুরনো রাজবংশ।
- একমাত্র আফ্রিকান দেশ, যা আফ্রিকান ইউনিয়নের (AU) সদস্য নয়।
- মরক্কো প্রথম দেশ, যারা ১৭৭৭ সালে স্বাধীন হওয়া মার্কিন যুক্তরাষ্ট্রকে একটি স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয়।
- দেশটির মোট জনসংখ্যার ৯৯% সুন্নী মুসলিম।

## দ্বিতীয় হাসান মসজিদ

বৃহত্তম শহর কাসাব্লাঙ্কায় অবস্থিত আফ্রিকার দ্বিতীয় বৃহত্তম সক্রিয় মসজিদ এবং বিশ্বের সপ্তম বৃহত্তম মসজিদ। ২১০ মিটার বা ৬৯০ ফুট উঁচু এ মসজিদের মিনারটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম। ১৯৯৩ সালে নির্মাণকাজ শেষ হওয়া মসজিদটি প্রায় ২২ একর জায়গার ওপর নির্মিত। মরক্কোর রাজা দ্বিতীয় হাসানের শাসনামলে নির্মিত এ মসজিদের মিনারের শীর্ষে রয়েছে একটি লেজার, যা থেকে আসা আলো মক্কার দিকে নির্দেশিত হয়। মসজিদের স্থপতি ফ্রান্সের মিশেল পিনসো।

## বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয়

৮৫৯ খ্রিষ্টাব্দে মরক্কোর ফেজ শহরে প্রতিষ্ঠিত হয় বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয় *আল কারাউইন ইউনিভার্সিটি*। এর প্রতিষ্ঠাতা ফাতিমা বিনতে মুহাম্মদ নামের স্থানীয় এক প্রভাবশালী নারী।



## হারকিউলিসের গুহা

মরক্কোর অন্যতম পর্যটন কেন্দ্র। দেশটির তাঞ্জিয়া প্রদেশের ১৪ কিলোমিটার পশ্চিমে অবস্থিত গুহাটি পর্যটকের জীবাশ্মবিদের কাছেও বেশ জনপ্রিয়। ১৮৭৮ সালে পুনরায় আবিষ্কৃত এ গুহাটি জনসাধারণের জন্য খুলে দেওয়া হয় ১৯২০ সালে।



**রাষ্ট্রীয় নাম :** Kingdom of Morocco ● **রাজধানী :** রাবাত ● **বৃহত্তম শহর :** ক্যাসাব্লাঙ্কা ● **আয়তন :** ৭,১১,০০০ বর্গ কিলোমিটার ● **জনসংখ্যা :** ৩,৫৫,৬১,৬৫৪ জন ● **সরকারি ভাষা :** আরবি ● **প্রশাসনিক ভাষা :** ফরাসি ● **মুদ্রা :** মরোক্কান দিরহাম ● **জাতীয় প্রাণী :** বারবারি সিংহ (ঘন কৃষ্ণ বর্ণের কেশরযুক্ত প্রাণীটি বিশ শতকের প্রথমভাগে নিশ্চিহ্ন হয়ে যায়) ● **জাতীয় খাবার :** কুশকুশ।



**রানি মৌমাছি** | পর্যায়ক্রমে ১৮-২০ টি পুরুষ মৌমাছির সঙ্গে মিলিত হয় এবং দৈনিক ১৫০০-২৫০০টি ডিম দেয়। বেঁচে থাকে ২-৩ বছর।



# ৪১ ও ৪৩তম বিসিএস REAL VIVA

৪০তম বিসিএস ভাইভায় অংশগ্রহণ করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের সাবেক শিক্ষার্থী **রত্না রাণী বিশ্বাস**। চূড়ান্ত ফলাফলে তিনি শিক্ষা ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হন। তার ভাইভার সংক্ষিপ্তরূপ তুলে ধরা হলো এ আয়োজনে।

প্রার্থী : May I come in sir?

Chm.: Yes, come in. Plese be seated.

Chm.: Tell me about your University?

প্রার্থী : I have completed my graduation and post graduation major in Applied Mathematics from Rajshahi University. The university of Rajshahi is one of the largest universities in the country. After its foundation on July 6, 1953, the university has passed 62 years providing higher education and research. The university is located on very close to the mighty river Padma and east of the Rajshahi city center.

Chm.: আপনি Applied Mathematics মানে ফলিত গণিতে পড়েছেন। গণিত ও ফলিতের মধ্যে পার্থক্য কী?

প্রার্থী : বিশুদ্ধ গণিত হলো গাণিতিক যুক্তিবিজ্ঞানের উপর ভিত্তি করে গণনা করা, পরিমাণ, গঠন, স্থান পরিবর্তন এবং অন্যান্য বৈশিষ্ট্যের সমষ্টিগত অধ্যয়ন। অন্যদিকে ফলিত গণিত বাস্তব জীবনের বিভিন্ন ক্ষেত্র যেমন প্রকৌশল, চিকিৎসা, অর্থনীতি ইত্যাদিতে ব্যবহৃত গণিত পদ্ধতিকে ফোকাস করে।

Chm.: ১২-এর গুণনীয়ক ও গুণিতক ২টি করে বলুন।

প্রার্থী : ১২-এর গুণনীয়ক হলো ৩ ও ৪ এবং ১২-এর গুণিতক হলো ১২ ও ২৪।

Chm.: ট্রাপিজিয়াম ও রম্বসের ক্ষেত্রফল কত?

প্রার্থী : ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = ১/২× (সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল) × মধ্যবর্তী লম্বদূরত্ব। রম্বসের ক্ষেত্রফল = কর্ণদ্বয়ের গুণফলের অর্ধেক।

Ex-1 : আপনার নামতো রত্না রাণী বিশ্বাস। বলুনতো রানি মৌমাছির কাজ কী?

প্রার্থী : রানি মৌমাছির প্রধান কাজ ডিম পাড়া এবং বংশবৃদ্ধির মাধ্যমে কর্মী মৌমাছি বৃদ্ধি করা।

Ex-1 : জলবায়ু পরিবর্তন সম্মেলনে প্রধানমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে আপনার পরামর্শ কী?

প্রার্থী : জলবায়ু পরিবর্তনে নিজ দেশের স্বার্থ এবং প্রাধান্য যেন অক্ষুণ্ন থাকে সে বিষয়ে প্রধানমন্ত্রীকে দিক নির্দেশনা দেওয়া, বিশ্বনেতাদের সামনে জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব তুলে ধরতে প্রধানমন্ত্রীকে পরামর্শ দান, $CO_2$ নিঃসরণকারী দেশগুলো থেকে ক্ষতিগ্রস্ত দেশগুলোর স্বার্থ উদ্ধারে পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো।

Ex-1 : শেখ মুজিবুর রহমানকে আপনি কি বলে পরিচয় করিয়ে দিবেন?

প্রার্থী : আমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির পিতা' বা 'জাতির জনক' হিসেবে পরিচয় করিয়ে দিবো। কারণ ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং বিশ্ব মানচিত্রে বাংলাদেশ নামক স্বাধীন রাষ্ট্রের উৎপত্তির প্রধান কারিগর ছিলেন তিনি।

Ex-1 : মুক্তিযুদ্ধে বীরবিক্রম খেতাব পান কতজন?

প্রার্থী : ১৭৫ জন।

Ex-1 : আপনার নিজ জেলা নাটোরের বনলতা সেন খ্যাত কবি জীবনানন্দ দাশের কয়েকটি কবিতার লাইন বলুন।

প্রার্থী : হাজার বছর ধ'রে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে...... বনলতা সেন।

Ex-2 : অন্ধ ব্যক্তিদের লেখার পদ্ধতির নাম কি ও তা কে আবিষ্কার করেছেন, তার দেশ ও পেশা কী?

প্রার্থী : পদ্ধতির নাম হলো ব্রেইল পদ্ধতি; এর আবিষ্কারক লুইস ব্রেইল (Louis Braille)। তিনি ফ্রান্সের নাগরিক এবং পেশায় একজন শিক্ষক।

Ex-2 : ইউএনও-এর কাজ কী?

প্রার্থী : উপজেলার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে ইউএনও-এর কাজ হলো সমন্বিত উপজেলা উন্নয়ন পরিকল্পনাসহ উপজেলা পর্যায়ে সকল প্রশাসনিক এবং উন্নয়ন কর্মকাণ্ড তত্ত্বাবধান করা, উপজেলায় জাতীয় সরকারের প্রতিনিধিত্ব করা, প্রাকৃতিক দুর্যোগের পর জরুরি ত্রাণ তৎপরতায় অংশগ্রহণ করা ইত্যাদি।

Ex-2 : গণিতের সাথে প্রশাসন ক্যাডারের সম্পর্ক কী? কিভাবে গণিতের জ্ঞানকে প্রশাসনে কাজে লাগাবেন?

প্রার্থী : *[নার্ভাসের কারণে উত্তর দিতে পারছিলাম না।]*

Ex-2 : আপনি অ্যাডমিন ক্যাডারে যাবেন। এ সম্পর্কে আরও ভালোভাবে জানতে হবে। ঠিক আছে, আসুন।

প্রার্থী : ধন্যবাদ, স্যার।

## বিশেষ ঘোষণা

আপনি যদি বিসিএস-এ ভাইভায় অংশগ্রহণ করে থাকেন, তবে আপনার বিসিএস ভাইভাটি আমাদের ই-মেইল বা ফেসবুক পেইজের ইনবক্সে পাঠিয়ে দিন।

Geoffrey Chaucer  The Father of English Literature.

# ৪৫তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা বিষয়ভিত্তিক প্রস্তুতি

## ENGLISH Language & Literature

**SYLLABUS**

| Marks 35 | Literature ■ 15 | Language ■ 20 |
|---|---|---|
| | Name of Writers of Literary Pieces from Elizabethan Period to the 21st Century Quotations from Drama/Poetry of Different Ages. | Parts of Speech, Idioms and Phrases, Clauses, Corrections, Sentence and Transformation, Words, Composition. |

## LITERATURE




গ্রন্থনায়
মো. ফজলুল হক
বিসিএস (শিক্ষা), সহযোগী অধ্যাপক, ইংরেজি
কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজ



### Previous BCS Exams Questions

- Who is the author of 'Jane Eyre'?— Charlotte Brontë *[৪৩তম বিসিএস]*
- "Better to reign in Hell, than serve in Heav'n."-Who wrote this? — John Milton *[৪৩তম বিসিএস]*
- — was both a poet and a painter. — William Blake *[৪৩তম বিসিএস]*
- In Shakespeare's play Hamlet, Hamlet was prince of—. — Denmark *[৪১তম বিসিএস]*
- Who is the author of the first scientific romance 'The Time Machine'? — H. G. Wells *[৪১তম বিসিএস]*
- 'Shylock' is a character in the play—. — The Merchant of Venice *[৪১তম বিসিএস]*
- The most famous satirist in English literature is—. — Jonathan Swift *[৩৮তম বিসিএস]*
- 'Jacobean Period' of English Literature refers to — . — 1603 *[৩৮তম বিসিএস]*
- The literary term 'euphemism' means—. — inoffensive expression *[৩৮তম বিসিএস]*
- The repetition of beginning consonant sound is known as—. — alliteration *[৩৭তম বিসিএস]*
- What is a funny poem of five lines called? — Limerick *[৩৭তম বিসিএস]*
- 'The Sun Also Rises' is a novel written by—. — Ernest Hemingway *[৩৭তম বিসিএস]*
- The romantic age in English literature began with the publication of —. — Preface to Lyrical Ballads *[৩৬তম বিসিএস]*
- Who is known as 'the poet of nature' in English literature? — William Wordsworth *[৩৬তম বিসিএস]*
- In the 18th Century the Mughal Empire begun to—. — disintegrate *[৩৫তম বিসিএস]*
- The poem 'Isle of Innisfree' is written by — W.B. Yeats *[৩৫তম বিসিএস]*
- "To be, or not to be, that is the question" — is a famous dialogue from—. — Hamlet *[৩৫তম বিসিএস]*
- A song embodying religious and sacred emotions— Hymn *[৩০তম বিসিএস]*
- Who wrote the two famous novels, 'David Copperfield' and 'The Tale of Two Cities'? — Charles Dickens *[২৯তম বিসিএস]*
- Shakespeare is known mostly for his—. — plays *[১৬তম বিসিএস]*
- In which century was the Victorian period? — 19th century *[১৬তম বিসিএস]*
- The first English dictionary was complied by—. — Samuel Johnson *[১৫তম বিসিএস]*
- 'Paradise Lost' attempted to — Justify the ways of God to man *[১৪তম বিসিএস]*
- Who is the modern philosopher who was awarded Nobel Prize for literature? — Bertrand Russel. *[১২তম বিসিএস]*
- Who is the poet of the 'Victorian Age'? — Robert Browning *[১১তম বিসিএস]*

The period from AD 1400-1485 is knows as | Dark Age *or* Barren Age

# Suggestions

## PERIODS AND WRITERS

- The oldest period in English literature — Anglo-Saxon.
- The period from AD 1066 to 1500 is known as — The Middle English Period.
- The meaning of 'Renaissance'— The revival of learning.
- The writer who belongs to the romantic period in English literature — S.T. Coleridge.
- The period that is known as Romantic period of English literature— 1798-1832.
- Robert Browning was a — poet. — Victorian.
- Bertrand Russell was a British—. — Philosopher.

## ANGLO – SAXON PERIOD

- Beowulf is — an epic poem.
- The first long poem in English — Beowulf.
- The names of the Cynewulf's poems are — Christ, The Fates of Apostles.

## MIDDLE ENGLISH PERIOD

JOHN WYCLIF



- — translated the Bible into English for the first time— John Wycliffe
- Dauglas wrote — King Hart
- The writer who translated 'The New Testament' is — John Wyclif.

## RENAISSANCE PERIOD

- Othello gave Desdemona — as a token of love. — Handkerchief
- 'Much Ado About Nothing' is written by — William Shakespeare.
- The author of the drama, 'You Never Can Tell'— George Bernard Shaw.
- Ben Jonson introduced—. — comedy of humours
- The book 'Paradise Regained' is written by — John Milton.
- The writer who wrote 'The Spanish Tragedy' is— Thomas Kyd.
- Elizabethan Tragedy is centered on—. — revenge

## NEOCLASSICAL PERIOD

- The celebrated mock-heroic poet in English literature is — Alexander Pope.
- The Rape of the Lock contains—. — 794 lines
- The most famous satirist in English literature is — Jonathan Swift.
- "Elegy Written in a Country Churchyard" is written by — Thomas Gray.

JONATHAN SWIFT



## ROMANTIC PERIOD

- The most famous romantic poet of English literature is— John Dryden.
- The romantic age in English literature began with the publication of —. Preface to Lyrical Ballads.
- The writer who belongs to the romantic period English literature— S.T. Coleridge.
- P.B. Shelley's 'Adonais' is an elegy on the death of—. — John Keats.

JOHN KEATS



## VICTORIAN

- The writer who is called an optimist in the Victorian Age— Tennyson.
- The poem "The Charge of the Light Brigade" is written by— Lord Alfred Tennyson.
- Robert Browning was a — poet. Fill in the gap with appropriate word.— Victorian
- 'A Tale of Two Cities' refers to — London and Paris.

## MODERN PERIOD

- The author of 'Man and Superman' — G.B. Shaw.
- The greatest modern English dramatist— George Bernard Shaw.
- The person who wrote the introduction to Rabindranath Tagore's Song offerings (also known as English Gitanjali) — W. B. Yeats.
- The writer of 'The Good Earth'— Pearl S. Buck.
- 'A Passage to India' is written by — E.M. Forster.

## POST MODERN PERIOD

- The author of the novel 'The God of Small Things' — Arundhati Roy.
- The play 'The Birthday Party' is written by — Harold Pinter.
- Writer of 'Da Vinci Code' is— Dan Brown.

## FEMALE WRITERS

- The writer of 'Wuthering Heights' is— Emily Bronte.
- Brick Lane is written by—. — Monica Ali.
- The writer of the Harry Potter series — J. K. Rowling.

## NOBEL PRIZE

- Nobel Prize winner in Literature in 2022 is—. — Annie Ernaux.
- The modern philosopher who was awarded Noble Prize for Literature is— Bertrand Russell
- Award of Nobel Prize in Literature was started from the year—. — 1901
- American female novelist Pearl S. Buck got Nobel Prize in 1938 for the book — The Good Earth.

## GENRES & LITERARY TERMS

- A poem of fourteen lines is called —. —a sonnet
- A serious play with a sad ending is called a — tragedy.
- 'Melodrama' is a kind of play of —. — violent and sensational themes.
- 'A song embodying religious and sacred emotions' — Hymn.

## W. Shakespeare  All the perfumes of Arabia will not sweeten this little hand.

- The Climax of a plot is what happens—. — at the height.
- English literature the word 'Limerick' refers to. — Funny poems of five lines.
- When a writer writes the story of his own life it is called — an autobiography.
- A mournful poem written on the death of someone's love is called — . — elegy

### IMPORTANT CHARACTERS

- 'Duncan' যে নাটকের গুরুত্বপূর্ণ চরিত্র — Macbeth.
- Helen is the heroine of —. — Iliad.
- The main character in Paradise Lost Book I and Book II is. — Satan.
- Helen of Troy was the wife of — . — Menelaus
- Calliban is a character in — .— Tempest

### QUOTATIONS

- All the world's stage and all the men and women are merely players. — William Shakespeare
- Books are those faithful mirrors that reflect to our mind the minds of sages and heroes. — Edward Gibbon
- Diligence is the mother of good luck. — Franklin.
- God made the country and man made the town. — William Cowper.
- Ill news is winged with fate, and flies apace. — John Dryden.
- Imagination is more important than knowledge. — Albert Einstein.
- "Keep your friends close, but your enemies closer". — Fergusson.
- No man has a right to do as he pleases, except when he pleases to do right. — Charles Simmons.
- Self preservation is the first law of nature. — S. Butler.
- Some books are to be tasted, others to be swallowed, and some few to be chewed and digested. — Francis Bacon.
- The proper function of a government is to make it easy for the people to do good, and difficult for them to do evil. — Gladstone.
- The first step to knowledge is to know that we are ignorant. — Cecil.
- What is liberty without wisdom and without virtue. — John Milton.

## SELF ASSESSMENT

**০১. Shakespeare was born in the year—.**
K 1540 L 1564
M 1340 N 1610

**০২. The drama 'Man and Superman' written by —**
K Jane Austen L Robert Browning
M John Milton N G. B. Shaw

**০৩. Shakespeare's 'To be or not to be" is quoted from—**
K Othello L Hamlet
M Macbeth N Henry VII

**০৪. 'But I have promise to keep, and miles to go before I sleep' — is quoted by —**
K John Donne L Robert Frost
M John Keats N P.B. Shelley

**০৫. An English poet died of Tuberculosis was—**
K John Keats L S.T. Coleridge
M P.B. Shelley N George Chapman

**০৬. 'Blank verse' is a kind of verse having —**
K no rhyming end L blanks in the verse
M no significance N no rhythmic flow

**০৭. In which century was the Victorian Period?**
K $17^{th}$ century L $18^{th}$ century
M $19^{th}$ century N $20^{th}$ century

**০৮. 'Lyrical Ballads' was published in the year—.**
K 1798 L 1770
M 1779 N 1775

**০৯. 'Reading maketh a full man; Conference a ready man; Writing an exact man'— Who said this?**
K Shakespeare L Bacon
M Keats N Kyd

**১০. ' A Tale of Two Cities' refers to —**
K London and Washington
L London and Paris
M London and Rome N London and Berlin

**১১. 'Three Witches' are important characters in—**
K The Way of the World L Hamlet
M Oedipus Rex N Macbeth

**১২. 'Some books are to be tasted, others to be swallowed and some few to be chewed and digested." said—**
K Joseph Addison L Dr. Johnson
M Charles Lamb N Francis Bacon

**১৩. The Return of the Native' is written by —**
K Aldous Huxley L Somerset Mougham
M Alexandre Dumas N Thomas Hardy

**১৪. Elizabethan Tragedy is centred on —**
K revenge L nature
M love N war

**১৫. 'Veni, Vidi, Vici' quotation from Shakespeare's —**
K Hamlet L Othello
M Merchant of Venice N Julius Caesar

| Self Assessment's Answers | | ০১. খ | ০২. ঘ | ০৩. খ | ০৪. খ | ০৫. ক | ০৬. ক |
|---|---|---|---|---|---|---|---|
| ০৭. গ | ০৮. ক | ০৯. খ | ১০. খ | ১১. ঘ | ১২. ঘ | ১৩. ঘ | ১৪. ক | ১৫. ঘ |





# LANGUAGE




## Previous BCS Exams Questions

- Choose the correct comparative form of the sentence : 'Very few boys are as industrious as Zaman.' — Zaman is more industrious than most other boys. *[৪৪তম বিসিএস]*
- Identify the correct passive form: 'Do not close the door.'— Let not the door be closed. *[৪৪তম বিসিএস]*
- A speech full of too many words is— a verbose speech *[৪৩তম বিসিএস]*
- Fill in the blank : 'She went to New Market —.' — on foot *[৪৩তম বিসিএস]*
- Choose the right form of verb :
  It is high time we (act) on the matter. — acted *[৪৩তম বিসিএস]*
- 'I shall help you <u>provided</u> you obey me.' Here the underlined word is a/an—. — conjunction *[৪১তম বিসিএস]*
- When Ushashi entered — the room everybody stopped talking. — no preposition required *[৪১তম বিসিএস]*
- '<u>To win a prize</u> is my ambition.' The underlined part of the sentence is a/an—. — noun phrase *[৪১তম বিসিএস]*
- The word which remains the same in its plural form :— aircraft *[৪০তম বিসিএস]*
- Identify the determiner in the following sentence : 'I have no news for you.'— no *[৪০তম বিসিএস]*
- The saying 'enough' is used when you want—. — something to stop *[৪০তম বিসিএস]*
- What is the plural form of the word 'louse'?— lice *[৩৮তম বিসিএস]*
- Fill in the gap with the right tense: When water — it turns into ice. — freezes *[৩৮তম বিসিএস]*
- Fill in the blank with the correct quantifier. I still have — money. — a little *[৩৮তম বিসিএস]*
- Fill in the blank : Tourists — their reservations well in advance if they want to fly to Cox's Bazar. — had better get *[৩৮তম বিসিএস]*
- Choose the appropriate prepositions in the blank of the following sentence:
  The family doesn't feel — going outing this season. — like *[৩৭তম বিসিএস]*
- This could have worked if I — been more cautious. — had *[৩৬তম বিসিএস]*
- Give the antonym of the word 'transitory'. — permanent *[৩৬তম বিসিএস]*
- Verb of 'Number' is—. — enumerate *[৩৬তম বিসিএস]*
- Credit tk 5000 — my account—. — to *[৩৬তম বিসিএস]*
- 'He was rather <u>disagreeable</u> man.' Here the underlined word is a/an —. — Adjective *[৩৫তম বিসিএস]*
- I am in the process of collecting <u>material</u> for my story. The underlined word is a/an— Noun *[৩৫তম বিসিএস]*
- Botany is to plants as Zoology is to-. — Animals *[৩৪তম বিসিএস]*

## Suggestions

### NOUN

- The poor are always unhappy. 'The poor' is — noun. — Plural common.
- I saw a — of cows in the field. — herd.
- I need — soap to wash my dress with. — a piece of.
- An example of compound noun— Headmaster.
- The word that is in singular number — Criterion.
- The plural form of 'Sheep' is — sheep.
- 'Duchess' is the feminine of—. — Duke.

### PRONOUN

- Each of the boys gets a prize. Here 'each' is. — Distributive pronoun.
- I wish I were —. — he.
- One should be careful about — duty. — one's.
- Who, Which, What are— Relative pronoun.

### VERBS

- Mother loves me. Here 'loves' is an example of the — Transitive verb.
- Do you enjoy <u>teaching</u>? The underlined word is a — gerund.
- — eggs were served to the players. — Boiled.
- At last the soldiers <u>gave in.</u> The underlined words 'gave in' mean— surrendered.
- I could barely <u>make out</u> the traffic signs through the rain. The meaning of the underlined phrase is. — discern.
- Neither Rini nor Simi — qualified for the job. — is.
- Twenty years — passed since my father died. — have.
- The speaker failed to make the audience — to him patiently.— listen.
- He gave up - football when he got married. — playing.

### ADJECTIVE & ADVERBS

- The man was carrying a — bag. — small black plastic.
- All of the people at the conference are — . — Mathematics teachers.
- Don't worry. English grammar is not — to understand. — too difficult.
- My friend <u>hardly</u> works in the afternoon. — almost never/not.

**IDIOM** | A group of words in a fixed order that has a particular meaning that is different from the meanings of each word on its own.

## CONJUNCTION

- — she can't drive, she has bought a car. — Even though
- The common man is — rich — famous. — neither, nor
- — pollution control measures are expensive, many industries hesitate to adopt them. — Because.
- I walked fast — I should miss the train. — lest.

## IDIOMS & PHRASES

- 'Bag and baggage' means—. — leaving nothing behind
- 'A foregone conclusion' means- — an anticipated result.
- 'To get along with' means-. — to adjust.
- To keep one's head—. to keep calm.
- 'To read between the lines' means—. — To read carefully to find out any hidden meaning.
- My uncle is <u>six feet under</u>. The underlined phrase means — Dead and buried.
- 'Value judgement' means. — judgement based on personal views.
- \`To wash one's dirty linen in public' means — to do some ugly work in public.

## PHRASES & CLAUSES

- The boy wants to go home. Identify the phrase 'to go home' — noun phrase.
- He worked <u>with all sincerity.</u> The underlined phrase is — Adverbial phrase.
- I have a boat <u>made of wood.</u> The underlined phrase is— past participle phrase.
- He asked me <u>why I was late</u>. — noun clause.
- I remember the place <u>where I was born.</u> — adjective clause.

## CORRECTION

- যে বাক্যটি শুদ্ধ — There is no room for doubt in it.
- An example of correct sentence — He is too clever to miss the point.
- Choose the correct sentence. — The police were informed of the matter.
- Choose the correct sentence. — Rahim ate almost the whole fish.
- An example of correct sentence — I was stuck in traffic for two hours.
- Find out the correct sentence — He has gone for a walk.
- The sentence that is correct — An Akbar is not born in every age.

## SENTENCES & TRANSFORMATIONS

- 'Do or die' is a —. — compound sentence.
- 'Where there is life, there is hope' the simple form of the sentence is—. — There is no life without hope.
- The correct passive form of 'Fortune favours the brave.' — The brave are favoured by fortune.
- 'He is going to set up a school.' বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে — A school is going to be set up by him.
- The passive form of 'Who killed the bird?' is : — By whom was the bird killed?
- The correct indirect form of : He said, "You had better see a doctor"? — He advised me to see a doctor.
- The teacher said to me, 'May you pass the examination.' Its indirect form is — The teacher wished that I might pass the examination.
- It burns the prettiest of any wood. (Positive)— No other wood burns as pretty as it.
- The alternative which best expresses the meaning of the given sentence : We were no more surprised than Rahman. — We were as surprised as Rahman.

## SYNONYMS

Initiative — Enterprise | Homogeneous— Similar | Tangible— Harmonious | Amicable — Unfriendly | Candid — Frank | Ingenious— Skiliful | Adult— Mature | Depressed — Sad | Luminous — Shining | Gravity — Seriousness.

## ANONYMS

Spurious— Genuine | Superficial— Profoun | Sympathy— Apathy | Gloomy— Bright | Malignant— Benign | Harbinger — Follower | Precise — Incorrect | Castigate — extol | Famous— Obscure | Liberty— Bondage | Eminent — Unknown.

## SPELLINGS

Accelerate, apprehension, adolescence, archaeology, bureaucracy, colleague, connoisseur, diarrhoea, entrepreneur, forgetful, gazette, humorous, heterogenoous, itinerary, jewellery, juvenile, mischievous, nuisance, possession, remittance, supersede, vacuum, visionary, guarantee, personnel, intelligence, calligraphy.

## WORDS AS VARIOUS PARTS OF SPEECH

- 'Blood' শব্দটির Adjective হবে —Bloody.
- The adjective form of 'decision' is— Decisive.
- The verb of the word 'danger' — Endanger.
- The adjective of the word 'Heart'— Heartening.
- The adjective of the word 'Imagination' is— Imaginative.
- The verb of the word 'public' is— Publish.
- The noun form of 'stupid'is — Stupidity.
- The noun form of the word 'urgent' is— Urgency.
- The noun of the word 'Do' — Deed.
- The verb of the word 'guest' — Entertain.

Suffix | A word part added to the end of a word

Prefix | A word part added to the beginning of a word

## SUFFIX & PREFIX

- The prefix 'poly' in the word 'polygamy' expresses the sense of—. — many.
- The appropriate prefix to get opposite meaning of the word 'certain'— un.
- The prefix 'over' can be added to—. — work
- The term 'Hexa' refers to — six.
- The prefix 'eco' is used to indicate issues related to—. — environment.
- 'Age' suffix adds with—. — Break.
- In the word 'booklet', the suffix 'let' is used in the sense of—. — small.

## COMPOSITION

- The function of a topic sentence— to present the main idea.
- The letter to a friend ends with— Ever yours.
- A paragraph must have—. — a single idea or topic.
- The main idea of a paragraph lies in its—. — topic sentence.
- There are— parts in a paragraph. — three.
- A topic sentence can be put in the paragraph—. — at the beginning.
- The last sentence of a paragraph is called a—. — terminator .

# SELF ASSESSMENT

০১. He lost his <u>all</u> in speculation. Here, the underlined word is a/an—
K Pronoun L Noun
M Adjective N Verb

০২. Adjective of the word 'OX' is—.
K cowly L bovine
M oxy N oxen

০৩. My father never approved of — a foreigner.
K her to marry L her marrying
M she marrying N she not marry

০৪. — ten species of deer have been identified.
K As many L As many as
M AS much as N Much as

০৫. The right direct speech of 'The teacher enquired why I had been absent from the class?' is—
K The teacher said to me, "Why are you absent from the class?"
L The teacher said to me, "Why you have been absent from the class?"
M The teacher said to me, "Why were you been absenting from the class?"
N The teacher said to me, "Why were you absent from the class?"

০৬. Choose the correct sentence :
K I am fond of vegetable. L I am fond of vegetables.
M I fond of vegetables. N I fond of vegetable.

০৭. He — at home, because the lights were on.
K must have been L should have been
M mustn't have been N couldn't have been

০৮. Superlative form of the word 'able' is—
K abler L most able
M able most N ablest

০৯. Choose the correct prefix to make a new word matching the given definition : — pour = heavy rainfall.
K Over L Up M Down N Out

১০. According to the economic laws, the greater the demands, — the price.
K higher L the high
M highest N the higher

১১. I — my question paper — .
K had, compose L had have, composed
M had, composed N had been, composed

১২. The correct passive form of 'You must shut these doors.'
K These must be shut doors.
L Shut must be the doors.
M Shut the doors you must.
N These doors must be shut by you.

১৩. The meaning of the idiom 'loaves and fishes' is—
K tasty fishes L beautiful bread
M tasteless fished N personal gains

১৪. A synonym for 'epoch'—
K veneration L society
M era N participle

১৫. "Theology ' is —
K Study of Education L Study of Vote
M Study of Religion N Study of Politics

১৬. The antonym of 'Prolific' is—
K unworkable L backward
M barren N controversial

১৭. Which of the following sentences is correct?
K I propose that the vote be secret ballot.
L I propose that vote is secret ballot.
M I propose that the vote secret ballot.
N I propose that the vote secret ballot.

১৮. <u>That he is very intelligent</u> is known to me.
K Adverbial clause L Adjective clause
M Main clause N Noun clause

১৯. There was no lack — volunteers. she's not usually lacking — confidence.
K for, in L by, of
M of, for N of, in

২০. I opened the door and the candle blew—.
K out L off M over N on

**Self Assessment's Answers** ০১. খ ০২. ঘ ০৩. খ ০৪. খ ০৫. ঘ ০৬. খ ০৭. ক ০৮. ঘ ০৯. ঘ ১০. ঘ ১১. গ ১২. ঘ ১৩. ঘ ১৪. গ ১৫. গ ১৬. গ ১৭. ক ১৮. ঘ ১৯. ঘ ২০. ক




# চাকরি পরীক্ষার? কমন প্রশ্ন

## বাংলা

- 'আমি বিজয় দেখেছি' গ্রন্থটির লেখকের নাম— এম আর আখতার মুকুল।
- 'নূরজাহান' উপন্যাসটির লেখক— ইমদাদুল হক মিলন।
- 'যে সব বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী' চরণটির রচয়িতা— আবদুল হাকিম।


*আবদুল হাকিম*

- জীবনানন্দ দাশ বাংলাদেশকে যার সাথে তুলনা করেছেন— নবান্নের দেশ।
- 'মৃত্যুক্ষুধা' উপন্যাসটির রচয়িতার নাম— কাজী নজরুল ইসলাম।
- 'অন্য ঘরে অন্য স্বর' গল্পগ্রন্থের রচয়িতা— আখতারুজ্জামান ইলিয়াস।
- 'ছন্দের যাদুকর' বলা হয়— সত্যেন্দ্রনাথ দত্তকে।
- 'সত্যবাবু মারা গেছেন' শীর্ষক বইটির রচয়িতা— ফয়েজ আহমদ।
- 'ইউসুফ-জুলেখা' কাব্যগ্রন্থ রচনা করেন— শাহ মুহম্মদ সগীর।
- জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে বাংলাদেশে নিয়ে আসা হয়— ১৯৭২ সালে।
- 'ফুল্লুরার বারমাস্যা' যে মঙ্গলকাব্যের অন্তর্গত— চণ্ডীমঙ্গল।
- 'বীরবল' যে লেখকের ছদ্মনাম— প্রমথ চৌধুরী।
- 'রূপাই' জসীমউদ্‌দীনের যে কাব্যগ্রন্থের চরিত্র— নকশী কাঁথার মাঠ।
- 'বাল্মীকি' শব্দের অর্থ— উঁইপোকার ঢিবি।
- 'আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে' উক্তিটি যে কাব্যগ্রন্থের অন্তর্গত— অন্নদামঙ্গল কাব্য।
- দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি ইংরেজিতে অনুবাদ করেন— মাইকেল মধুসূদন দত্ত।
- বঙ্গবন্ধুর লেখা প্রকাশিত দ্বিতীয় বইয়ের নাম— কারাগারের রোজনামচা।
- কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা— ধূমকেতু।
- 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতার নাম— বড়ু চণ্ডীদাস।
- ময়মনসিংহ গীতিকা সংগ্রাহকের নাম— চন্দ্রকুমার দে।
- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত পত্রিকার নাম— বঙ্গদর্শন।
- বাংলা বর্ণমালা 'ল' যে বর্ণ নামে পরিচিত— পার্শ্বিক বর্ণ।
- গঠনরীতি অনুযায়ী 'প্রভাত' শব্দটি— সমাস নিষ্পন্ন।
- 'সওগাত' যে ভাষার শব্দ— তুর্কি।
- বাংলা ভাষায় ব্যবহৃত "/ " চিঁ টিকে বলে— বিকল্প চিঁ ।
- 'Prothesis'-এর বাংলা প্রতিশব্দ— আদি স্বরাগম।
- 'আমমোক্তার' শব্দে ব্যবহৃত 'আম' যে বিদেশি উপসর্গ— আরবি।
- 'কাক ভূশণ্ডি'-এর অর্থ— দীর্ঘায়ু ব্যক্তি।
- শুদ্ধ বানান— শুশ্রূষা।
- 'অভিরাম' শব্দের অর্থ— সুন্দর।
- 'Hand out'-এর শুদ্ধ বাংলা পরিভাষা— জ্ঞাপনপত্র।
- 'গীর্জা' যে ভাষার শব্দ— পর্তুগিজ।
- Plagiarism-এর বাংলা প্রতিশব্দ— কুম্ভিলকবৃত্তি।
- নিপাতনে সিদ্ধ সন্ধি বিচ্ছেদ— তৎ + কর = তস্কর।
- অলুক দ্বন্দ্ব সমাস— দেশে-বিদেশে।
- যে শব্দে স্বভাবগত নিয়মে 'ষ' বসেছে— ষড়ঋতু।
- 'Excise duty' শব্দের বাংলা পরিভাষা— আবগারী শুল্ক।
- বাংলা বর্ণমালায় ব্যঞ্জনবর্ণের সংখ্যা— ৩৯টি।
- খাঁটি বাংলা উপসর্গ— ২১টি।
- 'ফল পাকলে যে গাছ মরে যায়'- এককথায় বলে— ওষধি।
- 'হরতাল' যে ভাষার শব্দ— গুজরাটি।
- উৎস বা উৎপত্তি অনুসারে বাংলা শব্দের শ্রেণি বিভাগ— পাঁচ।

## ইংরেজি

- The correct spelling is— questionnaire.
- The bell had already been—. (Fill in the gap) — rung.
- The sentence that is correct is— Tell me what your name is.
- Fill in the blank: He takes a lot of interest— game.— in.
- Fill in the blank: 'Each of the ladies told— own story.'— her.
- Noun form of the word 'beautiful' is— beauty.
- 'The apex of a triangle' means its—. — top.
- An omnivore is an animal that eats—. — all types of food.
- 'Pass away' means— die.
- Superlative degree of 'bad'— worst.
- A doctor who treats patients with heart diseases is known as a/an—. — cardiologist.

জহির রায়হান পরিচালিত বাংলা, উর্দু, রুশ ও ফরাসি ভাষার অসমাপ্ত চলচ্চিত্র। আন্তর্জাতিক প্রেক্ষাপটে এর নির্মাণ কাজ শুরু হয়েছিল ১৯৭০ সালে। **Let There Be Light**

- The example of a conjunction is — or.
- The passive form of the sentence '*Who can do it?*'— By whom can it be done?
- The correct synonym for the word 'tedious' is — Dull.
- Itinerary means— Plan of journey.
- You are the man who.... always troubled me. — has.
- Four and four— eight. — makes.
- The verb of the word 'Shortly' is— Shorten.
- My favorite activity is reading. Here reading is a/an—. — Gerund.
- The word that is in feminine form— Doe.
- Cattle is an example of—. — noun.
- Amicable is the synonym of—. — Friendly.
- 'Pediatric' relates to the treatment of—. — Children.
- Everybody hates a liar. (Make it negative) — Nobody likes a liar.
- He left no stone— to achieve his objective. — unturned.
- 'Julius Ceasar' is a — play. — historical.
- The author of the first scientific romance 'The Time Machine' is — H. G. Wells.
- 'Shylock' is a character in the play—. — The Merchant of Venice.
- 'Vanity Fair' is a novel written by—. — William Makepeace Thackeray.
- The short story 'The Diamond Necklace' was written by— Guy de Maupassant.
- The author of 'Man and Superman' is — G.B. Shaw.
- 'Restoration period' in English literature refers to—. — 1660.
- 'The Sun Also Rises' is a novel written by— Ernest Hemingway.
- 'David Copperfield' is a/an — novel. — Victorian.
- 'The Merchant of Venice' is a Shakespearean play about—. — a Jew.
- The person who is known as 'the poet of nature' in English literature is—. — William Wordsworth.
- The person who is known as the 'Lady of the Lamp' is—. — Florence Nightingale.
- 'No Second Troy' is a—. — poem.

## বাংলাদেশ

- বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ সংবিধানের যে তফসিলে অন্তর্ভুক্ত করা হয়েছে — পঞ্চম।
- 'Let There Be Light' বিখ্যাত ছবিটি পরিচালনা করেন — জহির রায়হান।
- প্রাচীন বাংলা মৌর্য শাসনের প্রতিষ্ঠাতা — চন্দ্রগুপ্ত মৌর্য।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদ্‌যাপন করা হয়— ১০ জানুয়ারি।
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ২১ ফেব্রুয়ারি ইউনেস্কো কর্তৃক স্বীকৃত হয় — ১৯৯৯ সালে।
- পদ্মা ব্রিজের দৈর্ঘ্য— ৬.১৫ কিমি।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মগ্রহণ করেন— ১৭ মার্চ ১৯২০।
- মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকেভাগ করা হয়— ১১টি সেক্টরে।
৪৯. মধুসূদন দত্ত রচিত 'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন ধরনের? *[LGRD'র সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]*

— চতুর্দশপদী (সনেট)।

৫০. 'সতত হে নদ, তুমি পড় মোর মনে। সতত তোমার কথা ভাবি এ বিরলে।'- চরণ দুটির কবি কে? *[থানা শিক্ষা অফিসার ১৯৯৬]*

— মাইকেল মধুসূদন দত্ত।

## গ্র ন্থা লো চ না




## মেঘনাদবধ কাব্য

সংস্কৃত মহাকাব্য 'রামায়নে'র ক্ষুদ্র ভগ্নাংশ কাহিনি অবলম্বনে ১৮৬১ সালের জুন মাসে রচিত এবং একই বছর প্রকাশিত বাংলা সাহিত্যের সর্বপ্রথম, সর্বশ্রেষ্ঠ ও সার্থক মহাকাব্য 'মেঘনাদবধ কাব্য'। মাইকেল মধুসূদন দত্তের দ্বিতীয় কাব্যগ্রন্থ এটি। 'মেঘনাদবধ কাব্যে' নানা ধরনের চরিত্র এবং নানা রসের সমাবেশ ঘটেছে। কাব্যের প্রথম দিকে বীর রস থাকলেও এই কাব্যে করুণরসই প্রধান। ১৮৫৭ খ্রিস্টাব্দে সংঘটিত সিপাহি বিপ্লবের স্বাধীনতামন্ত্রে উজ্জীবিত হয়ে রাবণকে নায়ক ও রামকে খলনায়ক করে মধুসূদন রচনা করেন এই স্বাধীনতাভিলাষী কাব্যটি। বীরবাহুর মৃত্যুসংবাদ, মেঘনাদ-হত্যা, প্রমীলার চিতারোহণ পর্যন্ত মোট তিন দিন দুই রাতের ঘটনা বর্ণিত হয়েছে নয় সর্গে রচিত এ কাব্যে। মেঘনাদবধ কাব্যের ট্র্যাজেডি তৈরি হয়েছে নায়ক রাবণ চরিত্রকে অবলম্বন করে। কবি মিল্টনের 'প্যারাডাইস লস্ট' মহাকাব্যে শয়তান যেমন দুর্জয় বাসনা ও ঋজুতা প্রদর্শন করে, মধুসূদনও রাবণকে দিয়ে সে কাজ করিয়েছেন। ভাব-ভাষা ও শব্দ ব্যবহারে কবি বিদেশি ক্লাসিক রীতি আয়ত্ত করে তা বাংলায় ব্যবহার করেছেন। কাব্যের বিভিন্ন সর্গে বীরত্ব, অভিমান, আক্ষেপ ইত্যাদি ফুটে উঠেছে। এ কাব্যের কয়েকটি প্রধান চরিত্র : রাবণ, মেঘনাদ, লক্ষ্মণ, রাম, প্রমীলা, বিভীষণ, সীতা, সরমা ইত্যাদি।




ইংলিশ ল্যাঙ্গুয়েজ ল্যাব সিরিজের মূল উদ্দেশ্য হলো ইংরেজি গ্রামার মুখস্ত না করে এর অন্তর্নিহিত তাৎপর্য অনুধাবনের মাধ্যমে ইংরেজি আত্মস্থ করা। ল্যাবরেটরিতে বিভিন্ন এক্সপেরিমেন্টের মাধ্যমে যেমন একটি সিদ্ধান্তে উপনীত হওয়া যায়, তেমনিভাবে ইংরেজি ভাষাসংক্রান্ত আমাদের রোগসমূহ যথাযথ ডায়াগনোসিস করে উপযুক্ত প্রেসক্রিপশন প্রদান করাই এই পেজের মূল লক্ষ্য।

# ENGLISH LANGUAGE LAB

**Series: 03**

**প্রশ্ন : Nurse অর্থ সেবা করা হলে Doctor অর্থ কী?**

Nurse শব্দটি আমাদের কাছে একটি পজিটিভ চিত্রকল্প তৈরি করে। Noun কিংবা Verb যেকোনো word ক্যাটাগরিতে এই শব্দটি আমাদের কাছে অতি পরিচিত। কিন্তু এই শব্দটি ব্যবহারের একটি নেতিবাচক দিকও আছে, যা আমাদের অনেকেরই অজানা।

Verb হিসেবে যখন Nurse শব্দটি ব্যবহৃত হয় তখন এটি বিভিন্ন ধরনের ইতিবাচক ও নেতিবাচক ব্যঞ্জনা তৈরি করে। একদিকে যেমন আপনি বলতে পারেন nurse a desire (ইচ্ছা পোষণ করা), অন্যদিকে এভাবেও আপনি বলতে পারেন nurse a grudge (বিদ্বেষ লালন করা)। এই শব্দগুলো একে অপরের সাথে এমনভাবে ওতপ্রোতভাবে জড়িত যে, আপনি একটা থেকে আরেকটাকে বিচ্ছিন্ন করতে পারবেন না, ইংরেজিতে যাকে বলে collocation।

নিচের বহুনির্বাচনি প্রশ্নটি পড়ার পর একটু চিন্তা করুন এবং সঠিক উত্তর কোনটি হতে পারে তা নির্ধারণ করে পরের অংশটি পড়ুন।

**Q. The Civil Surgeon was accused of —the tender docs.**

A. nursing B. doctoring
C. treating D. abusing

অনেকেই হয়তো প্রশ্ন তুলবেন এ ধরনের একটি স্পর্শকাতর ঘটনার সাথে আমি ডাক্তারকে অর্থাৎ সিভিল সার্জনকে কেনো টেনে আনলাম। এই প্রশ্নটি তৈরিতে আমার মনে কোনো অসৎ উদ্দেশ্য নেই, বরং আসল উদ্দেশ্য হলো আপনাদেরকে একটি নতুন অর্থের সাথে পরিচিত করানো।

এটা নিশ্চিতভাবে বলা যায় যে, আপনি D উত্তরটি সঠিক বলে ধরে নিয়েছেন। কারণ উপরের তিনটি অপশন বাক্যটির সাথে সঙ্গতিপূর্ণ নয়। এবার চলুন, দেখা যাক আপনার উত্তরটি সঠিক কিনা।

## ও ডাক্তার, ও ডাক্তার

সব পেশায় মহৎ উদ্দেশ্য থাকে আর তা হলো মানুষের সেবা করা কিন্তু এর উল্টো চিত্র আমরা দেখতে পাই নচিকেতার গানে। ভাষাতাত্ত্বিক বিশ্লেষণেও এই বিষয়টি মিলে যাওয়া সত্যিই কাকতালীয়।

Doctor শব্দটি যখন Verb হিসেবে ব্যবহৃত হয়, তখন এটি তার চিরাচরিত অর্থ থেকে ১৮০ ডিগ্রি অ্যাঙ্গেলে ঘুরে দাঁড়ায়। তখন Doctor অর্থ দাঁড়ায় জালিয়াতি করা, জাল করা, কোনো কিছু ঘষামাজা করে পরিবর্তন করা বা এডিট করা। নথিপত্রের হিসাবের ফিগার পরিবর্তন করা, একজনের ছবি আরেকজনের সাথে জোড়া দেওয়া, কাটপিস জুড়ে দিয়ে ভিডিও এডিট করা এসবই doctoring-এর সাথে জড়িত।

শব্দটিকে past participle করে adjective হিসেবেও ব্যবহার করা যায়। যেমন—

Doctored documents (জাল কাগজপত্র) , Doctored video clips ইত্যাদি।

সম্প্রতি Doctor শব্দটি আরো নানা অর্থে ব্যবহৃত হয়। এর মধ্যে একটি হলো ডাক্তারি করা বা চিকিৎসা করা। যেমন He's been doctoring in a small town. — সে একটা ছোট শহরে ডাক্তারি করছে। এর আরেকটি অর্থ হলো জিনগতভাবে একটি বিদ্যমান প্রজাতি পরিবর্তন করা।

আপনি যদি ডক্টরের অর্থ বুঝে থাকেন তাহলে এই বাক্যগুলোর অর্থ বলুন :

1. They were accused of doctoring the company's financial records.
2. A doctored photo of the actress became viral.
3. He had time to doctor his wounds.
4. She doctored the sick child until the physician arrived.

■

*মো: ফজলুল হক (২৪তম বিসিএস)*
*সহযোগী অধ্যাপক, ইংরেজি*
*কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজ।*

অষ্টাদশ শতকের সেরা গণিতবিদ। তিনি e, পাই-এর জন্য $\pi$ এবং যোগের জন্য $\sum$ চিহ্নের প্রবর্তন করেন। **লিওনার্ড অয়লার** জন্মস্থান : সুইজারল্যান্ড




# গল্পে গল্পে সূত্র শিখি

তিন ভাই আলাল (বড়), দুলাল (মেজো) এবং বেলাল (ছোট) এর মাধ্যমে বর্গের সূত্র শিখি।

**Note :** *ধনী বলতে (+)ve এবং গরিব বলতে (–) ve।*

| আলাল | দুলাল | বেলাল |
|---|---|---|
| $(a+b)^2$ | $a^2+b^2$ | $2ab$ |

$(a+b)^2 = a^2 + 2ab + b^2$

$\Rightarrow (a+b)^2 = (a^2+b^2) + 2ab$ .................. (i)

এবং $(a-b)^2 = a^2 - 2ab + b^2$

$\Rightarrow (a-b)^2 = (a^2+b^2) - 2ab$ .................... (ii)

### 1. সাধারণ সূত্র

$(a+b)^2 = (a^2+b^2) + 2ab$
ধনী আলাল = দুলাল + বেলাল

$(a-b)^2 = (a^2+b^2) - 2ab$
গরিব আলাল = দুলাল – বেলাল

(i) $\Rightarrow (a+b)^2 = (a^2+b^2) + 2ab$

$\Rightarrow (a+b)^2 - 2ab = a^2 + b^2$

$\therefore\ a^2 + b^2 = (a+b)^2 - 2ab$

(ii) $\Rightarrow (a-b)^2 + 2ab = a^2 + b^2$

$\therefore\ a^2 + b^2 = (a-b)^2 + 2ab$

### 2. মান নির্ণয়ের সূত্র

$a^2 + b^2 = (a+b)^2 - 2ab$
দুলাল = ধনী আলাল – বেলাল

$a^2 + b^2 = (a-b)^2 + 2ab$
দুলাল = গরিব আলাল + বেলাল

(i) + (ii) $\Rightarrow (a+b)^2 = (a^2+b^2) + 2ab$

$(a-b)^2 = (a^2+b^2) - 2ab$

$(a+b)^2 + (a-b)^2 = 2(a^2+b^2)$

$\therefore\ 2(a^2+b^2) = (a+b)^2 + (a-b)^2$ .............. (iii)

(i) – ii) $\Rightarrow (a+b)^2 = (a^2+b^2) + 2ab$

$(a-b)^2 = (a^2+b^2) - 2ab$

$(a+b)^2 - (a-b)^2 = 4ab$

$\therefore\ 4ab = (a+b)^2 - (a-b)^2$ ........ (iv)

### 3. মান নির্ণয়ের সূত্র

$2(a^2+b^2) = (a+b)^2 + (a-b)^2$
দুলালের দ্বিগুণ = ধনী আলাল + গরিব আলাল

$4ab = (a+b)^2 - (a-b)^2$
বেলালের দ্বিগুণ = ধনী আলাল – গরিব আলাল

(iv) $\Rightarrow 4ab = (a+b)^2 - (a-b)^2$

$\Rightarrow 4ab + (a-b)^2 = (a+b)^2$ ............ (v)

$\therefore\ (a+b)^2 = (a-b)^2 + 4ab$

(v) $\Rightarrow (a-b)^2 = (a+b)^2 - 4ab$

### 4. মান নির্ণয়ের সূত্র

$(a+b)^2 = (a-b)^2 + 4ab$
ধনী আলাল = গরিব আলাল + বেলালের দ্বিগুণ

$(a-b)^2 = (a+b)^2 - 4ab$
গরিব আলাল = ধনী আলাল – বেলালের দ্বিগুণ

Note : *মান দেওয়া থাকবে যার, চাইবে তার বিপরীতটা—* যেমন : (a + b) এর মান দেওয়া থাকলে, চাইবে (a – b)-এর মান।

(iii) $\Rightarrow\ (a^2+b^2) = \dfrac{(a+b)^2 + (a-b)^2}{2}$

(iv) $\Rightarrow ab = \dfrac{(a+b)^2 - (a-b)^2}{4}$

$= \dfrac{(a+b)^2}{4} - \dfrac{(a-b)^2}{4}$

$\therefore\ ab = \left(\dfrac{a+b}{2}\right)^2 - \left(\dfrac{a-b}{2}\right)^2$

### 5. মান নির্ণয়ের সূত্র

$(a^2+b^2) = \dfrac{(a+b)^2 + (a-b)^2}{2}$

দুলাল = $\dfrac{\text{ধনী আলাল + গরিব আলাল}}{২}$

$ab = \dfrac{(a+b)^2 - (a-b)^2}{4}$

বেলালের অর্ধেক = $\dfrac{\text{ধনী আলাল - গরিব আলাল}}{8}$

### 6. উৎপাদকের সূত্র

$a^2 - b^2 = (a+b)(a-b)$

এটি বীজগণিতের সহজ এবং বহুল ব্যবহৃত একটি সূত্র।


**আজিজুল হক,** *এমএসসি (গণিত), জগন্নাথ বিশ্ববিদ্যালয় সহকারী শিক্ষক; সালুয়াকান্দি কৌড়ি জাহিদ মালেক সরকারি প্রাথমিক বিদ্যালয়; সাটুরিয়া, মানিকগঞ্জ*

স্বাস্থ্য বার্তা

## মাঙ্কিপক্সের নতুন নাম 'এমপক্স'

১৯৫৮ সালে বিজ্ঞানীরা এক গবেষণায় বানরদের মধ্যে 'পক্স-সদৃশ' রোগের অস্তিত্ব টের পান এবং পরে এটি মাঙ্কিপক্স নামকরণ করে। মানবশরীরে এর সংক্রমণ ঘটে ১৯৭০ সালে। কঙ্গোর প্রত্যন্ত অঞ্চলে একটি নয় বছর বয়সী ছেলের মধ্যে ঘটে এ সংক্রমণ। গায়ে ব্যথা, জ্বর, আকারে বড় বসন্তের মতো গায়ে গুটি বের হওয়াকে মাঙ্কিপক্সের উপসর্গ হিসেবে চিহ্নিত করা হয়। মাঙ্কিপক্সের একটি রূপ এতটাই ভয়ংকর যে



আক্রান্ত ব্যক্তিদের ১০ শতাংশ মারাও যেতে পারেন। তবে এ ভাইরাসে আক্রান্ত বেশির ভাগ রোগী কয়েক সপ্তাহের মধ্যে সুস্থ হয়ে যান। বৈশিষ্ট্যের দিক থেকে এটি অনেকটা জল বসন্তের ভাইরাসের মতো। পশ্চিম ও মধ্য আফ্রিকার নিরক্ষীয় বনাঞ্চলে এ রোগের প্রাদুর্ভাব বেশি।

আফ্রিকার পর ইউরোপ ও আমেরিকাতেও ২০২২ সালে ছড়িয়ে পড়ে মাঙ্কিপক্স ভাইরাস। কিন্তু 'মাঙ্কিপক্স' নামটি বর্ণবাদী বলে অভিযোগ তুলে দীর্ঘদিন ধরেই নাম পরিবর্তনের দাবি করা হচ্ছিল। এই নামটি আফ্রিকার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলেও দাবি করা হয়। অবশেষে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) নাম পরিবর্তনের সিদ্ধান্ত নেয়।

মাঙ্কিপক্স সংক্রমণের জেরে ২৩ জুলাই ২০২২ বিশ্বব্যাপী স্বাস্থ্যগত জরুরি অবস্থা ঘোষণা করে WHO। এর পরপরই নাম মাঙ্কিপক্স ভাইরাসের নাম পরিবর্তনের বিষয়ে বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করা শুরু করে সংস্থাটি। বিশেষজ্ঞ, দেশ ও সাধারণ মানুষের সঙ্গে বিস্তারিত আলোচনার পর এই রোগের নাম 'এমপক্স' রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। এই নাম ইংরেজি ভাষাসহ অন্যান্য ভাষায়ও সহজেই ব্যবহার করা যাবে। WHO জানায়, মাঙ্কিপক্স রোগ এখন 'এমপক্স' নামে পরিচিত হবে। তবে আপাতত সুবিধার জন্য দুটোই ব্যবহার করা হবে। পর্যায়ক্রমে মাঙ্কিপক্স শব্দটি বাদ দেওয়া হবে।

## নতুন থেরাপিতে ক্যানসার নিরাময়

চিকিৎসা বিজ্ঞানীদের উদ্ভাবিত নতুন থেরাপিতে সেরে উঠেছে অনিরাময়যোগ্য ব্লাড ক্যান্সারে আক্রান্ত যুক্তরাজ্যের কিশোরী অ্যালিসা। এর আগে তার চিকিৎসায় যেসব থেরাপি ও পদ্ধতি ব্যবহার করা হয়েছিল তার সবগুলোই ব্যর্থ হয়েছিল। এরপর যুক্তরাজ্যের গ্রেট অরমন্ড স্ট্রিট হাসপাতালের চিকিৎসকরা মাত্র ছয় বছর আগে উদ্ভাবিত 'বেস ইডিটিং' পদ্ধতি ব্যবহার করে অ্যালিসার ব্লাড ক্যান্সারের চিকিৎসা করেন। অ্যালিসাই বিশ্বের প্রথম ব্যক্তি, যাকে এ পদ্ধতিতে চিকিৎসা করা হয়। ২০২১ সালের মার্চে ১৩ বছর বয়সী অ্যালিসার টি-সেল অ্যাকিউট লাইমফোব্লাস্টিক রক্তের ক্যান্সার ধরা পড়ে।

## নতুন পোলিও টিকা

মুখে খাওয়ার নতুন পোলিও টিকা (NOPV2) নবজাতকদের জন্য নিরাপদ এবং তাদের মধ্যে সফলভাবে রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরিতে সক্ষম বলে জানায় আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ (iccddr,b)। বিজ্ঞানভিত্তিক জার্নাল *দ্য ল্যানসেটে* এ সংক্রান্ত গবেষণা প্রতিবেদন প্রকাশিত হয়। গবেষকরা গর্ভাবস্থার তৃতীয় ত্রৈমাসিকে রয়েছেন এমন নারী ও তাদের নবজাতকদের গবেষণায় অন্তর্ভুক্ত করেন। গবেষণায় নবজাতকদের চার সপ্তাহের ব্যবধানে NOPV2 টিকার প্রথম ও দ্বিতীয় ডোজ দেওয়ার পর তাদের সংবেদনশীলতা, সহনশীলতা এবং রোগ প্রতিরোধ ক্ষমতা মূল্যায়ন করা হয়। পোলিও রোগের ঝুঁকিতে বসবাসকারী জনগোষ্ঠী, বিশেষত নবজাতকদের মধ্যে সংক্রমণ রোধ করার জন্য মুখে খাওয়ার এই নতুন পোলিও টিকা নিরাপদ এবং রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে সক্ষম।

## আলঝেইমার্স প্রতিরোধে 'যুগান্তকারী' ওষুধ

বিশ্বজুড়েই দ্রুত বর্ধনশীল স্নায়বিক ব্যাধিগুলোর মধ্যে অন্যতম আলঝেইমার্স বা স্মৃতিভ্রংশ রোগ। এটি ডিমেনশিয়ার সবচেয়ে সাধারণ প্রকার হিসেবেও বিবেচিত। সাধারণত ষাটোর্ধ্ব ব্যক্তিরা এ রোগে বেশি আক্রান্ত হলেও এখন অল্প বয়সীরাও এ রোগে আক্রান্ত হচ্ছেন। সম্প্রতি অ্যালঝেইমার্সে আক্রান্ত মস্তিষ্কের কোষ ধ্বংসের গতি কমিয়ে দেওয়ার মতো প্রথম যুগান্তকারী কোনো ওষুধ আবিষ্কারের দাবি করেন বিজ্ঞানীরা। অ্যালঝেইমার্সের চিকিৎসায় দশকের পর দশক ধরে ব্যর্থতার পর সম্প্রতি তারা এ ওষুধটি আবিষ্কার করেন। লিকেনেম্যাব নামের ওষুধটি কাজ করে এই রোগের প্রাথমিক পর্যায়ে। ওষুধটি আলঝেইমার্স রোগ পুরোপুরি সারিয়ে তুলতে পারে না। কিন্তু মস্তিষ্কের ক্ষতি হওয়ার হার চার ভাগের এক ভাগ কমিয়ে দিতে পারে। অ্যালঝেইমার্স আক্রান্ত ব্যক্তিদের মস্তিষ্কে বেটা অ্যামিলয়েড নামে যে আঠালো পদার্থ তৈরি হয়, সেটিকে আক্রমণ করে লিকেনেম্যাব।



# দূরের আকাশ

## পৃথিবীর চেয়ে দ্বিগুণ গ্রহ

সম্প্রতি নতুন একটি এক্সোপ্ল্যানেটের সন্ধান পেয়েছেন বিজ্ঞানীরা। গ্রহটির নাম HD 114082b। এটি একটি নতুন গ্রহ, যার আকার আমাদের পৃথিবীর প্রায় দ্বিগুণ। এটি প্রায় ৩০০ আলোকবর্ষ দূরে অবস্থিত। এটি এখনো পর্যন্ত আবিষ্কৃত সবচেয়ে কমবয়সী এক্সোপ্ল্যানেটগুলোর মধ্যে একটি। HD 114082 b'র বয়স মাত্র দেড় কোটি বছর, যা একটি তরুণ গ্রহের বয়সের দুই-তিন গুণ বেশি। এর ব্যাসার্ধ বৃহস্পতির মতো। তবে ভর বৃহস্পতির আট গুণ। এর অর্থ হলো এক্সোপ্ল্যানেটটির ঘনত্ব পৃথিবীর তুলনায় প্রায় দ্বিগুণ এবং বৃহস্পতির ঘনত্বের প্রায় ১০ গুণ।

## সবচেয়ে দূরের ছায়াপথ

সবচেয়ে দূরবর্তী ছায়াপথের সন্ধান পেয়েছে শক্তিশালী মহাকাশ দূরবীক্ষণ যন্ত্র জেমস ওয়েব টেলিস্কোপ। 'বিগ ব্যাং' বা মহাবিস্ফোরণের মাত্র সাড়ে ৩২ কোটি বছর পর থেকে বিদ্যমান থাকা এ ছায়াপথের নাম দেওয়া হয়েছে JADES-GS-z13-0। জেমস ওয়েব টেলিস্কোপের ক্যামেরায় লাল বিন্দুর মতো দেখা যায় ছায়াপথটি। বিশাল দূরত্বের কারণে JADES-GS-z13-0 ছায়াপথ থেকে আলো পৃথিবীর দিকে আসছে অতি ধীরে। ৯ ডিসেম্বর ২০২২ এই আবিষ্কার সম্পর্কে বিস্তারিত তুলে ধরে একটি আন্তর্জাতিক গবেষকদল। এর আগে সবচেয়ে দূরবর্তী ছায়াপথের সন্ধান দিয়েছিল জেমস ওয়েব টেলিস্কোপের পূর্বসূরি হাবল টেলিস্কোপ। GN-z11 নামের ওই ছায়াপথটি মহাবিশ্ব সৃষ্টির ৪০ কোটি বছর পর থেকে বিদ্যমান।

## চাঁদে মধ্যপ্রাচ্যের প্রথম চন্দ্রযান

১১ ডিসেম্বর ২০২২ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল মহাকাশকেন্দ্র থেকে চাঁদের উদ্দেশ্যে একটি মহাকাশযান পাঠায় সংযুক্ত আরব আমিরাত। এটিই মধ্যপ্রাচ্য ও আরব বিশ্বের চাঁদে পাঠানো কোনো প্রথম মহাকাশযান। এর নাম দেওয়া হয়েছে 'দ্য রশিদ রোভার'। দুবাইয়ের সাবেক শাসক শেখ রশিদ বিন সাঈদ আল মাখতুমের নামে এটির নামকরণ করা হয়। মার্কিন মহাকাশযান প্রস্তুতকারক প্রতিষ্ঠান স্পেসএক্সের ফ্যালকন-৯ রকেটের মাধ্যমে চন্দ্রযানটি উৎক্ষেপণ করা হয়। ছোট এ যানটি জাপানের তৈরি মুন ল্যান্ডার হাকুতু-আর মিশন-১ এর দিকে যাচ্ছে। জাপানের মুন ল্যান্ডারটির মাধ্যমে আরব আমিরাতের চন্দ্রযানটি চাঁদের পৃষ্ঠে অবতরণ করবে। এ অভিযান সফল হলে চতুর্থ দেশ হিসেবে চাঁদে পা রাখবে সংযুক্ত আরব আমিরাত। বিশ্বে এখন পর্যন্ত যেসব দেশের চন্দ্রযান সফলভাবে চন্দ্রপৃষ্ঠে অবতরণ করতে পেরেছে, তারা হলো— যুক্তরাষ্ট্র, সাবেক সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া) ও চীন।



## মঙ্গলে নাসার হেলিকপ্টারের রেকর্ড

মঙ্গল গ্রহের মাটিতে দেড় বছর পার করার পর নতুন রেকর্ড গড়েছে যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান নাসার পাঠানো হেলিকপ্টার *ইনজেনুইটি*। ১ কেজি ৮০০ গ্রাম ওজনের এই হেলিকপ্টার ৩৫তম বারের মতো মঙ্গলের আকাশে ওড়ে ৩ ডিসেম্বর ২০২২। এ সময় এটি ৪৬ ফুট (১৪ মিটার) উঁচুতে ওড়ার নতুন রেকর্ড গড়ে।

*ইনজেনুইটি* হেলিকপ্টারটি ৩৫তম বার ওড়ার ক্ষেত্রে ৫২ সেকেন্ড শূন্যে ভেসে ছিল এবং এ সময় ৫০ মিটার দূরত্ব অতিক্রম করে। এর আগে ২২ নভেম্বর ২০২২ হেলিকপ্টারটি সর্বোচ্চ ১৮ সেকেন্ড পর্যন্ত আকাশে উড়েছিল।

## ফিরেছে ওরিয়ন



চাঁদে মনুষ্যবাহী মহাকাশ নিয়ে সর্বশেষ অভিযানের ৫০ বছর পর আবারো সেখানে মানুষ পাঠানোর মিশন নিয়েছে মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা। নাসার চাঁদে মানুষ পাঠানোর এই মিশন সম্পন্ন হবে তিনটি ধাপে। প্রথম ধাপ 'আর্টেমিস-১'। এ ধাপে ১৬ নভেম্বর ২০২২ ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে পাঠানো হয় 'ওরিয়ন' ক্যাপসুল। মহাকাশে প্রায় ২৬ দিন কাটানোর পর পৃথিবীতে ফিরে আসে ওরিয়ন। ১১ ডিসেম্বর ২০২২ মেক্সিকোর কাছে প্রশান্ত মহাসাগরে সফলভাবে অবতরণ করে মহাকাশযানটি।

# জানুয়ারি পরিক্রমা

গ্রেগরীয় ও জুলিয়ান বর্ষপঞ্জি অনুসারে বছরের প্রথম মাস জানুয়ারির দিন সংখ্যা ৩১। জানুয়ারি মাসের ঐতিহাসিক ঘটনাগুলোকে আসুন দেখে নেই জানুয়ারি পরিক্রমায়।



২০২৩
জানুয়ারি

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহ. | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ |
| ২৯ | ৩০ | ৩১ | | | | |

## বাংলাদেশ অ্যাফেয়ার্স

০৩ ■ ১৯৫২ : ঢাকায় এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত।
■ ১৯৬৮ : শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামী করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের।
০৪ ■ ১৮৬১ : মাইকেল মধুসূদনের মহাকাব্য 'মেঘনাদবধ কাব্য' প্রকাশিত।
■ ১৯৯০ : বাংলাদেশে প্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা চালু।
■ ১৯৭২ : বিমান বাংলাদেশ এয়ার লাইন্স-এর আনুষ্ঠানিক গোড়াপত্তন।
০৫ ■ ১৯৫০ : ইলা মিত্রের নেতৃত্বে নাচোলে কৃষক বিদ্রোহের সূচনা।
০৮ ■ ১৯৭২ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি লাভ করেন।
০৯ ■ ১৯৪১ : Concert for Bangladesh-এর অন্যতম শিল্পী মার্কিন ফোক গায়িকা জোয়ান বায়েজ-এর জন্ম।
১০ ■ ১৯৭২ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন।
১১ ■ ১৯৭২ : বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ জারি।
১২ ■ ১৯৭২ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।
■ ১৯৩৪ : বিপ্লবী মাস্টারদা সূর্যসেনের ফাঁসি কার্যকর।
১৭ ■ ২০১৭ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত।
২০ ■ ১৯৮১ : মাদার তেরেসা ঢাকা আগমন করেন।
২৫ ■ ১৯৭৫ : বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগ (বাকশাল) ব্যবস্থার প্রবর্তন।
■ ১৯৭৫ : বাংলাদেশে সংসদীয় পদ্ধতির বদলে রাষ্ট্রপতি পদ্ধতির সরকার ব্যবস্থার প্রবর্তন এবং রাষ্ট্রপতি হিসেবে বঙ্গবন্ধুর শপথ গ্রহণ।
২৬ ■ ১৯৮২ : তালিবাবাদে বাংলাদেশের ভূ-উপগ্রহ কেন্দ্র স্থাপিত।
২৭ ■ ২০২১ : বাংলাদেশে করোনার টিকাদান কর্মসূচি উদ্বোধন।
২৮ ■ ২০১০ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডে জড়িত ৫ জনের ফাঁসি কার্যকর।
■ ১৯৮২ : জাতীয় সংসদ ভবনের উদ্বোধন।
৩০ ■ ১৯৭২ : সাহিত্যিক ও চলচ্চিত্রকার জহির রায়হান নিখোঁজ।
৩১ ■ ১৯৭২ : ঢাকায় প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমানের কাছে মুক্তিযোদ্ধাদের অস্ত্র সমর্পণ।

## জন্ম যাদের


জসীমউদ্‌দীন


মো. ইব্রাহিম


আব্দুল হামিদ


নায়ক রাজ রাজ্জাক

- ১ জানুয়ারি ১৯০৩ : পল্লী কবি জসীমউদ্‌দীন।
- ১ জানুয়ারি ১৮৯৪ : ভারতীয় বাঙালি পদার্থবিদ সত্যেন বোস।
- ১ জানুয়ারি ১৯১১ : প্রখ্যাত চিকিৎসক মোহাম্মদ ইব্রাহিম।
- ১ জানুয়ারি ১৯১৪ : সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ।
- ১ জানুয়ারি ১৯৩০ : মুক্তিযুদ্ধের উপ-সেনাপতি এ. কে. খন্দকার।
- ১ জানুয়ারি ১৯৩০ : প্রখ্যাত শিক্ষাবিদ ও বিজ্ঞান লেখক আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন।
- ১ জানুয়ারি ১৯৪৪ : রাষ্ট্রপতি আব্দুল হামিদ।
- ২৩ জানুয়ারি ১৯৪২ : নায়ক রাজ রাজ্জাক।

## লোকান্তরে


আখতারুজ্জামান


বুলবুল


শওকত আলী


জহির রায়হান

- ৪ জানুয়ারি ১৯৯৭ : বাংলাদেশি কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াস।
- ২২ জানুয়ারি ২০১৯ : সুরস্রষ্টা ও গীতিকবি আহমেদ ইমতিয়াজ বুলবুল।
- ২৫ জানুয়ারি ২০১৮ : প্রখ্যাত কথাসাহিত্যিক শওকত আলী।
- ২৬ জানুয়ারি ২০১৮ : বরেণ্য সঙ্গীতশিল্পী শাম্মী আখতার।
- ৩০ জানুয়ারি ১৯৭২ : প্রখ্যাত চলচ্চিত্রকার ও সাহিত্যিক জহির রায়হান।

১৬ জানুয়ারি ১৯২৯ প্রকাশিত বিবিসি'র প্রথম সাপ্তাহিক পত্রিকা। সম্পাদক ছিলেন রিচার্ড এস ল্যাম্বার্ট। প্রকাশনা বন্ধ হয়ে যায় ১৯৯১ সালে। | **The Listener**

# গ্লোবাল অ্যাফেয়ার্স

**০১** ■ ৪৫ খ্রিস্টপূর্ব : জুলিয়ান ক্যালেন্ডারের সূচনা।
■ ৬৩০ : হযরত মুহাম্মদ (স)-এর মক্কা জয়ের জন্য যাত্রা শুরু।

**০২** ■ ১৭৫৭ : রবার্ট ক্লাইভের নেতৃত্বে ব্রিটিশদের কোলকাতা দখল।

**০৩** ■ ১৯৫৮ : আলাস্কা ৪৯তম রাজ্য হিসেবে যুক্তরাষ্ট্রের সাথে যুক্ত।
■ ১৯৬১ : মার্কিন যুক্তরাষ্ট্র কিউবার সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে।

**০৪** ■ ১৯৫৮ : স্যার এডমুন্ড হিলারি দক্ষিণ মেরুতে পৌঁছেন।
■ ২০০৪ : NASA'র রোভার Spirit মঙ্গল গ্রহে অবতরণ করে।

**০৫** ■ ১৯৭১ : অস্ট্রেলিয়া-ইংল্যান্ড প্রথম ওয়ানডে ক্রিকেট ম্যাচ অস্ট্রেলিয়ার মেলবোর্নে অনুষ্ঠিত।

**০৬** ■ ১৮৩৮ : স্যামুয়েল মোর্স তার টেলিগ্রাফ প্রথম জনসম্মুখে উন্মুক্ত করেন।
■ ১৯৫০ : চীনের কমিউনিস্ট সরকারকে স্বীকৃতি দেয় যুক্তরাজ্য ।

**০৭** ■ ১৭৮৯ : প্রথম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

**০৮** ■ ২০১৯ : বিশ্বের প্রথম কোয়ান্টাম কম্পিউটার উন্মোচন করে IBM।
■ ১৯৫১ : নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরের যাত্রা শুরু।

**১০** ■ ১৯২০ : ২৮ জুন ১৯১৯ ফ্রান্সের ভার্সাই প্রাসাদে স্বাক্ষরিত ভার্সাই চুক্তি কার্যকর।

**১২** ■ ২০০৪ : বিশ্বের বৃহত্তম সামুদ্রিক জাহাজ 'কুইন মেরী-২' এর যাত্রা শুরু।

**১৩** ■ ১৭৬১ : পানিপথের তৃতীয় যুদ্ধ শুরু।

**১৫** ■ ১৫৫৯ : ইংল্যান্ডের রানী প্রথম এলিজাবেথ সিংহাসনে আরোহণ করেন।
■ ১৯২২ : নেদারল্যান্ডসের দি হেগে স্থায়ী আন্তর্জাতিক আদালত (PCA) প্রতিষ্ঠিত।

**১৭** ■ ১৮৪১ : বিশ্বের সর্বোচ্চ পর্বত চূড়ার নাম 'মাউন্ট এভারেস্ট' নামকরণ।
■ ১৯৪৬ : জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত।

**১৮** ■ ১৫৩৫ : 'রাজাদের শহর' (City of Kings) হিসেবে খ্যাত বর্তমানের পেরুর রাজধানী লিমা আবিষ্কার করেন ফ্রান্সিসকো পিজারো।

**১৯** ■ ১৮৮৩ : তার ব্যবহার করে প্রথম বৈদ্যুতিক বাতি তৈরি করেন টমাস আলভা এডিসন।
■ ১৯৬৬ : ভারতের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে ইন্দিরা গান্ধীর দায়িত্ব গ্রহণ।

**২০** ■ ১৯৮৬ : ব্রিটেন ও ফ্রান্স কর্তৃক চ্যানেল টানেল নির্মাণের ঘোষণা।

**২৩** ■ ১৯৫০ : ইসরাইলি পার্লামেন্ট নেসেট (Knesset) কর্তৃক জেরুজালেমকে ইসরাইলের রাজধানী ঘোষণা।

**২৬** ■ ১৯৫০ : ভারতের সংবিধান কার্যকর ও দেশটির প্রজাতন্ত্র দিবস।

**২৭** ■ ১৯২৬ : জন লগি বেয়ার্ড সর্বপ্রথম জনসমক্ষে টেলিভিশন প্রদর্শন করেন।

**৩০** ■ ১৯৩৩ : জার্মানির চ্যান্সেলর হিসেবে এডলফ হিটলারের ক্ষমতারোহণ।

**৩১** ■ ২০২০ : ইউরোপীয় ইউনিয়ন থেকে যুক্তরাজ্যের বিচ্ছেদ, অর্থাৎ BREXIT কার্যকর।

## জন্ম যাদের


*লুই ব্রেইল*


*নিউটন*


*মমতা বন্দ্যোপাধ্যায়*


*সুভাষচন্দ্র বসু*

- ৪ জানুয়ারি ১৮০৯ : ব্রেইল পদ্ধতির আবিষ্কারক লুই ব্রেইল।
- ৪ জানুয়ারি ১৬৪৩ : ইংরেজ গণিতবিদ, পদার্থবিদ, জ্যোতির্বিদ স্যার আইজ্যাক নিউটন।
- ৫ জানুয়ারি ১৯৫৫ : ভারতের পশ্চিবঙ্গের প্রথম নারী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।
- ৯ জানুয়ারি ১৯৪১ : Concert for Bangladesh-এর অন্যতম শিল্পী মার্কিন ফোক গায়িকা জোয়ান বায়েজ।
- ২২ জানুয়ারি ১২৬৩ : ইমাম ইবনে তাইমিয়া (রহ.)।
- ২৩ জানুয়ারি ১৮৯৭ : নেতাজি সুভাষচন্দ্র বসু।
- ২৫ জানুয়ারি ১৮৮২ : ব্রিটিশ লেখিকা ভার্জিনিয়া উলফ।
- ২৭ জানুয়ারি ১৭৫৬ : জার্মান-অস্ট্রিয়ান সঙ্গীত কিংবদন্তী সঙ্গীতজ্ঞ মোৎসার্ট।

## লোকান্তরে


*ইলিয়ট*


*ভিক্টোরিয়া*


*শাহজাহান*


*চার্চিল*

- ৪ জানুয়ারি ১৯৬০ : ফরাসি সাহিত্যিক অ্যালবার্ট কামু।
- ৪ জানুয়ারি ১৯৬৫ : ইংরেজ কবি টি. এস. ইলিয়ট।
- ২২ জানুয়ারি ১৯০১ : ব্রিটিশ রানী ভিক্টোরিয়া।
- ২২ জানুয়ারি ১৯০১ : পঞ্চম মোঘল সম্রাট শাহজাহান।
- ২৩ জানুয়ারি ১৯৮৯ : স্প্যানিশ চিত্রকর সালভাদর দালি।
- ২৪ জানুয়ারি ১৯৬৫ : ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার উইনস্টন চার্চিল।

**পঞ্চগড়** | পাঁচটি গড়ের সমন্বয়ে গঠিত।
গড়সমূহ— রাজনগড়, মিরগড়, ভিতরগড়, দেবেনগড় ও হোসেনগড়।

বদলেছে জীবন, বদলেছে তথ্য, পরিচালিত হয়েছে ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২। পরিবর্তিত তথ্যের প্রেক্ষাপটে বাংলাদেশের ৮টি বিভাগ ও ৬৪টি জেলার নির্বাচনী আসনভিত্তিক ধারাবাহিক পরিচিতি পর্বের প্রথম পর্বে উপস্থাপন করা হলো রংপুর বিভাগ এবং এর ৪টি জেলা— পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর ও নীলফামারীর গুরুত্বপূর্ণ তথ্য। ১২ পর্বের এ আয়োজনে নিজেকে আপডেট রাখতে সাথে থাকুন সবসময়।



# জেলা পরিচিতি

পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর ও নীলফামারী

## রংপুর বিভাগ

- মন্ত্রিসভায় অনমোদন : ১৩ জুলাই ২০০৯।
- প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় নির্বাহী কমিটিতে (নিকার) অনুমোদন : ২৫ জানুয়ারি ২০১০।
- আয়তন : ১৬,১৮৫ বর্গকিলোমিটার।
- জনসংখ্যা : ১,৭৬,১০,৯৫৬ জন।
- জেলা : ৮টি— রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়।
- উপজেলা : ৫৮টি।
- সাক্ষরতার হার : ৪৭.২%।

## পঞ্চগড়

*জেলা ব্র্যান্ডিং*

*উত্তরের প্রবেশদ্বার, সবুজ চায়ের সমাহার*

- প্রতিষ্ঠা
  **১ ফেব্রুয়ারি ১৯৮৪**
- যে নদীর তীরে অবস্থিত
  **করতোয়া**
- মুক্তিযুদ্ধের সেক্টর
  **৬নং সেক্টর**

**সীমা :** পঞ্চগড় জেলার উত্তরে ভারতের দার্জিলিং জেলা, দক্ষিণে ঠাকুরগাঁও ও দিনাজপুর জেলা, পূর্বে নীলফামারী জেলা এবং পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ।

আয়তন : ১,৪০৪.৬২ বর্গকিলোমিটার ◗ থানা : ৫টি ◗ উপজেলা : ৫টি— সদর, বোদা, তেঁতুলিয়া, দেবীগঞ্জ ও আটোয়ারী ◗ পৌরসভা : ৩টি— পঞ্চগড়, বোদা ও দেবীগঞ্জ ◗ ইউনিয়ন : ৪৩টি ◗ গ্রাম : ৮২৫টি।

জনসংখ্যা : ১১,৭৯,৮৪৩ জন ◗ জনসংখ্যার ঘনত্ব : ৮৪০ জন ◗ সাক্ষরতার হার : ৭৩.৫৯%।

উল্লেখ্যযোগ্য নদ-নদী : করতোয়া, আত্রাই, তিস্তা, গোবরা, ডাহুক, মহানন্দা।

উল্লেখ্যযোগ্য ব্যক্তিত্ব : সাবেক রাষ্ট্রপতি ও স্পিকার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার।

ঐতিহাসিক ও দর্শনীয় স্থান : বারো আউলিয়ার মাজার, রকস্ মিউজিয়াম, বাংলাবান্ধা (জিরো পয়েন্ট) প্রভৃতি।

### সংসদীয় আসন ২টি

| আসন নং | নির্বাচনী এলাকা |
|---|---|
| ১. পঞ্চগড়-১ | তেঁতুলিয়া-সদর-আটোয়ারী |
| ২. পঞ্চগড়-২ | বোদা-দেবীগঞ্জ |

## ঠাকুরগাঁও

*জেলা ব্র্যান্ডিং*

ঠাকুরগাঁও
ঐতিহ্য ও সম্ভাবনার জনপদ
Thriving Thakurgaon

- পুরাতন নাম
  **নিশ্চিন্তপুর**
- প্রতিষ্ঠা
  **১ ফেব্রুয়ারি ১৯৮৪**
- যে নদীর তীরে অবস্থিত
  **টাঙ্গন**
- মুক্তিযুদ্ধের সেক্টর
  **৬নং সেক্টর**

**সীমা :** ঠাকুরগাঁও জেলার উত্তরে পঞ্চগড় জেলা, দক্ষিণে দিনাজপুর জেলা ও ভারতের পশ্চিমবঙ্গ, পূর্বে পঞ্চগড় ও দিনাজপুর জেলা এবং পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ।

আয়তন : ১,৭৮১.৭৪ বর্গকিলোমিটার ◗ উপজেলা : ৫টি— সদর, রাণীশংকৈল, বালিয়াডাঙ্গি, হরিপুর ও পীরগঞ্জ ◗ পৌরসভা : ৩টি— ঠাকুরগাঁও, রাণীশংকৈল ও পীরগঞ্জ ◗ ইউনিয়ন : ৫৪টি ◗ গ্রাম : ৬৪১টি।

জনসংখ্যা : ১৫,৩৩,৮৯৪ জন ◗ জনসংখ্যার ঘনত্ব : ৮৬১ জন ◗ সাক্ষরতার হার : ৭৪.৩০%।

উল্লেখ্যযোগ্য নদ-নদী : টাঙ্গন, কুলিক, নাগর।

উল্লেখ্যযোগ্য ব্যক্তিত্ব : মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

ঐতিহাসিক ও দর্শনীয় স্থান : রাজা টংকনাথের বাসভবন, রানীসাগর, রাজভিটা, সানগাঁ শাহী মসজিদ প্রভৃতি।

### সংসদীয় আসন ৩টি

| আসন নং | নির্বাচনী এলাকা |
|---|---|
| ৩. ঠাকুরগাঁও-১ | সদর |
| ৪. ঠাকুরগাঁও-২ | বালিয়াডাংগী-হরিপুর- রাণীশংকৈল (আংশিক) |
| ৫. ঠাকুরগাঁও-৩ | পীরগঞ্জ- রাণীশংকৈল (আংশিক) |

## দিনাজপুর

জেলা ব্র্যান্ডিং

চাল-লিচুতে ভরপুর জেলার নাম দিনাজপুর

- পুরাতন নাম
  **গন্ডোয়ানাল্যান্ড**
- প্রতিষ্ঠা
  **১৭৮৬ সালে**
- যে নদীর তীরে অবস্থিত
  **পুনর্ভবা**
- মুক্তিযুদ্ধের সেক্টর
  **৬নং সেক্টর**

**সীমা :** দিনাজপুর জেলার পূর্বে রংপুর ও নীলফামারী জেলা, পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ, উত্তরে ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা, দক্ষিণে গাইবান্ধা ও জয়পুরহাট জেলা।

আয়তন : ৩,৪৪৪.৩০ বর্গ কিলোমিটার ◗ উপজেলা : ১৩টি— সদর, কাহারোল, ঘোড়াঘাট, বিরল, খানসামা, পার্বতীপুর, হাকিমপুর, বিরামপুর, নবাবগঞ্জ, বোচাগঞ্জ, বীরগঞ্জ, ফুলবাড়ি ও চিরিরবন্দর ◗ পৌরসভা : ৯টি— দিনাজপুর, বিরামপুর, সেতাবগঞ্জ, বীরগঞ্জ, পার্বতীপুর, ঘোড়াঘাট, ফুলবাড়ী, হাকিমপুর ও বিরল ◗ ইউনিয়ন : ১০২টি ◗ গ্রাম : ২,১৩১টি।

জনসংখ্যা : ৩৩,১৫,২৩৮ ◗ জনসংখ্যার ঘনত্ব : ৯৬৩ জন ◗ সাক্ষরতার হার : ৭৬.০৪%।

উল্লেখ্যযোগ্য নদ-নদী : করতোয়া, পুনর্ভবা, আত্রাই, যমুনা, টাঙ্গন।

উল্লেখ্যযোগ্য ব্যক্তিত্ব : সমাজসেবক হাজী মোহাম্মদ দানেশ, চিত্রশিল্পী-ভাস্কর নিতুন কুণ্ড, ফুটবলের জাদুকর আব্দুস সামাদ প্রমুখ।

ঐতিহাসিক ও দর্শনীয় স্থান : কান্তজীউ মন্দির, রামসাগর দিঘী, স্বপ্নপুরী, সীতাকোট বিহার প্রভৃতি।

### সংসদীয় আসন ৬টি

| আসন নং | নির্বাচনী এলাকা |
|---|---|
| ৬. দিনাজপুর-১ | বীরগঞ্জ-কাহারোল |
| ৭. দিনাজপুর-২ | বোচাগঞ্জ-বিরল |
| ৮. দিনাজপুর-৩ | সদর |
| ৯. দিনাজপুর-৪ | খানসামা-চিরিরবন্দর |
| ১০. দিনাজপুর-৫ | পার্বতীপুর-ফুলবাড়ী |
| ১১. দিনাজপুর-৬ | নবাবগঞ্জ-বিরামপুর-হাকিমপুর-ঘোড়াঘাট |


কান্তজীউ মন্দির

## নীলফামারী

জেলা ব্র্যান্ডিং

- প্রতিষ্ঠিত হয়
  **১৯৮৪ সালে**
- যে নদীর তীরে অবস্থিত
  **তিস্তা**
- মুক্তিযুদ্ধের সেক্টর
  **৬নং সেক্টর**

**সীমা :** নীলফামারী জেলার পূর্বে লালমনিরহাট জেলা, পশ্চিমে দিনাজপুর ও পঞ্চগড় জেলা এবং উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, দক্ষিণে রংপুর জেলা।

আয়তন : ১,৫৪৬.৫৯ বর্গ কিলোমিটার ◗ উপজেলা : ৬টি— সদর, কিশোরগঞ্জ, ডোমার, জলঢাকা, ডিমলা ও সৈয়দপুর ◗ পৌরসভা : ৪টি— নীলফামারী, জলঢাকা, সৈয়দপুর ও ডোমার ◗ ইউনিয়ন : ৬০টি ◗ গ্রাম : ৩৬১টি।

জনসংখ্যা : ২০,৯২,৫৬৭ ◗ জনসংখ্যার ঘনত্ব : ১,৩৫৩ জন ◗ সাক্ষরতার হার : ৬৯.১৩%।

উল্লেখ্যযোগ্য নদ-নদী : তিস্তা, ঘাঘট, শিঙ্গীমারী।

উল্লেখ্যযোগ্য ব্যক্তিত্ব : নাট্যব্যক্তিত্ব আসাদুজ্জামান নূর, সঙ্গীতশিল্পী রথীন্দ্রনাথ রায় প্রমুখ।

ঐতিহাসিক ও দর্শনীয় স্থান : নীলসাগর, নীল কুঠি (নীলফামারী সদর), তিস্তা ব্যারেজ, ডিমলা রাজবাড়ি, তিন গম্বুজবিশিষ্ট ভেড়ভেড়ী জামে মসজিদ প্রভৃতি।

### সংসদীয় আসন ৪টি

| আসন নং | নির্বাচনী এলাকা |
|---|---|
| ১২. নীলফামারী-১ | ডোমার-ডিমলা |
| ১৩. নীলফামারী-২ | সদর |
| ১৪. নীলফামারী-৩ | জলঢাকা |
| ১৫. নীলফামারী-৪ | সৈয়দপুর-কিশোরগঞ্জ |

### নীলফামারী নামের উদ্ভব

দুই শতাধিক বছর পূর্বে এ অঞ্চলে নীল চাষের খামার স্থাপন করে ইংরেজ নীলকরেরা। এ অঞ্চলের উর্বর ভূমি নীল চাষের অনুকূল হওয়ায় দেশের অন্যান্য এলাকার তুলনায় নীলফামারীতে বেশি সংখ্যায় নীলকুঠি ও নীল খামার গড়ে ওঠে। উনবিংশ শতাব্দীর শুরুতেই দরাকুটি, ডিমলা, কিশোরগঞ্জ, টেঙ্গনমারী প্রভৃতি স্থানে নীলকুঠি স্থাপিত হয়। সে সময় বৃহত্তর রংপুর অঞ্চলের মধ্যে নীলফামারীতেই বেশি পরিমাণে শস্য উৎপাদিত হতো এখানকার উর্বর মাটির গুণে। সে কারণেই নীলকরদের ব্যাপক আগমন ঘটে এ অঞ্চলে। গড়ে ওঠে অসংখ্য নীল খামার। বর্তমান নীলফামারী শহরের তিন কিলোমিটার উত্তরে পুরাতন রেল স্টেশনের কাছেই ছিল একটি বড় নীলকুঠি। ধারণা করা হয়, স্থানীয় কৃষকদের মুখে ‘নীল খামার’ রূপান্তরিত হয় ‘নীল খামারী’তে। আর এই নীলখামারীর অপভ্রংশ হিসেবে উদ্ভব হয় নীলফামারী নামের।



# বিশ্ব ইজতেমা ইতিহাস ও শিক্ষা

ঢাকার অদূরে টঙ্গীর তুরাগ নদীর তীরে প্রতিবছর অনুষ্ঠিত হয় তাবলীগ জামায়াতের উদ্যোগে মুসলিম জাহানের দ্বিতীয় বৃহত্তম সমাবেশ বিশ্ব ইজতেমা। এ ধারাবাহিকতায় ১৩-১৫ জানুয়ারি এবং ২০-২২ জানুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হবে দুই পর্বের ৫৬তম বিশ্ব ইজতেমা। এ প্রেক্ষাপটে বিশ্ব ইজতেমা ও এর ইতিহাস সম্পর্কে কিছু তথ্য জেনে নিন।

'তাবলীগ' আরবি শব্দ, বালাগ শব্দ থেকে আগত। যার শাব্দিক অর্থ পৌঁছানো, প্রচার করা, প্রসার করা, বয়ান করা, চেষ্টা করা, দান করা ইত্যাদি। পরিভাষায় একজনের অর্জিত জ্ঞান বা শিক্ষা নিজ ইচ্ছা ও চেষ্টার মাধ্যমে অন্যের কাছে পৌঁছানোকে তাবলীগ বলে। বিশ্বনবি (স) এ প্রেক্ষিতে বলেছেন, 'আমার পক্ষ হতে একটিমাত্র বাণী হলেও তা অন্যের কাছে পৌঁছে দাও।' আল কোরআনে দাওয়াতের ওপর সরাসরি ৬৩টি আয়াত নাজিল হয়েছে এবং অসংখ্য হাদিস বর্ণিত হয়েছে। বিদায় হজের সময় রাসূল (স) প্রায় ১ লাখ ২৫ হাজার সাহাবিকে একত্র করে বলেছিলেন '..... অনাগত কালের মানুষের জন্য দ্বীনের পরিচয় বিধৃত আল কোরআন ও সুন্নাহ রেখে গেলাম। এগুলো মানুষের কাছে পৌঁছে দেওয়ার দায়িত্ব তোমাদের। এ দায়িত্বের কারণেই শ্রেষ্ঠ উম্মত হিসেবে তোমাদের বেছে নেওয়া হয়েছে।' এ দায়িত্ব পালনে দাওয়াত ও তাবলীগ অন্যতম সহায়ক ভূমিকা পালন করে।

## বিশ্ব ইজতেমার ইতিহাস

১৯১০ সালে ভারতবর্ষের বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ মাওলানা ইলিয়াছ কান্দলভী (রহ) ভারতের রাজস্থানের মেওয়াত নামক এলাকা থেকে তাবলীগ জামায়াতের কার্যক্রম শুরু করেন। মৃত্যুর আগ পর্যন্ত তিনি নিজেই এ কার্যক্রমের নেতৃত্ব দেন। ১৯৪৪ সালে মাওলানা ইলিয়াছ (রহ)-এর মৃত্যুর পর তার পুত্র মাওলানা ইউসুফ কান্দলভী (রহ) তাবলীগ জামায়াতের দায়িত্বভার গ্রহণ করেন এবং এ সময় শায়খুল হাদিস মাওলানা জাকারিয়া কান্দলভী (রহ) তাবলীগী কার্যক্রমের প্রাণপুরুষে পরিণত হন। মাওলানা এনামুল হাসান (রহ) পরবর্তী সময়ে তাবলীগ জামায়াতের অন্যতম আমির বা নেতা ছিলেন। তিন-চার দশকের মধ্যেই তাবলীগের কার্যক্রম ভারতবর্ষের বিভিন্ন এলাকায় বিস্তার লাভ করে এবং এক পর্যায়ে ভারতের সীমানা ছাড়িয়ে বিশ্বের বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়ে। দিল্লির নিজামউদ্দিন আউলিয়া (রহ)-এর মাজার সংলগ্ন বাংলাওয়ালি মসজিদ তাবলীগ জামায়াতের বিশ্বকেন্দ্র। মাওলানা আব্দুল আজিজ (রহ)-এর মাধ্যমে ১৯৪৪ সালে বাংলাদেশে তাবলীগ জামায়াতের কার্যক্রম শুরু হয়। তিনি ছিলেন বাংলাদেশে তাবলীগ জামায়াতের আজীবন আমির। ১৯৪৬ সালে প্রথম বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হয় বাংলাদেশের তাবলীগের মারকাজ ঢাকার কাকরাইল মসজিদে। পরে ১৯৪৮ সালে ইজতেমা অনুষ্ঠিত হয় চট্টগ্রামের হাজি ক্যাম্পে, ১৯৫৮ সালে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে এবং ১৯৬৫ সালে টঙ্গীর পাগাড়ে। এরপর ১৯৬৬ সালে টঙ্গীর ভবেরপাড়া তুরাগ নদীর তীরে অনুষ্ঠিত হয় বিশ্ব ইজতেমা। ১৯৬৭ সাল থেকে বর্তমান অবধি টঙ্গীর 'কহর দরিয়া' খ্যাত তুরাগ নদীর উত্তর-পূর্ব তীর সংলগ্ন রাজউকের ১৬০ একর জায়গার বিশাল খোলা মাঠে অনুষ্ঠিত হচ্ছে বিশ্ব ইজতেমা। তখন থেকেই বিশ্ব ইজতেমা প্রকৃত অর্থেই বিশ্ব ইজতেমা এবং দেশের সর্ববৃহৎ ধর্মীয় সমাবেশস্থলে পরিণত হয়।

## বিশ্ব ইজতেমার শিক্ষা

ইজতেমার মূল আমল হলো— বয়ান। প্রতিদিন ফজর এবং মাগরিবের নামাজের পর লম্বা সময় নিয়ে বয়ান করা হয়। বয়ানের মূল উদ্দেশ্য মানুষের মধ্যে ঈমানি চেতনা বৃদ্ধি এবং দ্বীনের প্রচার-প্রসারের ভাবনা তৈরি করে তাদেরকে জামায়াতে বের হওয়ার জন্য উৎসাহিত করা। বয়ান শেষে দ্বীনের রাস্তায় বের হওয়া সব জামায়াতের জন্য, সমগ্র বিশ্ববাসীর জন্য, বিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য বিশেষ মোনাজাত করা হয়। আর এই মোনাজাতের মাধ্যমে ইজতেমা শেষ হয়। বিশ্ব ইজতেমা এ শিক্ষাই দেয় যে, ইসলামে পরচর্চা বা গীবত নেই। আত্মসাতের প্রবণতা নেই। মাশ্ওয়ারা বা পরামর্শ অবলম্বন করা, আত্মশুদ্ধি অর্জন করা, আমলের জিন্দেগী তৈরি করা, দুনিয়ার চেয়ে দ্বীনকে প্রাধান্য দেয়া। কথা ও কাজের সমন্বয় ঘটানো, দাওয়াতের কাজ অর্থাৎ, রাসূল (স) যে কাজ করেছেন সে কাজ করা এবং কোরআন ও সুন্নাহভিত্তিক জীবনযাপন করা উচিত।

# রেকর্ড বিশ্ব

## ভিডিও গেম সংগ্রহের বিশ্বরেকর্ড

বিশ্বে সবচেয়ে বেশি ভিডিও গেম সংগ্রহ করে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লিখিয়েছেন যুক্তরাষ্ট্রের টেক্সাসের বাসিন্দা আন্তোনিও রোমেরো মন্টেরো। ৪৫ বছর বয়সী রোমেরোর সংগ্রহে ২৪,২৬৮টি ভিডিও গেম রয়েছে। এসব গেমের বাজারমূল্য ২১ লাখ ডলার। আন্তোনিও রোমেরো সবচেয়ে বেশি এক্স বক্স গেম, সেগা গেম, নিন্টেন্ডো গেম, প্লে স্টেশন গেম এবং ভিডিও গেম সংগ্রহকারী হিসেবে এ রেকর্ড করেন। ১০ বছর বয়স থেকেই ভিডিও গেম সংগ্রহ করেন তিনি। কোনো পরিকল্পনা করে নয়, শখের বশেই এগুলো সংগ্রহ করা হয়েছে।

## হটডগ খেয়ে দম্পতির বিশ্বরেকর্ড

'ক্ষুধার্ত দম্পতি' বা Hungry Couple নামে পরিচিত যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার নিকোলাস ওহেরি ও মিকি সুদো দম্পতি এক মিনিট ও তিন মিনিটে সবচেয়ে বেশি হটডগ খেয়ে বিশ্বরেকর্ড করেন। মিকি আগের রেকর্ড ভেঙে এক মিনিটে ৬টি হটডগ খান। নিকোলাস ওহেরি নিজের আগের রেকর্ড ভেঙে তিন মিনিটে ১২টি হটডগ সাবাড় করেন। তিনি এর আগে তিন মিনিটে ৯টি হটডগ খেয়েছিলেন। একই দিনে মিকি আস্ত একটি বুরিতো মাত্র ৩১ দশমিক ৪৭ সেকেন্ডে খেয়েছেন। এর মধ্য দিয়ে সবচেয়ে দ্রুত বুরিতো (সবজি ও মাংসের পুর দেওয়া বড়সড় একটি রোল, মেক্সিকান খাবার) খাওয়ার নতুন বিশ্বরেকর্ড গড়েন মিকি। আগের রেকর্ডের চেয়ে ০.৮৮ সেকেন্ড কম সময়ে তিনি খাওয়া শেষ করেন। অক্টোবর ২০২২-এ এই রেকর্ড করেন মিকি-নিকোলাস।

## চুলের সজ্জায় বিশ্বরেকর্ড

নানা ঢঙে চুল সাজিয়ে বিশ্বজুড়ে পরিচিতি পেয়েছেন সিরীয় বংশোদ্ভূত হেয়ার স্টাইলিস্ট দানি হিসওয়ানি। সুখ্যাতির ধারাবাহিকতায় এবার দানির নাম উঠেছে বিশ্বরেকর্ডের পাতায়। এক নারীর মাথায় ৯ ফুটের বেশি লম্বা চুল সাজিয়ে এ কীর্তি গড়েন তিনি। সেপ্টেম্বর ২০২২ সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাইয়ে এক নারী মডেলের চুল সাজান দানি। ওই মডেলের মাথায় চুল দিয়ে তিনি আস্ত একটি ক্রিসমাস ট্রি বানান, যা ছিল লম্বায় ২.৯ মিটার বা প্রায় ৯ ফুট ৬.৫ ইঞ্চি। সম্প্রতি গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের আনুষ্ঠানিক স্বীকৃতি পেয়েছেন দানি। তার আগে এত লম্বা করে আর কেউ চুল সাজাননি। তাই বিশ্বের সবচেয়ে লম্বা আকার দিয়ে চুল সাজানোয় দানিকে স্বীকৃতি দেওয়া হয়।



## দীর্ঘতম কানের চুল

ভারতের বাসিন্দা অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক অ্যান্টনি ভিক্টর কানের বড় চুলের জন্য গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম তুলেছেন। তার কানের চুলের মাপ ১৮.১ সেন্টিমিটার (৭.১২ ইঞ্চি), যা এখন পর্যন্ত বিশ্বের দীর্ঘতম কানের চুল। ২০০৭ সালের পর দুই কানের কোনো চুল কাটেননি তিনি। স্থানীয় মানুষের কাছে 'ইয়ার-হেয়ার মাস্টার' নামেই পরিচিত অ্যান্টনি। ১ ডিসেম্বর ২০২২ ইনস্টাগ্রামে অ্যান্টনি ভিক্টরের রেকর্ডের একটি পোস্ট শেয়ার করে গিনেস কর্তৃপক্ষ। এর আগে ২০০৩ সালে রাধাকান্ত বাজপেয়ী নামের এক ব্যক্তিও তার এই বিশেষ বৈশিষ্ট্যের জন্য রেকর্ড করেন।

## বিশ্বের সবচেয়ে ছোটো মানুষ

বিশ্বের সবচেয়ে ছোটো মানুষ হিসেবে নতুন বিশ্বরেকর্ড গড়েন ইরানের আফশিন ইসমায়েল ঘেদারজাদেহ। গিনেজ ওয়ার্ল্ড রেকর্ডসের দেওয়া তথ্য অনুসারে, তার উচ্চতা মাত্র ৬৫.২৪ সেমি বা ২ ফুট ১.৬ ইঞ্চি। এর আগে এই রেকর্ড ছিল কলম্বিয়ার অ্যাডওয়ার্ড হারনান্দেজের। তার উচ্চতা ছিল আফশিনের চেয়ে ৭ সেমি বেশি। ইরানের পশ্চিম আজারবাইজান প্রদেশের বুকান কাউন্টিতে অবস্থিত একটি প্রত্যন্ত গ্রামে বাবা-মার সঙ্গে বাস করেন আফশিন। তিনি কথা বলেন ফার্সি উপভাষা কুর্দি এবং ফার্সি ভাষায়। মাত্র ৭০০ গ্রাম বা ১.৫ পাউন্ড ওজন নিয়ে জন্মগ্রহণ করেন আফশিন। এখন তার ওজন ৬.৫ কেজি বা ১৪.৩ পাউন্ড। বর্তমানে তার বয়স ২২ বছর।



আব্রাহাম লিংকন  যুক্তরাষ্ট্রের ষোড়শ প্রেসিডেন্ট।
একমাত্র মার্কিন প্রেসিডেন্ট, যার নামে পেটেন্ট রয়েছে।

# ভিন্ন খবর

## যুক্তরাজ্যে 'বৃহত্তম' ডাইনোসরের প্রতিরূপ

প্রাচীন পৃথিবীতে পদচারণ করা সম্ভাব্য সবচেয়ে বড় প্রাণীটির কঙ্কালের রেপ্লিকা (প্রতিরূপ) ২০২৩ সালে যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে প্রদর্শিত হতে যাচ্ছে। 'পাতাগোটাইটান' নামে পরিচিত সরোপড জাতের ডাইনোসরের কঙ্কালের অবিকল প্রতিরূপ লন্ডনের ন্যাচারাল হিস্ট্রি মিউজিয়ামে (NHM) প্রদর্শিত হবে। লেজ থেকে নাক পর্যন্ত পাতাগোটাইটানের দৈর্ঘ্য ১১৫ ফুট। জীবদ্দশায় ডাইনোসরটির ওজন ৬০,০০০-৭০,০০০ কেজি ছিল বলে ধারণা করা হয়। ডাইনোসরের কঙ্কালের অবিকল প্রতিরূপটি আর্জেন্টিনার জাদুঘর MEF থেকে ধার করা হয়েছে। জাদুঘরের কর্মীরা ২০১৪ সালে খনন করে এর বিশালাকৃতির ফসিলে পরিণত কঙ্কাল উদ্ধার করেন। ১০ কোটি বছরের পুরনো প্রাণীটির কঙ্কাল উদ্ধারের ঘটনা তখন ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করেছিল।

## বিপর্যয়ের মুখে উড়ন্ত পোকা

যুক্তরাজ্যে আশঙ্কাজনক হারে কমতে শুরু করেছে উড়ন্ত পোকার সংখ্যা। সম্প্রতি এক জরিপে দেখা গেছে, ২০০৪ থেকে ২০২২ সাল পর্যন্ত এ ধরনের পোকার সংখ্যা ৬৪% পর্যন্ত কমেছে। বিষয়টিকে বৃহত্তর প্রাণিজগতের জন্যও উদ্বেগের বলে মনে করা হচ্ছে। কেন্ট ওয়াইল্ডলাইফ ট্রাস্ট ও বাগলাইফের যৌথভাবে চালানো Bugs Matter শীর্ষক গবেষণা প্রতিবেদনে বলা হয়, ২০২১ সালের তুলনায় পোকার সংখ্যা আরো কমেছে। আর দীর্ঘ মেয়াদে তাদের সংখ্যা কমেছে ৫%। গবেষণা বলছে, এ শতাব্দীতে পশ্চিম ইউরোপে উড়ন্ত পোকা এভাবে কমে যাওয়ায় খাদ্যশৃঙ্খল, উদ্ভিদ ও শস্যের পরাগায়ণ তথা সার্বিকভাবে পৃথিবীতে প্রাণের ওপর নেতিবাচক প্রভাব পড়তে পারে।



## ঘুমন্ত ২ আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত

- ১০ ডিসেম্বর ২০২২ দক্ষিণ আমেরিকার দেশ চিলির আন্দিজ পর্বতমালা অংশে অবস্থিত লাসকার আগ্নেয়গিরি জ্বলে উঠে। এর আগে শেষবার লাসকারের পূর্ণ উদ্‌গীরণ হয়েছিল ১৯৯৩ সালে। এরপর ২০০৬ এবং ২০১৫ সালেও জেগে ওঠার ইঙ্গিত মিলেছিল। তবে সেবার পূর্ণমাত্রায় উদ্‌গীরণ হয়নি।
- ২৮ নভেম্বর ২০২২ প্রায় চার দশক পর জেগে উঠেছে পৃথিবীর সবচেয়ে বড় জীবন্ত আগ্নেয়গিরি মাওনা লোয়া (Mauna Loa)। ১৯৮৪ সালে শেষবার যুক্তরাষ্ট্রের হাওয়াই দ্বীপপুঞ্জের এই আগ্নেয়গিরি থেকে লাভা নির্গত হয়েছিল। এরপর সক্রিয় থাকলেও অগ্ন্যুৎপাত ঘটায়নি মাওনা লোয়া। হাওয়াই দ্বীপপুঞ্জের প্রায় অর্ধেক জুড়ে আছে এই মাওনা লোয়া আগ্নেয়গিরি। ১৮৪৩ – ১৯৮৪ সালের মধ্যে মাওনা লোয়া ৩৩ বার অগ্ন্যুৎপাত ঘটায়।

## ১০ কোটি বছর আগের পেসিওসরের সন্ধান

১০ কোটি বছর আগের দৈত্যাকারের সামুদ্রিক সরীসৃপ প্রাণী পেসিওসরের কঙ্কাল পাওয়া গেছে অস্ট্রেলিয়ায়। ৬ মিটার বা ১৯ ফুট লম্বা মাঝারি বয়সের লম্বা-গলাযুক্ত পেসিওসরের দেহাবশেষ ২০২২ সালের আগস্ট মাসে দেশটির পশ্চিম কুইন্সল্যান্ড আউটব্যাকের একটি গবাদি পশু স্টেশনের কাছে দেখতে পায় শিকারিরা। অস্ট্রেলিয়ার এই অঞ্চলটি এক সময় সমুদ্র ছিল। সেখানে পানির নিচে ঘুরে বেড়াত বিশাল বিশাল প্রাণী। কালের বিবর্তনে সেটি এখন শুষ্ক সমতল ভূমি। আর সেখানে ঘুরে বেড়ায় মানুষ। গবেষকরা এ প্রাণীর অক্ষত ফসিল দেখে সত্যিই খুব অবাক হয়েছেন।



পেসিওসর একটি সরীসৃপ প্রাণী। অর্থাৎ এরা বুকের ওপর ভর করে চলে। এদের গলা জিরাফের গলার মতো লম্বা, আর দেহ ও পাখনা দেখতে সামুদ্রিক কচ্ছপের মতো। দেহ আর পাখনা কচ্ছপের মতো হলেও, পেসিওসরের আকার বিশাল আর তাদের খোলসও নেই। এরা দৈর্ঘ্যে প্রায় ৫০ ফুট পর্যন্ত হতে পারত। অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ডে পাওয়া এই প্রাণীটি লম্বায় প্রায় ২২ ফুট।

# বিচিত্র সংবাদ

## গব্লিন মোড
## অক্সফোর্ড ডিকশনারির বর্ষসেরা শব্দ

প্রতি বছর একটি করে 'সেরা শব্দ' ঘোষণা করে অক্সফোর্ড ডিকশনারি কর্তৃপক্ষ। তারই ধারাবাহিকতায় ২০২২ সালের সেরা শব্দের খেতাব পেয়েছে 'গবলিন মোড'।




মূলত লোভী, অলস, অপরিচ্ছন্ন, আত্মকেন্দ্রিক বা সামাজিক নিয়মনীতিকে প্রত্যাখ্যান করে— এ ধরনের মানুষের ক্ষেত্রে ব্যবহৃত হয় গবলিন মোড শব্দটি। এবারই ইতিহাসে প্রথমবারের মতো বছরের সেরা শব্দ নির্বাচনের ক্ষেত্রে অক্সফোর্ড ভোটের আয়োজন করে। তাতে তিন লাখেরও বেশি মানুষ অংশ নেন। এর মধ্যে ৯৩ শতাংশ ভোটে জয়ী হয় 'গবলিন মোড'। আর বাকি ৪ শতাংশ ভোট পড়ে 'মেটাভার্স' শব্দে।

## Bachelor's Handbag
## বছরের নতুন শব্দগুচ্ছ

অস্ট্রেলিয়ায় সাধারণ মানুষের ভোটের মাধ্যমে ২০২২ সালে নতুন ইংরেজি শব্দগুচ্ছ Bachelor's Handbag ম্যাকুয়ারি ডিকশনারিতে যুক্ত করা হয়। এটি একটি বিশেষ্য পদ। সাধারণত হাস্যরসিকতা করার সময় এ শব্দগুচ্ছ ব্যবহার করা হয়। এর অর্থ— এমন একটি প্রক্রিয়াজাত করা মুরগির মাংস, যা সরাসরি খাওয়া যায়। খাওয়ার আগে রান্না কিংবা বাড়তি কোনো আয়োজন করতে হয় না। অস্ট্রেলিয়ার বিভিন্ন দোকানে প্লাস্টিকের ছোট ব্যাগে মোড়ানো মুরগির মাংস পাওয়া যায়। এটি সহজে বহন করা যায়। তাই যারা একা বসবাস করেন, তাদের কাছে এটি বেশ জনপ্রিয়।

## প্রবীণ কচ্ছপ জনাথন

বিশ্বের সবচেয়ে বয়স্ক জীবিত কচ্ছপ এবং একই সঙ্গে বিশ্বের সবচেয়ে বয়স্ক স্থলচর প্রাণী জনাথন। তার বসবাস দক্ষিণ আটলান্টিকের সেন্ট হেলেনা দ্বীপে। ২০২২ সালে কচ্ছপটি পা দেয় ১৯০ বছরে। ধারণা করা হয়, জনাথনের জন্ম ১৮৩২ সালের দিকে। ১৮৮২ সালে সেশেলস থেকে স্যার উইলিয়াম গ্রে-উইলসনের উপহার হিসেবে সেটিকে সেন্ট হেলেনায় আনা হয়েছিল।

## ১৮০ দিনে পৃথিবী প্রদক্ষিণ

ব্রিটিশ দম্পতি লরা মাসে ও স্টিভ মাসে ৫ জুন ২০২২ ট্যানডেম সাইকেলে করে জার্মানির বার্লিন থেকে যাত্রা শুরু করে ১৮০ দিনে পৃথিবীর চারপাশ ঘুরে ১ ডিসেম্বর ২০২২ আবার বার্লিনে ফিরে আসেন। এ কাজ করতে তাদের ২১টি দেশের ওপর দিয়ে যেতে হয়। সাইকেলে করে তারা পাড়ি দেন ২৮,৯৬৮ কিলোমিটার। এর আগে ক্যাট ডিক্সন ও রাজ মার্সডেন নামের দুই নারীর ২৬৩ দিন ৮ ঘণ্টা ৭ মিনিটে ট্যানডেম সাইকেলে করে পৃথিবীর চারপাশে ঘোরার রেকর্ড আছে। অপরদিকে পুরুষেরা একই রেকর্ড করেন ২৮১ দিন ২২ ঘণ্টা ২০ মিনিটে। একজন নারী ও একজন পুরুষ মিলে ট্যানডেম সাইকেলে করে বিশ্ব ঘোরার নতুন রেকর্ড গড়েন লরা মাসে ও স্টিভ মাসে।

## বিশ্বের সবচেয়ে সরু টাওয়ার

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের 'স্ট্যানওয়ে টাওয়ার' বিশ্বের সবচেয়ে সরু বহুতল ভবন হিসেবে রেকর্ড সৃষ্টি করেছে।



বিশ্বের সবচেয়ে শক্তিশালী কংক্রিট দিয়ে তৈরি করা হয়েছে এই আকাশচুম্বী টাওয়ার। বিশ্বের সবচেয়ে পাতলা বিল্ডিং (thinnest tower of world) এটি। ৮৪তলা বিশিষ্ট এই টাওয়ারটি ১,৪২৮ ফুট উঁচু এবং ৫৭ ফুট চওড়া। উচ্চতার পরিমাপে নিউইয়র্কের সবচেয়ে উঁচু বহুতল সেন্ট্রাল পার্ক টাওয়ারের পরেই রয়েছে 'স্ট্যানওয়ে টাওয়ার'। নিউইয়র্কের ম্যানহাটন শহরের প্রাণকেন্দ্রে প্রায় ৫৩,০০০ বর্গমিটার এলাকাজুড়ে নির্মিত হয়েছে এটি। টাওয়ারটি প্রায় ৩৮,০০০ ঘনমিটার কংক্রিট দিয়ে তৈরি করা হয়। স্ট্যানওয়ে টাওয়ারের একটি ফ্ল্যাটের মূল্য ১০০ কোটি ডলার (বাংলাদেশি মুদ্রায় আনুমানিক ১০,০০০ কোটি টাকার বেশি)। যে জমির উপর টাওয়ারটি বানানো হয়েছে তার দৈর্ঘ্য এবং বহুতলের উচ্চতার অনুপাত ১:২৪।

কুইজ ৪

www.globalaffairs.com.bd

গ্লোবাল অ্যাফেয়ার্স

সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

## গ্লোবাল অ্যাফেয়ার্স পড়ুন, তথ্য শিখুন কুইজ জিতুন

প্রিয় পাঠক

কুইজে অংশ নিতে আপনার উত্তর এবং ঠিকানা লিখে পৃষ্ঠাটি পাঠিয়ে দিন ২০ জানুয়ারি ২০২৩-এর মধ্যে **গ্লোবাল অ্যাফেয়ার্স**-এর ঠিকানায় অথবা ই-মেইলে। পরবর্তী সংখ্যায় ভাগ্যবান তিন বিজয়ীর নাম প্রকাশ করা হবে এবং বিজয়ীর ঠিকানায় পৌঁছে দেয়া হবে **১,০০০ টাকার প্রাইজবন্ড**। ছয় মাসে ছয়টি কুইজের সঠিক উত্তরদাতাদের নিয়ে মেগা ড্র অনুষ্ঠিত হবে। মেগা ড্র বিজয়ী একজনকে দেয়া হবে **একটি আকর্ষণীয় স্মার্ট ফোন**।

প্রশ্ন-১ : 'September on Jessore Road' কবিতাটির কবি কে?

**উত্তর** : ______________________

প্রশ্ন-২ : অপারেশন সার্চলাইটে ব্যবহৃত বঙ্গবন্ধুর Code Name কী?

**উত্তর** : ______________________

প্রশ্ন-৩: V-20 গ্রুপ কোন বিষয়ের সাথে সম্পর্কিত?

**উত্তর** : ______________________

প্রশ্ন-৪ : বিশ্বের রুটির ঝুড়ি বলা হয় কোন দেশকে?

**উত্তর** : ______________________

প্রশ্ন-৫ : বিশ্বকাপ ফুটবল ২০২২-এর গোল্ডেন বুট লাভ করেন কে?

**উত্তর** : ______________________

নাম : ______________________

ঠিকানা : ______________________

মোবাইল নং : ______________ ই-মেইল : ______________

**কুইজ পাঠানোর ঠিকানা**

গ্লোবাল অ্যাফেয়ার্স কুইজ-০৪
জামান টাওয়ার, ৩য় তলা, ৩৭/২ কালভার্ট রোড, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
ই-মেইল : quiz@globalaffairs.com.bd

### কুইজ-৩ এর উত্তর

১. মেজর জেনারেল জামশেদ; ২. শার্ম আল-শেখ, মিশর; ৩. ৮০০ কোটি; ৪. এনার ভ্যালেন্সিয়া; ৫. ঘানিম আল মুফতাহ।

### কুইজ-৩ এর বিজয়ী



**তাওহীদ আলম**
গৌরীপুর বাজার, দাউদকান্দি কুমিল্লা।



**সুলতানা উম্মে হাবীবা**
জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট।



**মো. আমিহান**
আইন বিভাগ, তৃতীয় বর্ষ কুমিল্লা বিশ্ববিদ্যালয়।